25. মেয়েটি কী কারণে আয়নার সামনে গিয়ে চাদরখানা খোলে?
Ⓐ সাজগোজ করে তাকে কেমন দেখাচ্ছিল তা দেখার জন্য
Ⓑ নিজেকে গৌরবমণ্ডিত রূপে শেষবারের মতো দেখার জন্য
Ⓒ তার সুন্দর পোশাকটি দেখার জন্য
Ⓓ হারটি শেষবারের মতো দেখার জন্য Ans Ⓑ

26. কনভেন্ট-এর বান্ধবীর সঙ্গে দেখা করে এসে মাদাম লোইসেল সারাদিন কাঁদত কেন?
Ⓐ নিজ দুর্ভোগের কথা ভেবে Ⓑ পুরনো দিনের কথা মনে করে
Ⓒ বান্ধবীর সাথে ঝগড়া করে Ⓓ বান্ধবীর সাথে রাগ করে Ans Ⓐ

27. মাদাম লোইসেলের পুরো নাম কী?
Ⓐ মাতিলদা লোইসেল Ⓑ নাতালিয়া লোইসেল
Ⓒ তিয়ানা Ⓓ তিয়ানোভস্কি Ans Ⓐ

28. 'সে ছিল চমৎকার এক সুন্দরী তরুণী।' উদ্ধৃত অংশে কার সম্পর্কে বলা হয়েছে?
Ⓐ জেনি Ⓑ মাদাম লোইসেল
Ⓒ ফোরস্টিয়ার Ⓓ মাদাম রেমপন্নু Ans Ⓑ

29. 'এর চেয়ে ভালো কিছু আমি চাই না।' উদ্ধৃত অংশে মাদাম লোইসেলের প্রতি তার স্বামীর কী প্রকাশ পেয়েছে?
Ⓐ বিরক্তি Ⓑ অভিমান Ⓒ ভালোবাসা Ⓓ শ্রদ্ধা Ans Ⓒ

30. মাদাম লোইসেলের স্বামীর বন্দুক কেনার জন্য কত টাকা সঞ্চয় করা ছিল?
Ⓐ চারশত ফ্রাঁ Ⓑ পাঁচশত ফ্রাঁ
Ⓒ চার হাজার ফ্রাঁ Ⓓ পাঁচ হাজার ফ্রাঁ Ans Ⓐ

31. 'আমার কোনো মণিমুক্তা, একটি দামি পাথর কিছুই নেই যা দিয়ে আমি নিজেকে সাজাতে পারি।' এ উক্তিটিতে কী নিহিত রয়েছে?
Ⓐ আকাঙ্ক্ষা Ⓑ অক্ষমতা Ⓒ উচ্চাশা Ⓓ প্রতিহিংসা Ans Ⓒ

32. 'ভাই, যা ইচ্ছা এখান থেকে নাও।' উদ্ধৃত অংশ ফোরস্টিয়ার কাকে বলছে?
Ⓐ মাদাম লোইসেলের স্বামীকে Ⓑ মাদাম লোইসেলকে
Ⓒ ব্রেটন Ⓓ মাদাম রেমপন্নুকে Ans Ⓑ

33. 'তার দাম দিতে দশ বছর লেগেছে।' এখানে কীসের দাম সম্পর্কে বলা হয়েছে?
Ⓐ হার Ⓑ পোশাক Ⓒ জুতো Ⓓ আংটি Ans Ⓐ

34. অনুষ্ঠানে ভদ্রলোকের স্ত্রীদের আচরণ কেমন ছিল?
Ⓐ খুব বেশি খুশিতে মত্ত ছিল Ⓑ খুব বেশি ফুর্তিতে মত্ত ছিল
Ⓒ নেশায় আবেগাপ্লুত ছিল Ⓓ খুব খারাপ ছিল Ans Ⓑ

35. কতক্ষণ পর্যন্ত মাদাম লোইসেলের স্বামী বিশ্রামকক্ষে ছিল?
Ⓐ মধ্যরাত্রি পর্যন্ত Ⓑ সন্ধ্যা পর্যন্ত Ⓒ সারারাত Ⓓ ভোর পর্যন্ত Ans Ⓐ

36. বল নাচের সঙ্গে কীসের দারিদ্র্য পরিস্ফুট হয়ে উঠেছিল?
Ⓐ আটপৌরে চাদরের Ⓑ পুরোনো গহনার
Ⓒ সাধারণ পোশাক Ⓓ সাধারণ জুতোর Ans Ⓐ

37. 'প্রত্যেক মাসেই দলিল বদল করতে হয়।' 'নেকলেস' গল্পে এ বাক্যের সঙ্গে কোনটি সম্পৃক্ত?
Ⓐ বন্ধক Ⓑ ক্রয় Ⓒ বিক্রয় Ⓓ জমি বায়না Ans Ⓐ

38. মর্গিয়ে লোইসেল কাকে চিঠি লিখতে বলেছিল?
Ⓐ মাদাম ফোরস্টিয়ারকে Ⓑ রেমপন্নুকে
Ⓒ পুলিশকে Ⓓ জর্নাশক্কামাকে Ans Ⓐ

39. লোইসেল দম্পতি কখন হার পাওয়ার আশা ত্যাগ করলো?
Ⓐ দুই দিন পর Ⓑ এক সপ্তাহ পর
Ⓒ দুই সপ্তাহ পর Ⓓ এক মাস পর Ans Ⓑ

40. 'হীরার নেকলেসটি' কত ফ্রাঁ দিয়ে কেনা হয়েছিল?
Ⓐ তেতাল্লিশ হাজার Ⓑ ত্রিশ হাজার
Ⓒ ছত্রিশ হাজার Ⓓ চৌত্রিশ হাজার Ans Ⓒ

41. স্বর্ণকারের কাছ থেকে লোইসেল দম্পতি কতদিন সময় নিয়েছিল?
Ⓐ দুই Ⓑ তিন Ⓒ চার Ⓓ পাঁচ Ans Ⓑ

42. কোন মাসের আগে যদি হারটি খুঁজে পাওয়া যায় তবে চৌত্রিশ হাজার ফ্রাঁ দিয়ে লোইসেল দম্পতি ফেরত পাবে?
Ⓐ জানুয়ারি Ⓑ ফেব্রুয়ারি
Ⓒ মার্চ Ⓓ আগস্ট Ans Ⓑ

43. লোইসেল তার বাবার মৃত্যুর পর কত হাজার ফ্রাঁ পেয়েছিল?
Ⓐ ষোলো হাজার Ⓑ পনেরো হাজার
Ⓒ আঠারো হাজার Ⓓ উনিশ হাজার Ans Ⓒ

44. 'ওটা আরও আগে তোমায় ফেরত দেওয়া উচিত ছিল।' উক্তিটি কার?
Ⓐ রেমপন্নুর Ⓑ মাদাম ফোরস্টিয়ার
Ⓒ স্বর্ণকার Ⓓ লোইসেলের Ans Ⓑ

45. দেনা পরিশোধ করতে লোইসেল দম্পতির কয় বছর কেটে গেল?
Ⓐ ছয় Ⓑ দশ Ⓒ বারো Ⓓ চৌদ্দ Ans Ⓑ

46. মাদাম ফোরস্টিয়ারের সঙ্গে চামপ্স এলিসিসে মাদাম লোইসেলের কী বারে দেখা হয়েছিল?
Ⓐ মঙ্গলবার Ⓑ শনিবার Ⓒ রবিবার Ⓓ সোমবার Ans Ⓒ

47. স্বামী অফিসে থাকলে মাদাম লোইসেল কী ভাবে?
Ⓐ দেনা কেমন করে হলো সে কথা Ⓑ বিগত দিনের সেই অনুষ্ঠানের কথা
Ⓒ স্বামীর কথা Ⓓ হীরের গহনার কথা Ans Ⓑ

48. 'সুপ্রভাত জেনি।' বাক্যটিতে 'জেনি' বলে কাকে সম্বোধন করা হয়?
Ⓐ মাদাম রেমপন্নুর Ⓑ লোইসেল
Ⓒ মাদাম ফোরস্টিয়ার Ⓓ মেরি Ans Ⓒ

49. 'বল' নাচ কী?
Ⓐ খ্রিস্টানদের নারী কর্তৃক রচিত অনুষ্ঠান Ⓑ বিনোদনমূলক সামাজিক অনুষ্ঠান
Ⓒ বিবাহ উৎসবের অনুষ্ঠান Ⓓ নবদম্পতিদের অনুষ্ঠান Ans Ⓑ

50. 'থামো, তোমার ঠান্ডা লেগে যাবে ওখানে।' উক্তিটি কার?
Ⓐ মাদাম লেইসেলের Ⓑ মাদাম লোইসেলের স্বামীর
Ⓒ মাদাম ফোরসাটিয়ারের Ⓓ জেনির Ans Ⓑ

51. লোইসেল দম্পতি তাদের হারানো হারের অনুরূপ হার কোথায় দেখতে পেল?
Ⓐ হোয়াইট প্যালেসে Ⓑ প্যালেস রয়েলে
Ⓒ প্যালেস হিলে Ⓓ স্বর্ণকারের দোকানে Ans Ⓑ

52. মাদাম লোইসেল এক রবিবারে চামপস্-এলিসিস- এ ঘুরে বেড়াচ্ছিল কেন?
Ⓐ বায়ু পরিবর্তনের জন্য Ⓑ দুশ্চিন্তা দূর করার জন্য
Ⓒ স্বামীকে ভুলে থাকার জন্য Ⓓ চাকরির জন্য Ans Ⓑ

পদ্যাংশ
অধ্যায় ১

সোনার তরী রবীন্দ্রনাথ ঠাকুর

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **জন্ম :** ৭ মে ১৮৬১ খ্রি. (২৫ বৈশাখ ১২৬৮), জোড়াসাঁকো, কলকাতা, ভারত।
- **পিতা :** মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর।
- **মাতা :** সারদা দেবী।
- **পিতামহ :** প্রিন্স দ্বারকানাথ ঠাকুর।
- **পিতামহী :** দিগম্বরী দেবী। **শিক্ষাজীবন :** রবীন্দ্রনাথ বাল্যকালে ওরিয়েন্টাল সেমিনারি স্কুল, নর্মাল স্কুল, বেঙ্গল একাডেমি, সেন্ট জেভিয়ার্স স্কুল প্রভৃতি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করলেও স্কুলের পাঠ শেষ করতে পারেননি। ১৭ বছর বয়সে ব্যারিস্টারি পড়তে ইংল্যান্ড গেলেও কোর্স সম্পন্ন করা সম্ভব হয়নি। অসামান্য প্রতিভার অধিকারী বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর আধুনিক বাংলা কবিতার প্রাণপুরুষ। তাঁর সাহিত্যসাধনার একটি বৃহৎকাল বাংলা সাহিত্যের 'রবীন্দ্রযুগ' নামে পরিচিত।
- **ছদ্মনাম :** ভানুসিংহ ঠাকুর, আন্নাকালী পাকড়াশী।
- **বিবাহ :** মাত্র ২২ বছর বয়সে খুলনার দক্ষিণ ডিহি গ্রামের মেয়ে ভবতারিণী দেবীর সঙ্গে ১৮৮৩ সালে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। পরে ভবতারিণী দেবীর নাম বদলে রাখা হয় মৃণালিনী দেবী।
- **নোবেল পুরস্কার লাভ :** তিনি ১৯১৩ সালের নভেম্বরে 'Song Offerings' এর জন্য নোবেল পুরস্কার পান। 'Song offerings' গ্রন্থে মোট ১৫৭টি কবিতা ও গান রয়েছে। নোবেল পুরস্কারপ্রাপ্ত প্রথম ভারতীয় ও এশীয় ব্যক্তি তিনি।
- **প্রথম অনুবাদক :** বাংলায় টি.এস.এলিয়টের কবিতার প্রথম অনুবাদক রবীন্দ্রনাথ ঠাকুর।
- রবীন্দ্রনাথ ঠাকুরের 'শব্দতত্ত্ব' গ্রন্থটি যে বিষয় নিয়ে লেখা– **ধ্বনিবিজ্ঞান**।
- 'মানুষের উপর বিশ্বাস হারানো পাপ।' উক্তিটি আছে– **'সভ্যতার সংকট' প্রবন্ধে**।
- রবীন্দ্রনাথ তাঁর যে রচনাটি সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন– **তাসের দেশ**।
- কবিগুরুর রাজনৈতিক উপন্যাস– **গোরা**।
- 'বাংলাদেশের জাতীয় সংগীত' রবীন্দ্রনাথের– **'গীতবিতান' গ্রন্থের স্বরবিতান অংশভুক্ত**।
- জাতীয় সংগীত সর্বপ্রথম প্রকাশিত হয়– **বঙ্গদর্শন পত্রিকায়**।
- রবীন্দ্রনাথ ঠাকুর বাংলাদেশে এসেছিলেন– **দুইবার**।
- রবীন্দ্রনাথের মৃত্যুর পর প্রকাশিত শেষ কাব্যগ্রন্থ– **শেষলেখা (১৯৪১)**।
- ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে লেখা চিঠির সমাহার– **ছিন্নপত্র (প্রকাশ : ১৯১২)**।
- বাংলা সাহিত্যে প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস– **চোখের বালি (১৯০৩)**।
- কাজী নজরুল রবীন্দ্রনাথকে উৎসর্গ করেন– **কাব্যরচনার শ্রেষ্ঠ সমাহার 'সঞ্চিতা'**।
- রবীন্দ্রনাথের গুরু হিসেবে খ্যাত– **বিহারীলাল চক্রবর্তী**।
- বিহারীলালকে বাংলা কাব্যের 'ভোরের পাখি' বলেছেন– **রবীন্দ্রনাথ ঠাকুর**।
- 'মানুষ যা চায় ভুল করে চায়, যা পায় তা চায় না' উক্তিটি– **রবীন্দ্রনাথ ঠাকুরের**।
- 'কাদম্বিনী মরিয়া প্রমাণ করিল সে মরে নাই' উক্তিটি– **রবীন্দ্রনাথ ঠাকুরের। (গল্প : জীবিত ও মৃত)**
- তাঁর সাহিত্য সাধনার সময়টা– **রবীন্দ্র যুগ (১৯০০-১৯৩০)** হিসেবে পরিচিত।
- প্রথম গ্রামীণ ক্ষুদ্রঋণ ও গ্রাম উন্নয়ন প্রকল্প প্রতিষ্ঠা করেন– **রবীন্দ্রনাথ ঠাকুর**।
- রবীন্দ্রনাথ চিত্রচর্চা আরম্ভ করেন– **ষাটোত্তর বয়সে লেখার কাটাকুটি থেকে**।
- 'সোনার তরী' প্রকাশিত হয়– **১৮৯৪ সালে**।

সাহিত্যকর্ম

- **কাব্যগ্রন্থ :** কবি কাহিনীর বনফুল বুলাকা ও শ্যামলী বাল্মীকী মহুয়ার নবজাতক কল্পনার জন্মদিন উপলক্ষে শৈশবের (শৈশব সংগীত) প্রভাতে (প্রভাত সংগীত) সানাই বাজিয়ে সন্ধ্যা সঙ্গীতের আয়োজন করে। বীথিকা, কড়ি ও কোমল নিয়ে সেঁজুতিতে সোনার তরী নামক খেয়ায় চিত্রা নদী পার হয়ে জানতে পারলো মানসী রোগসজ্জায় থাকলেও চৈতালীতে আরোগ্য হয়ে ক্ষণিকের জন্য স্মরণ করল পুনশ্চ গীতাঞ্জলি শেষলেখা কে।
- **নাটক :** অচলায়তন, চিরকুমার সভা, ডাকঘর, মুকুট, মুক্তির উপায়, রক্তকরবী, রাজা প্রভৃতি।
- **প্রবন্ধগ্রন্থ :** বিচিত্র প্রবন্ধ, শিক্ষা, শব্দতত্ত্ব, কালান্তর, সভ্যতার সংকট।
- **ভ্রমণকাহিনি :** জাপানযাত্রী, পথের সঞ্চয়, পারস্যে, রাশিয়ার চিঠি, য়ুরোপ যাত্রীর ডায়েরী, য়ুরোপ প্রবাসীর পত্র।
- **পত্র সাহিত্য :** ছিন্নপত্র, ভানুসিংহ ঠাকুরের পদাবলী, চিঠিপত্র।
- **নৃত্যনাট্য :** শ্যামা মালিনী নৃত্যনাট্য তৈরির জন্য চিত্রাঙ্গদা এবং চণ্ডালিকাকে বেছে নিল।
- **ভ্রমণকাহিনি :** জাপানের যাত্রীরা রাশিয়ার চিঠি পড়ে ইউরোপ সম্পর্কে জানতে পারল।

কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

- **উৎস ও সারসংক্ষেপ :** 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম-কবিতা। শতাধিক বছর ধরে এ কবিতা বিপুল আলোচনা ও নানামুখী ব্যাখ্যায় নতুন নতুন তাৎপর্যে অভিষিক্ত। একই সঙ্গে, কবিতাটি গূঢ় রহস্য ও শ্রেষ্ঠত্বেরও স্মারক। মহৎ সাহিত্যের একটি বিশেষ গুণ হলো কালে কালে নতুন দৃষ্টিভঙ্গি ও বিবেচনার আলোকে তার শ্রেষ্ঠত্ব নিরূপিত হতে থাকে। বাংলা কবিতার ইতিহাসে "সোনার তরী" তেমনি আশ্চর্যসুন্দর এক চিরায়ত আবেদনবাহী কবিতা।

  একটি ছোট ক্ষেত। চারপাশে প্রবল স্রোতের বিস্তার। সোনার ধান নিয়ে একলা কৃষক। অবলীলায় তরী বেয়ে আসা নেয়ে– এ কয়েকটি চিত্রকল্প ও সেগুলোর অনুষঙ্গে রচিত এক অনুপম কবিতা 'সোনার তরী'। কবিতাটিতে দেখা যায়, চারপাশের প্রবল স্রোতের মধ্যে জেগে থাকা দ্বীপের মতো ছোটো একটি ধানক্ষেতে উৎপন্ন সোনার ধানের সম্ভার নিয়ে অপেক্ষারত নিঃসঙ্গ এক কৃষক। আকাশের ঘন মেঘ আর ভারী বর্ষণে পাশের খরস্রোতা নদী হয়ে উঠেছে হিংস্র। চারিদিকের 'বাঁকা জল' কৃষকের মনে সৃষ্টি করেছে ঘনঘোর আশঙ্কা। এরকম এক পরিস্থিতিতে ওই খরস্রোতা নদীতে একটি ভরাপাল সোনার নৌকা নিয়ে বেয়ে আসা এক মাঝিকে দেখা যায়। উৎকণ্ঠিত কৃষক নৌকা কূলে ভিড়িয়ে তার উৎপাদিত সোনার ধান নিয়ে যাওয়ার জন্য মাঝিকে সকাতরে মিনতি জানালে ওই সোনার ধানের সম্ভার নৌকায় তুলে নিয়ে মাঝি চলে যায়। ছোট নৌকা বলে স্থান সংকুলান হয় না কৃষকের। শূন্য নদীর তীরে আশাহত কৃষকের বেদনা গুমড়ে মরে।

  এ কবিতায় নিবিড়ভাবে মিশে আছে কবির জীবনদর্শন। মহাকালের স্রোতে জীবন-যৌবন ভেসে যায়, কিন্তু বেঁচে থাকে মানুষেরই সৃষ্ট সোনার ফসল। তার ব্যক্তিসত্তা ও শারীরিক অস্তিত্বকে নিশ্চিতভাবে হতে হয় মহাকালের নিষ্ঠুর কালগ্রাসের শিকার।
- **প্রথম লাইন–** গগনে গরজে মেঘ, ঘন বরষা।
- **শেষ লাইন–** যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।
- **ছন্দ :** 'সোনার তরী' কবিতাটি ৮ মাত্রার মাত্রাবৃত্ত ছন্দে রচিত। পূর্ণ পর্ব ৮ মাত্রার, অপূর্ণ পর্ব ৫ মাত্রার। আপাতভাবে কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত বলে মনে হয়। কিন্তু সর্বশেষ স্তবকের 'শূন্য' শব্দটি বুঝিয়ে দেয় কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দের। 'শূন্য' মাত্রাবৃত্তে ৩ মাত্রা। সে হিসেবে 'শূন্য নদীর তীরে' ৮ মাত্রার পর্ব অক্ষরবৃত্ত ছন্দ হলে ১ মাত্রা কম পড়ত।

CamScanner

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'তরুছায়ামসী-মাখা'-এই শব্দবন্ধে 'মসী' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [GST-B : 22-23]
Ⓐ ছুরি Ⓑ কলম Ⓒ কালো রং Ⓓ সবুজাভ
Solve Ⓒ 'সোনার তরী' কবিতায় ব্যবহৃত 'মসী' শব্দের প্রকৃত অর্থ : কলম হলেও কবিতায় কলমের কালো কালি বা কালচে রঙের মতো অর্থে ব্যবহৃত হয়েছে।

02. 'আমারি সোনার ধানে গিয়েছে ভরি।'-এখানে 'সোনার ধান' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [GST-B : 22-23]
Ⓐ তুচ্ছার্থে Ⓑ বৃহদার্থে Ⓒ ব্যঞ্জনার্থে Ⓓ সাধারণ অর্থে
Solve Ⓒ 'সোনার তরী' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম-কবিতা। এ কবিতায় অন্তর্লীন হয়ে আছে একটি গভীর জীবনদর্শন। মহাকালের চিরন্তন স্রোতে মানুষ টিকে থাকতে পারে না, কেবল টিকে থাকে তার সৃষ্ট সোনার ফসল। কবিতাটিতে ব্যবহৃত সোনার ধান শব্দের অর্থ কৃষকের শ্রেষ্ঠ ফসল। ব্যঞ্জনার্থে শিল্পস্রষ্টা কবির সৃষ্টিসম্ভার।

03. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত শেষ ছোটগল্পটির নাম কী? [KU-B : 19-20]
Ⓐ ভিখারিনী Ⓑ মুসলমানীর গল্প Ⓒ শেষলেখা Ⓓ ল্যাবরেটরি
Solve Ⓑ 'মুসলমানীর গল্প' রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনের শেষ গল্প। মৃত্যুর কয়েক সপ্তাহ আগে ২৪-২৫ জুন ১৯৪১, বাংলা আষাঢ় ১৩৬২ তে রচিত। এ গল্পের প্রধান রচিত্র হবির খাঁ। এ গল্পের ভরকেন্দ্রে রয়েছে বর্ণ হিন্দুদের জাতপাতের সমালোচনার সঙ্গে মুসলমানদের উদারতার কথা।

04. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? [IU-B : 19-20]
Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ অমিত্রাক্ষর
Solve Ⓑ 'সোনার তরী' কবিতাটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যের নাম কবিতা। কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত। এ কবিতার অধিকাংশ পঙ্‌ক্তি বিন্যস্ত হয়েছে ৮ + ৫ মাত্রার পূর্ণপর্বে।

05. রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার লাভ করেন কোন কাব্যগ্রন্থের জন্য? [JKKNIU-E : 19-20]
Ⓐ সঞ্চয়িতা Ⓑ বলাকা Ⓒ গীতাঞ্জলি Ⓓ সোনারতরী
Solve Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্য প্রকাশিত হয় ১৯১০ সালে। 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদ Song Offerings নামে ১৯১২ সালে প্রকাশিত হয়। Song Offerings এর ভূমিকা লেখেন ইংরেজ কবি W. B. Yeats. রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যের জন্য নোবেল পুরস্কার পান নভেম্বর ১৯১৩ সাল।

06. রবীন্দ্রনাথ ঠাকুর জন্মগ্রহণ করেন– [BSFMSTU-C : 19-20]
Ⓐ কুষ্টিয়ার শিলাইদহে Ⓑ নওগাঁর পতিসরে
Ⓒ কলকাতার জোড়াসাঁকোতে Ⓓ বীরভূমের শান্তিনিকেতন
Solve Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ খ্রিস্টাব্দের ৭ই মে (১২৬৮ বঙ্গাব্দের ২৫এ বৈশাখ) কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। ১৯৪১ খ্রিস্টাব্দের ৭ই আগস্ট (১৩৪৮ বঙ্গাব্দের ২২এ শ্রাবণ) জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে তাঁর জীবনাবসান ঘটে।

07. 'মুক্তধারা' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা? [BSMRSTU-G : 19-20]
Ⓐ নাটক Ⓑ ছোটগল্প Ⓒ উপন্যাস Ⓓ কাব্য
Solve Ⓐ 'মুক্তধারা' (১৯২২) নাটকটির প্রথমে নাম ছিল 'পথ'। রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য দেশ ও জাতিপ্রেমের নামে মন্ত্রশক্তির সাহায্যে মানবগোষ্ঠীকে পীড়ন এবং অত্যাচারী শক্তির বিরুদ্ধে অপরাজিত মানুষের বিদ্রোহ এ নাটকের কেন্দ্রীয় বিষয়বস্তু। নাটকটির প্রধান চরিত্র ধনঞ্জয়।

08. রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর কোন গ্রন্থটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন? [JKKNIU-E : 19-20]
Ⓐ ডাকঘর Ⓑ তাসের দেশ Ⓒ শেষের কবিতা Ⓓ বসন্ত
Solve Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় উৎসর্গীকৃত গ্রন্থ :

রচনা	প্রকৃতি	যাঁকে উৎসর্গ করা হয়েছে
বসন্ত	নাটক	কাজী নজরুল ইসলামকে
তাসের দেশ	নাটক	নেতাজী সুভাষচন্দ্র বসুকে
চার অধ্যায়	উপন্যাস	ব্রিটিশ সরকারের রাজবন্দিদেরকে
কালের যাত্রা	নাটক	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে

09. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক? [HSTU-C : 19-20]
Ⓐ ঘরে বাইরে Ⓑ শেষের কবিতা Ⓒ চতুরঙ্গ Ⓓ ডাকঘর
Solve Ⓓ ঘরে বাইরে, চতুরঙ্গ, শেষের কবিতা রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাস। তাঁর কয়েকটি নাটক : বিসর্জন, রাজা, অচলায়তন, চিরকুমার সভা, তাসের দেশ, চিত্রাঙ্গদা, বৈকুণ্ঠের খাতা, শারদোৎসব, প্রায়শ্চিত্ত, মুক্তধারা, বসন্ত, রক্তকরবী, চণ্ডালিকা, নটীর পূজা।

10. 'ঘরে-বাইরে' গ্রন্থের রচয়িতা- [SUST-A : 19-20]
Ⓐ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓓ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় Ⓔ কাজী নজরুল ইসলাম
Solve Ⓒ চলিতভাষায় রচিত রবীন্দ্রনাথের প্রথম উপন্যাস 'ঘরে-বাইরে' (১৯১৬)। এটি 'সবুজপত্র' পত্রিকায় প্রকাশিত হয় ১৯১৫ সালে। স্বদেশি আন্দোলনের পটভূমিকায় রচিত এ উপন্যাসে একদিকে আছে জাতিপ্রেম ও সংকীর্ণ স্বাদেশিকতায় সমালোচনা অন্যদিকে আছে সমাজ ও প্রথা দ্বারা নিয়ন্ত্রিত নারী-পুরুষের সম্পর্ক, বিশেষত পরস্পরের আকর্ষণ-বিকর্ষণের বিশ্লেষণ।

11. 'ঐকতান' কবিতাটি কার লেখা? [HSTU-C : 19-20]
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ জীবনানন্দ দাশ Ⓓ অমিয় চক্রবর্তী
Solve Ⓑ কতিপয় কবিদের বিখ্যাত কবিতা :

কাজী নজরুল ইসলাম	বিদ্রোহী, কুলি-মজুর, মানুষ, নারী, সাম্যবাদী, ওদের জন্য মমতা।
রবীন্দ্রনাথ ঠাকুর	দুই বিঘা জমি, পুরাতন ভৃত্য, পুরস্কার, সোনার তরী, ক্যামেলিয়া, দেবযানীর প্রতি কচ।
জীবনানন্দ দাশ	হিন্দু-মুসলমান, বোধ, বনলতা সেন, আকাশলীনা।
অমিয় চক্রবর্তী	বাংলাদেশ

12. 'নৌকাডুবি' কী ? [JKKNIU-AP : 18-19]
Ⓐ গল্পগুচ্ছ Ⓑ উপন্যাস Ⓒ নাটক Ⓓ কাব্যগ্রন্থ
Solve Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুরের উল্লেখযোগ্য উপন্যাস : গোরা (বৃহত্তম, অনেকের মতে শ্রেষ্ঠ), চোখের বালি (বাংলা সাহিত্যের প্রথম মনস্তাত্ত্বিক উপন্যাস), চতুরঙ্গ, ঘরে-বাইরে (রাজনৈতিক উপন্যাস), চার অধ্যায়, শেষের কবিতা (কাব্যধর্মী), দুইবোন, যোগাযোগ।

13. 'ছিন্নপত্র' রচয়িতার নাম কী? [JKKNIU-AP : 18-19]
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ রামপ্রসাদ রায় Ⓓ অতুল চক্রবর্তী
Solve Ⓐ 'ছিন্নপত্র' ভ্রাতুষ্পুত্রী ইন্দিরা দেবীকে নিয়ে লেখা। ইন্দিরা দেবীর বিয়ে হয় প্রমথ চৌধুরীর সঙ্গে।

14. রবীন্দ্রনাথের কোন গ্রন্থটি নাটক? [JUST-E : 18-19]
Ⓐ চোখের বালি Ⓑ বলাকা Ⓒ ঘরে বাইরে Ⓓ রক্তকরবী
Solve Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুরের কতিপয় নাটক : বিসর্জন, রাজা, ডাকঘর, অচলায়তন, চিরকুমার সভা, তাসের দেশ, চিত্রাঙ্গদা, বৈকুণ্ঠের খাতা, শারদোৎসব, প্রায়শ্চিত্ত, মুক্তধারা, বসন্ত, চণ্ডালিকা, নটীর পূজা।

15. কোনটি রবীন্দ্রনাথ ঠাকুরের রচনা নয়? [BSMRSTU-D : 18-19]
Ⓐ মুক্তধারা Ⓑ মৃণালিনী Ⓒ চতুরঙ্গ Ⓓ রাজা
Solve Ⓑ বঙ্কিমচন্দ্র রচিত 'মৃণালিনী' (১৮৬৯) ত্রয়োদশ শতাব্দীর বাংলাদেশ ও তুর্কি আক্রমণের ঐতিহাসিক পটভূমিতে রচিত জীবনমুখ্য উপন্যাস। উল্লেখ্য, 'চতুরঙ্গ' রবীন্দ্রনাথ রচিত উপন্যাস এবং 'মুক্তধারা', 'রাজা' তাঁর রচিত নাটক।

16. রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কোথায় বসে লেখা? [PUST-C : 17-18]
Ⓐ শিলাইদহ Ⓑ পতিসর Ⓒ শাহজাদপুর Ⓓ জোড়াসাঁকো Ans Ⓐ

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কাহিনি-কবিতার সংকলন গ্রন্থ–
Ⓐ জন্মদিনে Ⓑ কথা ও কাহিনী Ⓒ কথা Ⓓ কাহিনী Ans Ⓑ

02. বাংলা ছোটগল্পের জনক কে?
Ⓐ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓑ হুমায়ুন আহমেদ
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ বনফুল Ans Ⓒ

03. রবীন্দ্রনাথের জীবনাবসান ঘটে কত তারিখে?
Ⓐ ৭ মে Ⓑ ৭ আগস্ট Ⓒ ৭ নভেম্বর Ⓓ ৭ ডিসেম্বর Ans Ⓑ

04. রবীন্দ্রনাথের সাহিত্য সাধনার সময় বাংলা সাহিত্যে পরিচিত
Ⓐ রবীন্দ্রযুগ Ⓑ রবীন্দ্রবলয় Ⓒ সাধনার যুগ Ⓓ কালজয়ী যুগ Ans Ⓐ

05. রবীন্দ্রনাথ ছিলেন–
Ⓐ চিত্রশিল্পী, দক্ষসম্পাদক Ⓑ অসামান্য শিক্ষা-সংগঠক
Ⓒ অনুসন্ধিৎসু বিশ্ব পরিব্রাজক ও চিন্তক Ⓓ সবগুলো Ans Ⓓ

06. রবীন্দ্রনাথ কোন ক্ষেত্রে নোবেল পুরস্কার পান?
Ⓐ কাব্যে Ⓑ ইংরেজি সাহিত্যে Ⓒ গানে Ⓓ সাহিত্যে Ans Ⓓ

07. প্রাতিষ্ঠানিক শিক্ষাগ্রহণে নিরুৎসাহী ছিলেন–
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ বেগম রোকেয়া
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ সুফিয়া কামাল Ans Ⓒ

08. এশীয়দের মধ্যে প্রথম নোবেল পুরস্কার পান কে?
Ⓐ সত্যেন সেন Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ ড. মুহম্মদ ইউনুস Ⓓ অমর্ত্য সেন Ans Ⓑ

09. রবীন্দ্রনাথ পথিকৃৎ ও শ্রেষ্ঠ শিল্পী–
Ⓐ বাংলা ছোটগল্পে Ⓑ মৌলিক নাটক রচনায়
Ⓒ কাব্যনাট্যে Ⓓ উপন্যাস রচনায় Ans Ⓐ

10. রবীন্দ্রনাথ রচিত কাব্যনাট্য কোনটি?
Ⓐ মানসী Ⓑ পুনশ্চ Ⓒ রক্তকরবী Ⓓ চিত্রাঙ্গদা Ans Ⓓ

11. গগনে গর্জন করছে–
Ⓐ বর্ষা Ⓑ মেঘ Ⓒ ঘন মেঘ Ⓓ ঘন বরষা Ans Ⓑ

12. কূলে একা বসে আছে–
Ⓐ কবি Ⓑ মাঝি Ⓒ কৃষক Ⓓ মানবসত্তা Ans Ⓒ

13. কৃষক 'নাহি ভরসা' বলেছেন কেন?
Ⓐ ভয়ে Ⓑ মেঘের গর্জনে Ⓒ একা বলে Ⓓ বর্ষার আগমন Ans Ⓒ

14. 'রাশি রাশি' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ আধিক্য Ⓑ স্বল্পতা Ⓒ সমষ্টি Ⓓ প্রাবল্যতা Ans Ⓐ

15. 'ভারা' অর্থ কি?
Ⓐ পাত্র Ⓑ পাত্রের সমষ্টি
Ⓒ ধানের বোঝা Ⓓ ধান রাখার পাত্র Ans Ⓓ

16. 'ভারা ভারা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ সুবিন্যস্ত Ⓑ ধান রাখার পাত্র Ⓒ মজুদ ঘর Ⓓ পাত্রের সমষ্টি Ans Ⓓ

17. 'বরষা' শব্দের ব্যুৎপত্তি কোনটি?
Ⓐ বর্ষা > বরষা Ⓑ বরশা > বরষা
Ⓒ বর্ষা < বরষা Ⓓ বরষা > বর্ষা Ans Ⓐ

18. কোন কাজ সারা হলো?
Ⓐ ধান বপন Ⓑ জলের খেলা
Ⓒ ধান কাটা Ⓓ ধান নৌকায় তোলা Ans Ⓒ

19. 'সোনার তরী' কবিতায় নদীটি কেমন?
Ⓐ ক্ষুরধার Ⓑ ভরা Ⓒ খরপরশা Ⓓ ছোট Ans Ⓑ

20. 'ক্ষুরধারা' অর্থ কী?
Ⓐ ধারালো Ⓑ ধারালো ক্ষুর
Ⓒ ক্ষুরের মতো ধারালো প্রবাহ বা স্রোত Ⓓ স্রোতধারা Ans Ⓒ

21. 'ধারা' শব্দের সমার্থক কোনটি?
Ⓐ প্রবাহমানতা Ⓑ পরম্পরা Ⓒ কালস্রোত Ⓓ প্রবাহ Ans Ⓓ

22. 'ধারালো বর্শার মতো' বোঝায়–
Ⓐ খরপরশা Ⓑ ক্ষুরধারা Ⓒ বাঁকা জল Ⓓ স্রোত

23. ছোটো ক্ষেতের পরিমাণ–
Ⓐ রাশি রাশি Ⓑ একখানি Ⓒ ভরা Ⓓ ভারা ভারা

24. চারি দিকে কী খেলা করছে?
Ⓐ ধান গাছ Ⓑ নদীস্রোত Ⓒ বাঁকা জল Ⓓ বর্ষা

25. চারি দিকে বাঁকা জল–
Ⓐ খেলা করছে Ⓑ ভাসিয়ে নিচ্ছে Ⓒ ভয় দেখাচ্ছে Ⓓ কবিকে

26. বাঁকা জল খেলা করছে–
Ⓐ নদীতে Ⓑ চারি দিকে Ⓒ ছোট ক্ষেতে Ⓓ ভরা নদীতে

27. কৃষক কোথায় একা বসে আছে–
Ⓐ কূলে Ⓑ ছোটো ক্ষেতে Ⓒ নদীতে Ⓓ মাঠে

28. তরুছায়ামসী-মাখা কোথায়?
Ⓐ গ্রামে Ⓑ নদীপটে Ⓒ পরপারে Ⓓ বৃক্ষে

29. তরুছায়া কোন রঙের?
Ⓐ সবুজ Ⓑ পিত্ত Ⓒ ছাই Ⓓ কালো

30. 'সোনার তরী' কবিতার গ্রামখানি কেমন?
Ⓐ মেঘে ঢাকা Ⓑ মসী-মাখা
Ⓒ ছোট ক্ষেতের মতো Ⓓ তরুছায়াময়

31. কবিতায় কোন সময়ের উল্লেখ রয়েছে?
Ⓐ প্রভাত Ⓑ মধ্যাহ্ন Ⓒ সায়াহ্ন Ⓓ পরস্পরেলা

32. —— তরী বেয়ে কে আসে পারে ! শূন্যস্থানে বসবে–
Ⓐ ভরা পালে Ⓑ গান গেয়ে Ⓒ পাল তুলে Ⓓ খুশি হয়ে

33. কাকে দেখে চেনা মনে হয়?
Ⓐ কবি Ⓑ কৃষক Ⓒ মাঝি Ⓓ আগন্তুক

34. ভরানদী কী?
Ⓐ ক্ষুরধার Ⓑ খরপরশা Ⓒ মসীমাখা Ⓓ ক্ষুরধারা

35. কে ভরাপালে চলে যায়?
Ⓐ নৌকা Ⓑ মাঝি Ⓒ মহাকাল Ⓓ স্রোতধারা

36. সোনার তরীর মাঝি কীসের প্রতীক?
Ⓐ কালস্রোত Ⓑ হিংস্রতা
Ⓒ মহাকাল Ⓓ নির্মোহ মহাকাল

37. ছোট দ্বীপের আঙ্গিকে চিত্রিত–
Ⓐ ধানক্ষেত Ⓑ নদী Ⓒ গ্রামখানি Ⓓ জীবনধারা

38. অনন্ত কালস্রোতের প্রতীক–
Ⓐ বর্ষা Ⓑ নদী Ⓒ খরপরশা Ⓓ বাঁকা জল

39. মাঝি কোনো দিকে নাহি চায় কেন?
Ⓐ মহাকাল বলে Ⓑ নিষ্ঠুর বলে
Ⓒ নিরাসক্ত বলে Ⓓ অহঙ্কারী বলে

40. কবিতায় চিরায়ত শিল্পলোকের প্রতীক হিসেবে ব্যবহৃত হয়েছে?
Ⓐ সোনার তরী Ⓑ বিদেশ Ⓒ সোনার ধান Ⓓ শূন্য নদী

41. ঢেউগুলি–
Ⓐ অসহায় Ⓑ ব্যাকুল Ⓒ ভাঙে দু'ধারে Ⓓ নিরুপায়

42. ঢেউগুলি ভাঙছে–
Ⓐ দু ধারে Ⓑ চারিদিকে Ⓒ ধরে বিথরে Ⓓ তরুণী পরে

43. কবিতায় 'ওগো' বলে কাকে সম্বোধন করা হয়েছে?
Ⓐ মাঝিকে Ⓑ কবিকে Ⓒ কৃষককে Ⓓ আগন্তুককে

44. কৃষক মাঝিকে কোথায় তরী ভিড়াতে বলেছেন?
Ⓐ নদীপারে Ⓑ পরপারে Ⓒ কূলে Ⓓ ছোটো ক্ষেতে

45. 'গরজ' শব্দটি কোন অর্থে ব্যবহৃত?
Ⓐ আগ্রহ Ⓑ আকাঙ্ক্ষা Ⓒ হুঙ্কার Ⓓ গর্জন

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

গদ্যাংশ

অধ্যায় ২

বিদ্রোহী

কাজী নজরুল ইসলাম

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **জন্ম :** কাজী নজরুল ইসলামের জন্ম ২৪ মে ১৮৯৯ খ্রিস্টাব্দ (১১ জ্যৈষ্ঠ ১৩০৬ সন) পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রাম।
- **পিতা :** কাজী ফকির আহমদ।
- **মাতা :** জাহেদা খাতুন।
- কাজী নজরুল ইসলাম বাংলা কাব্যজগতের এক অনন্য শিল্পী। তিনি বাংলাদেশের জাতীয় কবি। মাত্র আট বছর বয়সে পিতাকে হারিয়ে কবির পরিবার চরম দারিদ্র্যে পতিত হয়। ১৩১৬ বঙ্গাব্দে গ্রামের মক্তব থেকে নিম্ন প্রাইমারি পাস করে সেখানেই এক বছর শিক্ষকতা করেন নজরুল। বারো বছর বয়সে তিনি লেটোর দলে যোগ দেন এবং দলের জন্য পালাগান রচনা করেন। বস্তুত তখন থেকেই তিনি সৃষ্টিশীল সত্তার অধিকারী হয়ে ওঠেন। প্রথম বিশ্বযুদ্ধ (১৯১৪) শুরু হওয়ার পর ১৯১৭ সালে ৪৯ নম্বর বাঙালি পল্টনে সৈনিক হিসেবে তিনি যোগদান করেন এবং করাচিতে যান; পরে হাবিলদার পদে উন্নীত হন। ১৯২০ সালের শুরুতে বাঙালি পল্টন ভেঙে দিলে তিনি কলকাতায় আসেন এবং পরিপূর্ণভাবে সাহিত্যচর্চায় মনোনিবেশ করেন। সাপ্তাহিক 'বিজলী'তে "বিদ্রোহী" কবিতা প্রকাশিত হলে চারদিকে তাঁর কবিখ্যাতি ছড়িয়ে পড়ে এবং তিনি 'বিদ্রোহী কবি' হিসেবে পরিচিতি লাভ করেন।
- **ছদ্মনাম :** কাজী নজরুল ইসলামের **ছদ্মনাম :** কহলন মিশ্র, সারথি, শ্যামসুন্দর, বনফুলকুল, পাইয়োনিয়ার, ধূমকেতু, ব্যাঙাচি। **ডাকনাম :** দুখু মিয়া।
- **কর্মজীবন/ পেশা :** প্রথম জীবনে জীবিকার তাগিদে তিনি কবি-দলে, রুটির দোকানে এবং সেনাবাহিনীতে যোগদান করেছিলেন। পরবর্তীতে পত্রিকা সম্পাদনা, গ্রামোফোন রেকর্ডের ব্যবসায় গান লেখা ও সুরারোপ এবং সাহিত্য সাধনা করেছেন।
- **বাংলাদেশে আগমন :** ১৯১৪ খ্রি. কাজী রফিজউদ্দিন নামে আসানসোল থানার দারোগা তাঁর গান শুনে মুগ্ধ হয়ে ময়মনসিংহ জেলার কাজীর সিমলা গ্রাম, নিজালে নিয়ে আসেন। কাজী নজরুল ইসলাম প্রথম ঢাকায় আসেন ১৯২৬ সালের জুন মাসে। ১৯৭২ সালের ২৪ মে ভারত সরকারের অনুমতিক্রমে কবিকে সপরিবারে বাংলাদেশে আনা হয়।
- **কারাবাস :** 'ধূমকেতু' পত্রিকার পূজা সংখ্যায় 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি প্রকাশিত হওয়ায় ব্রিটিশ সরকার তাঁকে ১ বছরের কারাদণ্ড দেয়। 'প্রলয়-শিখা' (১৯৩০) গ্রন্থটি রচনার জন্য কবির ছয় মাসের কারাদণ্ড হয়।
- বাংলাদেশের রণসঙ্গীতের রচয়িতা– কাজী নজরুল ইসলাম।
- রণসঙ্গীত হিসেবে মূল কবিতাটির গৃহীত চরণ সংখ্যা– ২১ চরণ।
- 'সন্ধ্যা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত রণসঙ্গীতটি 'নতুনের গান' শিরোনামে ঢাকার 'শিখা' পত্রিকায় প্রকাশিত হয়– ১৯২৮ সালে (১৩৩৫)।
- নজরুলের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ– 'অগ্নি-বীণা' (সেপ্টেম্বর, ১৯২২)।
- তাঁর প্রথম প্রকাশিত প্রবন্ধ– 'তুর্কমহিলার ঘোমটা খোলা' (প্রকাশ : কার্তিক ১৩২৬)।
- নজরুলের প্রথম প্রবন্ধগ্রন্থ– যুগ-বাণী (অক্টোবর ১৯২২)।
- জেলে বসে লেখা জবানবন্দির নাম– 'রাজবন্দীর জবানবন্দী' (৭/১/১৯২৩)।
- নজরুলের প্রথম নিষিদ্ধকৃত কাব্যগ্রন্থ– 'বিষের বাঁশি' (প্রকাশ : আগস্ট ১৯২৪/ নিষিদ্ধ : ২৪ অক্টোবর ১৯২৪)।
- নজরুলের মোট নিষিদ্ধকৃত গ্রন্থ কয়টি ও কী কী– ৫টি। যথা : বিষের বাঁশি, ভাঙার গান, প্রলয় শিখা, চন্দ্রবিন্দু (কাব্যগ্রন্থ ৪টি) ও যুগ-বাণী (প্রবন্ধগ্রন্থ)।
- বিবিসির বাংলা বিভাগ কর্তৃক পরিচালিত জরিপে (২০০৪) সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালির তালিকায় নজরুলের স্থান– তৃতীয়।
- বঙ্গবন্ধু সরকার কর্তৃক রাষ্ট্রীয় অতিথি হিসেবে নজরুলকে কলকাতা থেকে ঢাকায় আনয়ন করা হয়– ১৯৭২ সালের ২৪ মে এবং এরপর থেকে তিনি বাংলাদেশেই ছিলেন।

সাহিত্যকর্ম

- **কাব্যগ্রন্থ :** অগ্নি-বীণা, সাতভাই চম্পা, ঝড়, শেষ সওগাত, সঞ্চিতা, সর্বহারা, প্রলয়-শিখা, দোলন-চাঁপা, সিন্ধু-হিন্দোল, চক্রবাক, ফণী-মনসা।
- **উপন্যাস :** বাঁধন-হারা, মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা।
- **গল্প :** ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা, জিনের বাদশা।
- **নাটক :** ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা।
- **প্রবন্ধগ্রন্থ :** যুগ-বাণী, দুর্দিনের যাত্রী, রাজবন্দীর জবানবন্দী, ধূমকেতু, রুদ্র-মঙ্গল।
- **জীবনীগ্রন্থ :** মরু-ভাস্কর [হযরত মুহম্মদ (স.) এর জীবনীগ্রন্থ]।
- **অনুবাদ :** রুবাইয়াত-ই-হাফিজ, রুবাইয়াত-ই-ওমর খৈয়াম।
- **পত্রিকা :** ধূমকেতু, লাঙ্গল, দৈনিক নবযুগ তাঁর সম্পাদিত পত্রিকা।
- **গানের সংকলন :** বুলবুল, সুরসাকী, গুলবাগিচা, বনগীতি, জুলফিকার, চন্দ্রবিন্দু, সুরলিপি, চিত্তনামা, রাঙাজবা।

কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

- **উৎস :** কাজী নজরুল ইসলাম রচিত 'বিদ্রোহী' কবিতাটি কবির প্রথম কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২) থেকে সংকলিত হয়েছে। 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের দ্বিতীয় কবিতা 'বিদ্রোহী'।
- **কবিতার সারসংক্ষেপ :** 'বিদ্রোহী' বাংলা সাহিত্যের একটি শ্রেষ্ঠ কবিতা। রবীন্দ্রযুগে এ কবিতার মধ্য দিয়ে এক প্রাতিস্বিক কবিকণ্ঠের আত্মপ্রকাশ ঘটে– যা বাংলা কবিতার ইতিহাসে এক বিরল স্মরণীয় ঘটনা। 'বিদ্রোহী' কবিতায় আত্মজাগরণে উন্মুখ কবির সদম্ভ আত্মপ্রকাশ ঘোষিত হয়েছে। কবিতায় সগর্বে কবি নিজের বিদ্রোহী কবিসত্তার প্রকাশ ঘটিয়ে ঔপনিবেশিক ভারতবর্ষের শাসকদের শাসন ক্ষমতার ভিত কাঁপিয়ে দেন। এ কবিতায় সংযুক্ত রয়েছে ঔপনেবেশিক শাসনের বিরুদ্ধে কবির ক্ষোভ ও বিদ্রোহ। কবি সকল অন্যায় অনিয়মের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করতে গিয়ে বিভিন্ন ধর্ম, ঐতিহ্য, ইতিহাস ও পুরাণের শক্তি উৎস থেকে উপকরণ উপাদান সমীকৃত করে নিজের বিদ্রোহী সত্তার অবয়ব রচনা করেন। কবিতার শেষে ধ্বনিত হয় অত্যাচারীর অত্যাচারের অবসান কাম্য। বিদ্রোহী কবি উৎকণ্ঠ ঘোষনায় জানিয়ে দেন যে, উৎপীড়িত জনতার ক্রন্দনরোল যতদিন পর্যন্ত প্রশমিত না হবে ততদিন এই বিদ্রোহী কবিসত্তা শান্ত হবে না। এই চির বিদ্রোহী অভ্রভেদী চির উন্নত শিররূপে বিরাজ করবে।
- **প্রথম চরণ–** বল বীর– / বল উন্নত মম শির!
- **শেষ চরণ–** বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির-উন্নত শির!
- **ছন্দ–** 'বিদ্রোহী' কবিতাটি সমিল মুক্তক মাত্রাবৃত্ত ছন্দে রচিত। তবে কবিতাটির সর্বত্র পর্ব ও মাত্রা সংখ্যা সমভাবে রক্ষিত হয়নি। পূর্ণ পর্ব ৬ মাত্রার, অতি পর্ব ২ মাত্রার। এর পঙ্‌ক্তি শেষে কিছু ক্ষেত্রে ৩ মাত্রা এবং অধিকাংশ ক্ষেত্রেই অসম মাত্রার অপূর্ণ পর্ব রয়েছে। পর পর দুই পঙ্‌ক্তির শেষে অন্ত্যমিল রয়েছে। আর এ অন্ত্যানুপ্রাসের জন্য একে সমিল মুক্তক ছন্দ বলা হয়। নজরুল বাংলা কবিতায় এ ছন্দের প্রবর্তক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. কোনটি কাজী নজরুল ইসলামের উপন্যাস নয়? [GST-B : 21-22]
Ⓐ বাঁধন-হারা Ⓑ মৃত্যুক্ষুধা Ⓒ কুহেলিকা Ⓓ ব্যথার দান
Solve Ⓓ কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ 'ব্যথার দান' গল্পগ্রন্থের গল্পগুলো হলো : ব্যথার দান, হেনা, অতৃপ্ত কামনা, বাদল বরিষণে, ঘুমের ঘোরে, রাজবন্দীর চিঠি।

02. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতার ক্ষেত্রে নিচের কোন তথ্যটি ঠিক? [KU-B : 19-20]
Ⓐ অগ্নিবীণা : ১৯২২ Ⓑ চক্রবাক : ১৯২৯
Ⓒ সাম্যবাদী : ১৯২৫ Ⓓ বিষের বাঁশী : ১৯৪২
Solve Ⓐ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালের ৬ জানুয়ারি 'বিজলী' পত্রিকায়। এরপর কবিতাটি মাসিক প্রবাসী (মাঘ ১৩২৮), মাসিক সাধনা (বৈশাখ ১৩২৯), ও ধূমকেতুতে (২২ আগস্ট) ছাপা হয়। দৃপ্ত বিদ্রোহী মানসিকতা এবং অসাধারণ শব্দবিন্যাস ও ছন্দের জন্য আজও বাঙালি মানসে কবিতাটি "চির উন্নত শির" বিরাজমান।

03. কাজী নজরুল ইসলাম মৃত্যুবরণ করেন– [BSFMSTU-C : 19-20]
Ⓐ ঢাকায় Ⓑ বর্ধমানে Ⓒ কলকাতায় Ⓓ কৃষ্ণনগরে
Solve Ⓐ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ২৫ মে ১৮৯৯ খ্রিস্টাব্দ (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ সাল), বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৬ খ্রিস্টাব্দের ২৯ আগস্ট। ১২ ভাদ্র ১৩৮৩ বঙ্গাব্দে ঢাকায় মৃত্যুবরণ করেন। সমাধিস্থান : ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ।

04. কাজী নজরুল ইসলামের গল্প কোনটি? [BSMRSTU-E : 19-20]
Ⓐ পদ্মপুরাণ Ⓑ পদ্মাবতী Ⓒ পদ্মগোখরা Ⓓ পদ্মরাগ
Solve Ⓒ ব্যথার দান, রিক্তের বেদন, শিউলিমালা, পদ্মগোখরা, জিনের বাদশা কাজী নজরুল ইসলামের বিখ্যাত গল্প।

05. 'আমি বেদুঈন, আমি চেঙ্গিস- আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।' পঙক্তিটির রচয়িতা কে? [JUST-E : 19-20]
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ গোলাম মুস্তফা Ⓓ ফররুখ আহমদ
Solve Ⓐ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বিখ্যাত কাব্যগ্রন্থ 'অগ্নিবীণা' (১৯২২)। এই কাব্যের বিখ্যাত একটি কবিতা 'বিদ্রোহী' যেখানে কাজী নজরুল ইসলাম বলেছেন, 'আমি বেদুঈন, আমি চেঙ্গিস- আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।'

06. কোনটি হযরত মুহম্মদ (স.) এর জীবনীগ্রন্থ? [IU-B : 19-20]
Ⓐ মরু-ভাস্কর Ⓑ মরুতীর্থ Ⓒ মরুকাব্য Ⓓ মরুকসুম
Solve Ⓐ ১৮টি খণ্ড কবিতা নিয়ে প্রকাশিত হয় 'মরু-ভাস্কর' জীবনী কাব্যটি। এটির রচনাকাল ১৩৩৭ থেকে ১৩৫৭ বঙ্গাব্দ। চার সর্গে বিভক্ত এ কাব্যে মহানবীর জন্ম, শৈশব, কৈশোর, বিয়ে ইত্যাদি বিষয় বর্ণিত হয়েছে।

07. নজরুলের সাথে তুলিত হন– [IU-B : 19-20]
Ⓐ বায়রন Ⓑ শেলী Ⓒ কীটস Ⓓ সুকান্ত
Solve Ⓐ ইংরেজি সাহিত্যের Rebel poet বা বিদ্রোহী কবি লর্ড বায়রন এবং বাংলা সাহিত্যের বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম। বিদ্রোহের দিক দিয়ে দুজনের তুলনা করা যায়।

08. 'সাম্যবাদী' কবিতায় কে বাঁশির কিশোর? [BRUR-A : 19-20]
Ⓐ চার্বাক Ⓑ শ্রীকৃষ্ণ Ⓒ রাম Ⓓ রামকৃষ্ণ
Solve Ⓑ কাজী নজরুল ইসলামের 'সাম্যবাদী' কবিতায় বাঁশির কিশোর বলতে শ্রীকৃষ্ণকে বোঝানো হয়েছে। আরব-দুলাল বলতে হযরত মুহম্মদ (স) কে বোঝানো হয়েছে। শাক্যমুনি বলতে বুদ্ধদেব কে বোঝানো হয়েছে।

09. নজরুলের ভাষায় মিথ্যাকে কে ভয় করে? [BRUR-A : 19-20]
Ⓐ যার মনে মিথ্যা Ⓑ যার মনে সত্য
Ⓒ যে নিজেকে জানে Ⓓ যার মনে মিথ্যা নেই
Solve Ⓐ আবদুল কাদির সম্পাদিত বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'নজরুল রচনাবলি'র প্রথম খণ্ড থেকে 'সাম্যবাদী' কবিতাটি সংকলন করা হয়েছে। ১৯২৫ খ্রিস্টাব্দে প্রকাশিত 'সাম্যবাদী' কাব্যের অন্তর্ভুক্ত এ কবিতাটিতে বৈষম্যহীন অসাম্প্রদায়িক মানব সমাজ গঠনের প্রত্যাশা ব্যক্ত হয়েছে। নজরুলের মতে যার মনে মিথ্যা সেই মিথ্যাকে ভয় করে।

10. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম জন্মগ্রহণ করেন- [JKKNIU-E : 19-20]
Ⓐ ১২ বৈশাখ ১৩০৮ Ⓑ ১০ ফাল্গুন ১৩০৬
Ⓒ ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ Ⓓ ১২ জ্যৈষ্ঠ ১৩০৭
Solve Ⓒ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ২৫ মে ১৮৯৯ খ্রিস্টাব্দ (১১ জ্যৈষ্ঠ, ১৩০৬ সাল), বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৬ খ্রিস্টাব্দের ২৯ আগস্ট (১২ ভাদ্র ১৩৮৩) বঙ্গাব্দে ঢাকায় মৃত্যুবরণ করেন। সমাধিস্থান : ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ প্রাঙ্গণ।

11. '—— এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।' লাইনটি নজরুলের কোন কবিতা থেকে নেওয়া হয়েছে? [JKKNIU-E : 19-20]
Ⓐ মানুষ Ⓑ বিদ্রোহী Ⓒ সাম্যবাদী Ⓓ নির্ঝর
Solve Ⓒ ১৯২৫ খ্রিস্টাব্দে প্রকাশিত 'সাম্যবাদী' কাব্যের অন্তর্ভুক্ত সাম্যবাদী কবিতাটিতে বৈষম্যহীন অসাম্প্রদায়িক মানব সমাজ গঠনের প্রত্যাশা ব্যক্ত হয়েছে। কবি এ 'সাম্যের গান' গেয়েই গোটা মানব সমাজকে ঐক্যবদ্ধ করতে আগ্রহী। কবির বিশ্বাস মানুষ হিসেবে স্বীকৃতি পেয়ে পরিচিত হয়ে এর চেয়ে সম্মানের আর কিছুই হতে পারে না।

12. 'শিউলিমালা' কাজী নজরুল ইসলামের কোন ধরনের রচনা? [SUST-A : 19-20]
Ⓐ কবিতা Ⓑ সঙ্গীত Ⓒ উপন্যাস
Ⓓ ছোটগল্প Ⓔ নাটক
Solve Ⓓ কাজী নজরুল ইসলাম রচিত 'শিউলিমালা' ছোটগল্প গ্রন্থ। মোট ৪টি গল্পের (পদ্ম-গোখরো, জিনের বাদশা, অগ্নি-গিরি, শিউলিমালা) সমন্বয়ে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয় ১৯৩১ খ্রিস্টাব্দে (১৩৩৮ বঙ্গাব্দের কার্তিকে)।

13. কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস– [HSTU-C : 19-20]
Ⓐ বাঁধনহারা Ⓑ কুহেলিকা Ⓒ মৃত্যু-ক্ষুধা Ⓓ সংকল্প
Solve Ⓐ কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত গ্রন্থ :

গল্পগ্রন্থ– ব্যথার দান	কবিতা– মুক্তি
প্রবন্ধ– তুর্কী মহিলার ঘোমটা খোলা	প্রবন্ধগ্রন্থ– যুগবাণী
নিষিদ্ধগ্রন্থ– বিষের বাঁশি	কাব্য– অগ্নি-বীণা
গল্প– বাউন্ডেলের আত্মকাহিনী	নাটক– ঝিলিমিলি

14. 'বিদ্রোহী' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? [BSMRSTU-D : 19-20]
Ⓐ শনিবারের চিঠি Ⓑ সওগাত Ⓒ বিজলী Ⓓ নবযুগ
Solve Ⓒ কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ 'অগ্নি-বীণা' (১৯২২)। এই কাব্যের অন্যতম জনপ্রিয় কবিতা 'বিদ্রোহী'। 'বিদ্রোহী' কবিতাটি প্রথম বিজলী পত্রিকায় প্রকাশিত হয়। 'বিদ্রোহী' কবিতার জন্য প্রথমে তাঁকে 'বিদ্রোহের কবি' বলা হয়, পরে 'বিদ্রোহী' কবি।

15. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত কাব্যগ্রন্থ নয়? [JKKNIU-AP : 18-19]
Ⓐ সর্বহারা Ⓑ ঝড় Ⓒ কারাগার Ⓓ ছায়ানট
Solve Ⓒ প্রদত্ত গ্রন্থ, ধরন ও রচয়িতা :

গ্রন্থ	ধরন	রচয়িতা
সর্বহারা, ঝড়, ছায়ানট	কাব্যগ্রন্থ	কাজী নজরুল ইসলাম
কারাগার, মুক্তির ডাক	নাটক	মন্মথ রায়

CamScanner

16. কাজী নজরুল ইসলাম রচিত প্রথম গীতিগ্রন্থ কোনটি? [JKKNIU-AB : 18-19]
Ⓐ অগ্নি-বীণা Ⓑ বুলবুল Ⓒ গুলবাগিচা Ⓓ সুরসাকী
Solve B কাজী নজরুল ইসলামের কতিপয় গীতিগ্রন্থ : চোখের চাতক, চন্দ্রবিন্দু, সন্ধ্যা, জুলফিকার, গানের মালা, রাঙা-জবা, সুরমুকুর, সুরসাকী, নজরুল গীতিকা, বনগীতি।

17. 'রাজবন্দীর জবানবন্দী' গ্রন্থের লেখক কে? [MBSTU-D : 18-19]
Ⓐ কাজী মোতাহার হোসেন Ⓑ মোতাহের হোসেন চৌধুরী
Ⓒ কাজী নজরুল ইসলাম Ⓓ মুহম্মদ আবদুল হাই
Solve C কাজী নজরুল ইসলামের কতিপয় সাহিত্যকর্ম:

কাব্যগ্রন্থ	বিষের বাঁশি, ভাঙার গান, সাম্যবাদী, ফণি-মনসা, জিঞ্জির, সন্ধ্যা, দোলনচাঁপা, ছায়ানট, চক্রবাক, মরুভাস্কর, ঝিঙেফুল।
উপন্যাস	বাঁধনহারা, মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা।
নাটক	ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা।
প্রবন্ধগ্রন্থ	যুগবাণী, দুর্দিনের যাত্রী, রাজবন্দীর জবানবন্দী, ধূমকেতু।

18. কাজী নজরুল ইসলাম কত নম্বর বাঙালি পল্টনে সৈনিক হিসেবে যোগদান করেছিলেন? [NSTU-E : 18-19]
Ⓐ ৪৩ Ⓑ ৪৫ Ⓒ ৪৭ Ⓓ ৪৯
Solve D কাজী নজরুল ইসলাম পশ্চিমবঙ্গের রানিগঞ্জ শিয়ারশোল রাজস্কুল থেকে ১৯১৭ সালে দশম শ্রেণির প্রি-টেস্ট পরীক্ষার সময় লেখাপড়া অসমাপ্ত রেখে ৪৯ নম্বর বাঙালি পল্টনে যোগ দেন।

19. বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম কত সালে সেনাবাহিনীর বাঙালি পল্টনে যোগদান করেন? [JUST-D : 18-19]
Ⓐ ১৯১৭ Ⓑ ১৯১৬ Ⓒ ১৯১৮ Ⓓ ১৯১৯
Solve A সত্য প্রকাশের দুরন্ত সাহস নিয়ে কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) আমৃত্যু সকল অন্যায় ও শোষণের বিরুদ্ধে সোচ্চার ছিলেন। জীবিকার তাগিদে মসজিদের ইমামতি, লেটোর দলে যোগদান, প্রথম বিশ্বযুদ্ধের সময় ১৯১৭ খ্রিষ্টাব্দে সেনাবাহিনীর বাঙ্গালি পল্টনে যোগদান, পত্রিকা সম্পাদনাসহ বিচিত্র কর্মের সাথে যুক্ত হন।

20. 'বিদ্রোহী' কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? [JUST-E : 18-19]
Ⓐ দোলন-চাঁপা Ⓑ অগ্নি-বীণা
Ⓒ বাঁধন-হারা Ⓓ বিষের বাঁশি
Solve B কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালের ৬ জানুয়ারি 'বিজলী' পত্রিকায়। এরপর কবিতাটি 'মাসিক প্রবাসী' (মাঘ ১৩২৮), 'মাসিক সাধনা' (বৈশাখ ১৩২৯) ও 'ধূমকেতু' (২২ আগস্ট) পত্রিকায় ছাপা হয়।

21. কোনটি কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ নয়? [BSMRSTU-D : 18-19]
Ⓐ শিউলিমালা Ⓑ কুহেলিকা Ⓒ ব্যথার দান Ⓓ রিক্তের বেদন
Solve B 'কুহেলিকা' (১৯৩১) কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস। রাজনৈতিক প্রসঙ্গ নিয়ে রচিত এ উপন্যাসটি ১৩৩৪ বঙ্গাব্দে 'নওরোজ' পত্রিকায় প্রকাশ আরম্ভ হয়।

22. কাজী নজরুল ইসলামের জীবনকাল কোনটি? [BSMRSTU-E : 18-19]
Ⓐ ১৮৬১-১৯৪১ Ⓑ ১৮৫৬-১৯৩৭ Ⓒ ১৮৮৯-১৯৭৬ Ⓓ ১৮৯৯-১৯৭৬
Solve D কাজী নজরুল ইসলাম ১১ জ্যৈষ্ঠ ১৩০৬ (২৪শে মে ১৮৯৯) বঙ্গাব্দে পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১২ ভাদ্র ১৩৮৩ (২৯ আগস্ট ১৯৭৬) বঙ্গাব্দে ঢাকায় মৃত্যুবরণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মসজিদ প্রাঙ্গণে তাঁকে সমাহিত করা হয়।

23. কোনটি কাজী নজরুল ইসলাম রচিত উপন্যাস? [BSMRSTU-G : 18-19]
Ⓐ চক্রবাক Ⓑ মৃত্যু-ক্ষুধা Ⓒ বিষের বাঁশি Ⓓ প্রলয় শিখা
Solve B কাজী নজরুল ইসলামের এবং বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস 'বাঁধন-হারা'। তাঁর অন্যান্য উপন্যাস : মৃত্যু-ক্ষুধা, কুহেলিকা।

24. 'রাজবন্দীর জবানবন্দী' কী ধরনের রচনা? [BSMRSTU-D : 17-18]
Ⓐ কাব্য Ⓑ প্রবন্ধগ্রন্থ Ⓒ নাট্যগ্রন্থ Ⓓ উপন্যাস
Solve B ব্রিটিশ সরকার কাজী নজরুল ইসলামকে জেলে আটক রাখার পর তাঁর বক্তব্য জানতে চাইলে তিনি লিখিতভাবে চার পৃষ্ঠার বক্তব্য আদালতে উপস্থাপন করেন। এটিই 'রাজবন্দীর জবানবন্দি' নামে পরিচিত।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. সৃষ্টির দেবতা কে?
Ⓐ ব্রহ্মা Ⓑ বিষ্ণু
Ⓒ শিব Ⓓ কৃষ্ণ **Ans A**

02. মহা-প্রলয় কখন আসবে?
Ⓐ সৃষ্টিকালে Ⓑ বিনাশকালে
Ⓒ সৃষ্টির ধ্বংসকালে Ⓓ অকাল বৈশাখী **Ans C**

03. কবি মহা-প্রলয়ের কী হতে চেয়েছেন?
Ⓐ মহাভয় Ⓑ ডমরু
Ⓒ প্রণব-নাদ Ⓓ নটরাজ **Ans D**

04. কবি নিজেকে পৃথিবীর কী হিসেবে উল্লেখ করেছেন?
Ⓐ সাইক্লোন Ⓑ আশীর্বাদ
Ⓒ অভিশাপ Ⓓ মহাভয় **Ans C**

05. কবি কী মানেন না?
Ⓐ আইন Ⓑ বন্ধন
Ⓒ শৃঙ্খল Ⓓ নিয়ম **Ans A**

06. কবি কী ভরা-ডুবি করেন?
Ⓐ আইন Ⓑ মাইন
Ⓒ টর্পেডো Ⓓ ভরা-তরী **Ans D**

07. কবির শির দেখে কী নতশির হয়ে যায়?
Ⓐ হিমালয় Ⓑ হিমালয় শিখর
Ⓒ স্রষ্টা Ⓓ পর্বতমালা **Ans B**

08. কবি সকল বন্ধন, নিয়ম-কানুন-শৃঙ্খলকে কীভাবে অতিক্রম করে যান?
Ⓐ দ'লে Ⓑ পিষে
Ⓒ ভেঙে Ⓓ ডুবিয়ে **Ans A**

09. কবি নিজেকে কী ধরনের মাইন বলেছেন?
Ⓐ ভাসমান Ⓑ টর্পেডো
Ⓒ ভীম ভাসমান Ⓓ ভয়ানক **Ans C**

10. কবি নিজেকে কেমন ঝড় বলে অভিহিত করেছেন?
Ⓐ বৈশাখীর Ⓑ এলোকেশে
Ⓒ অকালের Ⓓ এলোমেলো **Ans B**

11. আমি বিদ্রোহী-সুত বিশ্ব–
Ⓐ বিধাতার Ⓑ মাতার
Ⓒ বিধাত্রীর Ⓓ বিধাতৃর **Ans D**

12. কবি নিজেকে লোকালয়ের বিপরীতে কী হিসেবে উল্লেখ করেছেন?
Ⓐ ধ্বংস Ⓑ অরণ্য
Ⓒ শ্মশান Ⓓ শশ্মান **Ans C**

13. নজরুল নিজেকে কিসের অবসান বলেছেন?
Ⓐ নিশা Ⓑ দিবা
Ⓒ রাত্রি Ⓓ ধ্বংসের **Ans A**

14. ইন্দ্রাণী-সুত কে?
Ⓐ জয়ন্ত Ⓑ জয়ন্ত
Ⓒ ইন্দ্রপুত্র Ⓓ ভীম **Ans B**

CamScanner

15. ইন্দ্রাণী কে?
Ⓐ দেবী Ⓑ মহামায়া
Ⓒ শ্যামা Ⓓ শচী — Ans Ⓓ

16. ইন্দ্রাণী-সুতের হাতে কী?
Ⓐ চাঁদ Ⓑ চন্দ্র
Ⓒ সূর্য Ⓓ চক্র — Ans Ⓐ

17. কবি কীসের বাঁশরী হতে চেয়েছেন?
Ⓐ বাঁশের Ⓑ বাঁকা বাঁশের
Ⓒ পাকা বাঁশের Ⓓ জঙ্গলের — Ans Ⓑ

18. কে এক হাতে বাঁশরী, আরেক হাতে রণ-তূর্য হতে চেয়েছেন?
Ⓐ অর্ফিয়াস Ⓑ শ্যাম
Ⓒ কবি স্বয়ং Ⓓ বিদ্রোহী — Ans Ⓒ

19. বেদুঈনরা কোন দেশের?
Ⓐ মধ্যপ্রাচ্যের Ⓑ সৌদীর
Ⓒ ইরানের Ⓓ আরবদেশের — Ans Ⓓ

20. আরবদেশের যাযাবর জাতি কারা?
Ⓐ বেদেরা Ⓑ বেদুঈনরা
Ⓒ অর্ফিয়াসেরা Ⓓ বিদ্রোহীরা — Ans Ⓑ

21. চেঙ্গিস খান কাদের নেতা?
Ⓐ মোঙ্গলজাতির Ⓑ যাযাবর জাতির
Ⓒ বেদুঈন জাতির Ⓓ জঙ্গিদের — Ans Ⓐ

22. চেঙ্গিস খান মূলত–
Ⓐ যাযাবর Ⓑ বিদ্রোহী
Ⓒ যোদ্ধা Ⓓ বেদুঈন — Ans Ⓒ

23. কোন কোণ থেকে ওঙ্কার ধ্বনি ধ্বনিত হয়?
Ⓐ মরু Ⓑ ঈষাণ
Ⓒ সিন্ধু Ⓓ বিষাণ — Ans Ⓑ

24. ইস্রাফিলের শিঙ্গার কথা কোথায় উল্লেখ রয়েছে?
Ⓐ হাদিসে Ⓑ পুরাণে
Ⓒ বেদে Ⓓ কোরআনে — Ans Ⓓ

25. পিনাক কী?
Ⓐ ডমরু Ⓑ ত্রিশূল
Ⓒ ধনু Ⓓ চক্র — Ans Ⓒ

26. ডুগডুগি জাতীয় বাদ্যযন্ত্র কোনটি?
Ⓐ ডমরু Ⓑ পিণাক
Ⓒ শঙ্খ Ⓓ হল — Ans Ⓐ

27. প্রণব-নাদ বলতে বোঝানো হয়েছে কোনটিকে?
Ⓐ হুঙ্কার Ⓑ শিঙ্গা ধ্বনি
Ⓒ পাশরি Ⓓ ওঙ্কার ধ্বনি — Ans Ⓑ

28. কোপন-স্বভাব বিশিষ্ট মুনি কে?
Ⓐ বিশ্বামিত্র Ⓑ পরশুরাম
Ⓒ দুর্বাসা Ⓓ জমদগ্নি — Ans Ⓒ

29. কে ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করেও ব্রাহ্মণত্ব লাভ করেছিলেন?
Ⓐ দুর্বাসা Ⓑ অর্ফিয়াস
Ⓒ পরশুরাম Ⓓ বিশ্বামিত্র — Ans Ⓓ

30. কবিতায় 'গ্রীষ্মে'র প্রতিশব্দ হিসেবে কী ব্যবহৃত হয়েছে?
Ⓐ পাশরি Ⓑ নিদাঘ
Ⓒ হুতাশী Ⓓ নিঘাদ — Ans Ⓑ

31. গ্রিক পুরাণের গানের দেবতা কে?
Ⓐ এ্যাপোলো Ⓑ মিউজ
Ⓒ অর্ফিয়াস Ⓓ ইয়াস — Ans Ⓐ

32. 'বিদ্রোহী' কবিতায় 'আমি' শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে?
Ⓐ ৫০ Ⓑ ৫২
Ⓒ ৫৫ Ⓓ ৫৮ — Ans Ⓒ

33. অর্ফিয়াস কার পুত্র ছিলেন?
Ⓐ ক্যালোপির Ⓑ ইউরিডিসের
Ⓒ থ্রেসের Ⓓ শচীমাতার — Ans Ⓐ

34. সুরের জাদু বিস্তার করে মৃত ইউরিডিসের প্রাণ ফিরে পেতে চেয়েছিলেন–
Ⓐ এ্যাপোলো Ⓑ মিউজ
Ⓒ ইয়াস Ⓓ অর্ফিয়াস — Ans Ⓓ

35. 'যাবিয়া' কী?
Ⓐ সুরের বিস্তার Ⓑ বেহেশত
Ⓒ দোজখ Ⓓ ঝরনা — Ans Ⓒ

36. 'বিদ্রোহী' কবিতাটি 'অগ্নি-বীণা' কাব্যগ্রন্থের কততম কবিতা?
Ⓐ প্রথম Ⓑ দ্বিতীয়
Ⓒ তৃতীয় Ⓓ চতুর্থ — Ans Ⓑ

37. পরশুরাম তাঁর মাকে কীভাবে বাঁচিয়ে তোলেন?
Ⓐ মন্ত্রবলে Ⓑ যাদু করে
Ⓒ ধ্যান করে Ⓓ সাধনাবলে — Ans Ⓓ

38. 'বিদ্রোহী' কবিতার মাধ্যমে প্রাতিষ্বিক কবিকণ্ঠের আত্মপ্রকাশ ঘটে–
Ⓐ রবীন্দ্রযুগে Ⓑ আধুনিক যুগে
Ⓒ রবীন্দ্র-পরবর্তী যুগে Ⓓ পঞ্চ-পাণ্ডবের যুগে — Ans Ⓐ

39. কবিতায় ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে প্রকাশ পেয়েছে কবির–
Ⓐ দম্ভ Ⓑ ক্ষোভ
Ⓒ ক্ষোভ ও বিদ্রোহ Ⓓ আত্মজাগরণ — Ans Ⓒ

40. সপ্ত নরকের কথা কোন ধর্মে উল্লেখ রয়েছে?
Ⓐ বৌদ্ধ Ⓑ খ্রিষ্ট
Ⓒ ইসলাম Ⓓ সনাতন — Ans Ⓓ

41. 'ইস্রাফিলের শিঙ্গার মহা হুঙ্কার' কীসের ইঙ্গিত করে?
Ⓐ নবসৃষ্টি Ⓑ ধ্বংস
Ⓒ বিদ্রোহ Ⓓ প্রতিবাদ — Ans Ⓑ

42. 'চাঁদ ভালে সূর্য এখানে 'ভালে' কী?
Ⓐ ভালো Ⓑ ঢলে পড়া
Ⓒ গাল Ⓓ কপাল — Ans Ⓓ

43. কবি কাদের বঞ্চিত ব্যথা হতে চেয়েছেন?
Ⓐ বিধবার Ⓑ অবমানিতের
Ⓒ গৃহহারা পথিকের Ⓓ পথিক কবির — Ans Ⓒ

44. মহাদেবকে ধূর্জটি বলা হয় কেন?
Ⓐ ধূম্ররূপী জটার জন্য Ⓑ জটাধারী বলে
Ⓒ বিধ্বংসী বলে Ⓓ মহা-প্রলয় আনার জন্য — Ans Ⓐ

45. "শির নেহারি আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির!" এ বাক্যে কী প্রকাশ পেয়েছে?
Ⓐ বিদ্রোহ Ⓑ আত্মজাগরণ
Ⓒ উন্মুখ প্রকাশ Ⓓ সদম্ভ আত্মপ্রকাশ — Ans Ⓓ

46. 'সাইক্লোন' দ্বারা কবির কোন রূপ প্রকাশিত?
Ⓐ নৃশংস Ⓑ বিধ্বংসী
Ⓒ বিদ্রোহী Ⓓ দুর্বিনীত — Ans Ⓑ

47. কবি পথিক কবির কী হতে চান?
Ⓐ মরম বেদনা Ⓑ নিদাঘ-তিয়াসা
Ⓒ গভীর রাগিণী Ⓓ ক্রন্দন-শ্বাস — Ans Ⓒ

48. নজরুল দাবানল হয়ে কী দাহন করবেন?
Ⓐ বিশ্ব Ⓑ সৃষ্টি
Ⓒ লোকালয় Ⓓ শৃঙ্খল — Ans Ⓐ

49. 'বিদ্রোহী' কবিতায় কোন ঐতিহাসিক চরিত্রের উল্লেখ রয়েছে?
Ⓐ অর্ফিয়াস Ⓑ চেঙ্গিস
Ⓒ ইস্রাফিল Ⓓ রাজা ইয়াস — Ans Ⓑ

50. কবি অধীন বিশ্বকে উপড়ে ফেলতে চেয়েছেন কেন?
Ⓐ নবসৃষ্টির মহানন্দে Ⓑ শান্তি ফিরিয়ে আনতে
Ⓒ বিদ্রোহ প্রকাশ করতে Ⓓ নিশাবসান ঘটাতে — Ans Ⓐ

CamScanner

পদ্যাংশ

অধ্যায় ৩

প্রতিদান

জসীমউদ্‌দীন

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- **জন্ম :** জসীমউদ্‌দীনের জন্ম ১ জানুয়ারি ১৯০৩, আমুলখানা গ্রাম (মাতুলালয়), ফরিদপুর।
- পৈত্রিক নিবাস : গোবিন্দপুর, ফরিদপুর।
- পিতা : আনসারউদ্দীন মোল্লা।
- মাতা : আমিনা খাতুন ওরফে রাঙাছুট।
- শিক্ষাজীবন : ফরিদপুর জিলা স্কুল (১৯২১) থেকে মেট্রিক পাস; ফরিদপুর রাজেন্দ্র কলেজ আই.এ.বি.এ (১৯২৯); কলকাতা বিশ্ববিদ্যালয় (বাংলা ভাষা ও সাহিত্য) এম.এ (১৯৩১)। কলেজে অধ্যয়নকালে 'কবর' কবিতা রচনা করে তিনি খ্যাতি অর্জন করেন এবং ছাত্রাবস্থায়ই কবিতাটি পাঠ্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়। জসীমউদ্‌দীন 'পল্লিকবি' হিসেবে সমধিক পরিচিত।
- বিভিন্ন নাম : জসীমউদ্‌দীন।
- পূর্ণনাম : মোহাম্মদ জসীমউদ্‌দীন মোল্লা।
- ছদ্মনাম : জমীরউদ্দীন মোল্লা। উপাধি : পল্লিকবি।
- ছদ্মনামে প্রকাশ : ১৯৭১ সালের মার্চ থেকে জুলাই পর্যন্ত তিনি যত কবিতা রচনা করেছিলেন তা 'তুজম্বর আলী' ছদ্মনামে ছাপা হয়েছিল।
- পুরস্কার : প্রেসিডেন্টস এওয়ার্ড ফর প্রাইড অফ পারফরম্যান্স, পাকিস্তান (১৯৫৮); রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট ডিগ্রি, ভারত (১৯৬৯); ১৯৭৪ সালে বাংলা একাডেমি পুরস্কার প্রত্যাখান করেন; একুশে পদক, বাংলাদেশ (১৯৭৬); স্বাধীনতা দিবস পুরস্কার (১৯৭৮, মরণোত্তর)।
- পল্লিকবি হিসেবে পরিচিতি পেলেও অনেকের দৃষ্টিতে জসীমউদ্‌দীন– আধুনিক কবি।
- জসীমউদ্‌দীনের প্রথম কাব্যগ্রন্থ– **রাখালী (১৯২৭)** প্রকাশিত হয় 'কল্লোল পত্রিকায়'।
- জসীমউদ্‌দীন শিক্ষাজীবন শুরু করেন– **ওয়েলফেয়ার স্কুলে**।
- জসীমউদ্‌দীনের পিতা ছিলেন– **পাঠশালার শিক্ষক**।
- জসীমউদ্‌দীনের নিজের নির্মিত বাড়ি– **ঢাকার কমলাপুরে**।
- তিনি ছিলেন– **প্রগতিশীল ও অসাম্প্রদায়িক সাংস্কৃতিক আন্দোলনের অন্যতম পুরোধা**।
- তিনি সমাজতান্ত্রিক সমাজ-ব্যবস্থার– **দৃঢ় সমর্থক**।
- তিনি বাঙালির জাতিসত্তা বিকাশের আন্দোলনের (১৯৬৬-৭১)– **অন্যতম পৃষ্ঠপোষক**।
- তিনি লোকসংগীত সংগ্রহ করেছেন– **দশ হাজারেরও বেশি**।
- তিনি গুণগ্রাহী ছিলেন– **গুরু মৃত্যুঞ্জয় সিলের কাছে**।
- জসীমউদ্‌দীনের কবিতায় গ্রামীণ জীবনের নিখুঁত চিত্র সুস্পষ্টরূপে ফুটে উঠেছিল– **আধুনিক শিল্প-চেতনার ছাপ**।
- গোবিন্দপুরে প্রতিবছর তাঁর জন্মদিনকে স্মরণ করে 'জসীম মেলা' নামে একটি পাক্ষিক উৎসব উদ্‌যাপন করা হয়– **জানুয়ারি মাসে**।
- ষাটের দশকের শেষদিকে পাকিস্তান সরকার রেডিও ও টেলিভিশন থেকে রবীন্দ্র-সঙ্গীত বন্ধের সিদ্ধান্ত নিলে সরকারের সিদ্ধান্তের বিরুদ্ধে– **তীব্র প্রতিবাদ জ্ঞাপন করেন**।
- তাঁর নামে একটি আবাসিক হলের নামকরণ করা হয়েছে– **ঢাকা বিশ্ববিদ্যালয়ে**।
- জসীমউদ্‌দীনের সংগ্রহশালা (ব্যক্তিভিত্তিক জাদুঘর)– **ফরিদপুরে**।
- কবির বাড়ির সামনে কোন নদ রয়েছে– **কুমার নামক নদ**।
- জসীমউদ্‌দীন সংগ্রহশালা নির্মিত হয়েছে– **২০১৫ সালে উদ্বোধন হয় ২০১৬ সালে**।

সাহিত্যকর্ম

- **কাব্যগ্রন্থ :** রাখালী, বালুচর, ধানক্ষেত, রূপবতী, মাটির কান্না, সখিনা, জয়বধূ সেই দিনগুলিতে, হলুদ বরণী, জলে লেখন, পদ্মানদীর দেশে, কাফনের মিছিল, মহরম, সুখুমো চাঁদ পাগাড়ি, সুচয়নী।
- **গাথাকাব্য :** নকশী কাঁথার মাঠ, সোজন বাদিয়ার ঘাট, মা যে জননী কান্দে।
- **নাটক :** পদ্মাপাড়, বেদের মেয়ে, মধুমালা, পল্লীবধূ, গ্রামের মেয়ে, ওগো পুষ্পধনু, আসমান সিংহ।
- **আত্মকথা(গদ্যগ্রন্থ) :** যাদের দেখেছি, ঠাকুর বাড়ির আঙিনায় (স্মৃতিকথা), জীবনকথা (আত্মজীবনী), স্মৃতিপট, স্মরণের সরণী বাহি।
- **গানের সংকলন :** রঙ্গিলা নায়ের মাঝি, গাঙের পাড়, জারিগান, মুর্শিদী গান।
- **উপন্যাস :** বোবা কাহিনী (১৯৬৪) [একমাত্র উপন্যাস]।
- **ব্যঙ্গরসাত্মক গ্রন্থ :** বাঙালির হাসির গল্প।
- **শিশুতোষ গ্রন্থ :** হাসু, এক পয়সার বাঁশী, জালিমকুমার।
- **ভ্রমণকাহিনি :** চলে মুসাফির, হলদে পরীর দেশ, যে দেশে মানুষ বড়, জার্মানীর শহরে বন্দরে।
- **অনুবাদ :** ই.এম.মিলফোর্ড জসীমউদ্‌দীনের 'নকশী কাঁথার মাঠ' কাব্যটি 'Field of the Embroidered Quilt' নামে অনুবাদ করেন। 'বাঙালির হাসির গল্প' গ্রন্থটি 'ফোক টেলস অব ইস্ট পাকিস্তান' নামে ইংরেজিতে অনূদিত হয়েছে।
- **বিখ্যাত কবিতা :** কবর : [রাখালী কাব্যের অন্তর্গত] মাত্রাবৃত্ত ছন্দে রচিত। কবিতায় ১১৮টি পঙ্‌ক্তি আছে। প্রিয়জন হারানোর মর্মান্তিক স্মৃতিচারণ কবিতাটির বিষয়বস্তু। 'কল্লোল' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। কবিতাটি তাঁর ছাত্রাবস্থাতেই (বি.এ) কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত হয়। রাখাল ছেলে [রাখালী কাব্যের অন্তর্গত] : তিনি যখন দশম শ্রেণির ছাত্র ছিলেন তখন এ কবিতাটি রচনা করেছিলেন। আসমানী : কবিতাটির প্রধান চরিত্র আসমানীর বাড়ি ফরিদপুর।
- **বিখ্যাত গান :** আমার সোনার ময়না পাখি; আমার গলার হার খুলে নে; কাজল ভ্রমরা রে; আমার ঘর কালা করলাম রে; নদীর কূল নাই কিনার নাই; আমায় ভাসাইলি রে; আমায় ঘুমাও রাতে; কেমন তোমার মাতা পিতা; প্রাণ সখিরে ঐ তন কদমতলে ও আমার দরদি আগে জানলে

কবিতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য

- **উৎস ও কবিতার সারসংক্ষেপ :** 'প্রতিদান' কবিতাটি কবি জসীমউদ্‌দীনের 'বালুচর' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। এ কবিতায় কবি ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিয়ে পরার্থপরতার মধ্যেই যে ব্যক্তির প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত সেই বিষয়ে আলোকপাত করেছেন। সমাজ-সংসারে বিদ্যমান বিভেদ-হিংসা-হানাহানি দ্বারা আক্রান্ত হওয়া সত্ত্বেও কবির কণ্ঠে প্রতিশোধ-প্রতিহিংসার বিপরীতে ব্যক্ত হয়েছে প্রীতিময় এক পরিবেশ সৃষ্টির আকাঙ্ক্ষা। কেননা ভালোবাসাপূর্ণ মানুষই নির্মাণ করতে পারে সুন্দর, নিরাপদ পৃথিবী। কবি অনিষ্টকারীকে কেবল ক্ষমা করেই নয়, বরং প্রতিদান হিসেবে অনিষ্টকারীর উপকার করার মাধ্যমে পৃথিবীকে সুন্দর, বাসযোগ্য করতে চেয়েছেন।
- **প্রথম লাইন–** আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর
- **শেষ লাইন–** আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।
- **ছন্দ :** 'প্রতিদান' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'প্রতিদান' কবিতার মূল প্রতিপাদ্য কী? [GST-B : 22-23]
Ⓐ ব্যক্তিস্বার্থ Ⓑ পরার্থপরতা
Ⓒ আত্মগ্লানি Ⓓ প্রকৃতি-বন্দনা
Solve Ⓓ 'প্রতিদান' কবিতাটি কবি জসীমউদ্‌দীনের 'বালুচর' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। এ কবিতায় কবি ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন দিয়ে পরার্থপরতার মধ্যেই যে ব্যক্তির প্রকৃত সুখ ও জীবনের সার্থকতা নিহিত সেই বিষয়ে আলোকপাত করেছেন।

02. জসীমউদ্‌দীনের কোন কাব্য বিভিন্ন বিদেশি ভাষায় অনূদিত হয়েছে? [HSTU-C : 19-20]
Ⓐ সোজন বাদিয়ার ঘাট Ⓑ বালুচর
Ⓒ নকশী কাঁথার মাঠ Ⓓ রঙ্গিলা নায়ের মাঝি
Solve Ⓒ জসীমউদ্‌দীনের 'নকশি কাঁথার মাঠ' (১৯১৮) গাথাকাব্যটি E. M. Milford 'Field of the Embroidery Quilt' নামে ইংরেজিতে অনুবাদ করেন। ইংরেজি ছাড়াও এটি বিভিন্ন ভাষায় অনূদিত হয়। গ্রামের দুটি সহজ-সরল বালক-বালিকার প্রেম-বিবাহ-মৃত্যু, গ্রামীণ সংস্কৃতি, উপকরণ পাঠককে সহজেই আকৃষ্ট করে।

03. বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকা অবস্থায় কোন কবির কবিতা প্রবেশিকা বাংলা সংকলনের অন্তর্ভুক্ত হয়েছিল? [JKKNIU-AP : 18-19]
Ⓐ জসীমউদ্‌দীন Ⓑ সুফিয়া কামাল
Ⓒ ফররুখ আহমদ Ⓓ শামসুর রাহমান
Solve Ⓐ জসীমউদ্‌দীন কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকা-কালীন 'কল্লোল' পত্রিকায় 'কবর' (১৯২৫) কবিতা প্রকাশিত হয় এবং ঐ সময়ই কলকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে পাঠ্য তালিকাভুক্ত করা হয়।

04. 'আসমানীদের দেখতে যদি তোমরা সবে চাও' লাইনটি কোন কবির লেখা? [BSMRSTU-E : 18-19]
Ⓐ জসীমউদ্‌দীন
Ⓑ সত্যেন্দ্রনাথ দত্ত
Ⓒ কামিনী রায়
Ⓓ মোজাম্মেল হক
Solve Ⓐ উদ্ধৃতিটি জসীমউদ্‌দীনের 'আসমানী' কবিতা থেকে সংকলিত। কবিতাটি ১৯৪৯ সালে তাঁর 'এক পয়সার বাঁশি' কাব্যে স্থান পায়।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি জসীমউদ্‌দীনের ভ্রমণকাহিনি?
Ⓐ নকশী কাঁথার মাঠ Ⓑ যে দেশে মানুষ বড়
Ⓒ পদ্মরাগ Ⓓ ঠাকুর বাড়ির আঙ্গিনায় Ans Ⓑ

02. 'নকশী কাঁথা' কোন কবির কাব্যকে আশ্রয় করে বিশ্বব্যাপী পরিচিতি পেয়েছে?
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ বন্দে আলী মিয়া Ⓓ জসীমউদ্‌দীন Ans Ⓓ

03. জসীমউদ্‌দীনের কাব্য কোনটি?
Ⓐ মা যে জননী কান্দে Ⓑ ময়নামতির চর
Ⓒ রস কদম্ব Ⓓ বনতুলসী Ans Ⓐ

04. জসীমউদ্‌দীন রচিত শিশুতোষ কাব্য–
Ⓐ রাখালী Ⓑ এক পয়সার বাঁশী
Ⓒ সোজন বাদিয়ার ঘাট Ⓓ নকশী কাঁথার মাঠ Ans Ⓑ

05. জসীমউদ্‌দীনের 'আসমানী' চরিত্রটির বাড়ি কোথায়?
Ⓐ গোপালগঞ্জ Ⓑ ফরিদপুর
Ⓒ রাজবাড়ী Ⓓ মাদারীপুর Ans Ⓑ

06. জসীমউদ্‌দীনের 'কবর' কবিতার দাদু শাপলার হাটে কী বিক্রি করতেন?
Ⓐ আম Ⓑ পাট
Ⓒ তরমুজ Ⓓ মাছ Ans Ⓒ

07. 'বেদের মেয়ে' গীতিনাট্য কে লিখেছেন?
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ জসীমউদ্‌দীন
Ⓒ ড. নীলিমা ইব্রাহীম Ⓓ সাঈদ আহমদ Ans Ⓑ

08. জসীমউদ্‌দীন তার বন্ধুকে কোন গাঁয়ে নিমন্ত্রণ করেছিলেন?
Ⓐ পাল্লি গাঁয়ে Ⓑ কাজল গাঁয়ে
Ⓒ শ্যামল গাঁয়ে Ⓓ সবুজ গাঁয়ে Ans Ⓑ

09. 'The Field of Embroidered Quilt' কাব্যটি কবি জসীমউদ্‌দীনের কোন কাব্যের ইংরেজি অনুবাদ?
Ⓐ সোজনবাদিয়ার ঘাট Ⓑ রঙিলা নায়ের মাঝি
Ⓒ নকশী কাঁথার মাঠ Ⓓ রাখালী Ans Ⓒ

10. 'কবর' কবিতাটি কোন ছন্দে রচিত?
Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত
Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ ত্রিপদী Ans Ⓑ

11. কোন কবির নামানুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ছাত্রাবাসের নামকরণ হয়েছে?
Ⓐ জসীমউদ্‌দীন Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ বেগম সুফিয়া কামাল Ⓓ গোলাম মোস্তফা Ans Ⓐ

12. 'রঙ্গিলা নায়ের মাঝি' এর লেখক হলেন–
Ⓐ জসীমউদ্‌দীন Ⓑ ফররুখ আহমদ
Ⓒ ড. মুহম্মদ শহীদুল্লাহ্ Ⓓ অতুল প্রসাদ Ans Ⓐ

13. 'এ-গাঁর চাষী নিঘুম রাতে বাঁশের বাঁশীর সুরে/ওইনা গাঁয়ের মেয়ের সাথে গহন ব্যথায় ঝুঁরে।' চরণ দুটি যে বিখ্যাত রচনার অন্তর্গত–
Ⓐ নকশী কাঁথার মাঠ Ⓑ দেওয়ানা মদিনা
Ⓒ চক্রবাক Ⓓ মহুয়া Ans Ⓐ

14. নিচের কোন কবি লোকসাহিত্য সংগ্রাহক ছিলেন?
Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ সমর সেন
Ⓒ আবুল হোসেন Ⓓ জসীমউদ্‌দীন Ans Ⓓ

15. 'কবর' কবিতাটি প্রথম যখন স্কুলপাঠ্য হিসেবে অন্তর্ভুক্ত হয় তখন জসীমউদ্‌দীন ছিলেন–
Ⓐ কলেজছাত্র Ⓑ বিশ্ববিদ্যালয়ের ছাত্র
Ⓒ কলেজশিক্ষক Ⓓ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক Ans Ⓑ

16. পল্লিকবি জসীমউদ্‌দীনের উপন্যাস মোট কয়টি?
Ⓐ একটি Ⓑ দুইটি
Ⓒ বারটি Ⓓ চৌদ্দটি Ans Ⓐ

17. কোন মিলটি ঠিক–
Ⓐ অবরোধবাসিনী, তসলিমা নাসরিন Ⓑ সঞ্চয়িতা, কাজী নজরুল ইসলাম
Ⓒ জসীমউদ্‌দীন, সোজন বাদিয়ার ঘাট Ⓓ সঞ্চিতা, রবীন্দ্রনাথ ঠাকুর Ans Ⓒ

18. 'কবর' কবিতায় বৃদ্ধ তাঁর কোন আত্মীয়কে সোনালি উষার সোনামুখের সঙ্গে তুলনা করেছেন?
Ⓐ স্ত্রীকে Ⓑ পুত্রবধূকে
Ⓒ কন্যাকে Ⓓ নাতনীকে Ans Ⓐ

CamScanner

19. জসীমউদ্‌দীন কোন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টর অব লিটারেচার ডিগ্রি লাভ করেন?
Ⓐ ঢাকা বিশ্ববিদ্যালয় Ⓑ কলকাতা বিশ্ববিদ্যালয়
Ⓒ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় Ⓓ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় Ans Ⓒ

20. আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর– এ পঙ্‌ক্তিতে কী বোঝানো হয়েছে?
Ⓐ পরোপকার Ⓑ কৃতজ্ঞতাবোধ
Ⓒ সর্বংসহা মনোভাব Ⓓ আত্মগ্লানি Ans Ⓒ

21. 'প্রতিদান' কবিতায় কবি কাঁটা পেয়ে কী দান করেছেন?
Ⓐ ফুল Ⓑ ঘৃণা
Ⓒ বাণ Ⓓ ঘর Ans Ⓐ

22. জসীমউদ্‌দীনের সংগ্রহশালা কোথায় অবস্থিত?
Ⓐ তাম্বুলখানায় Ⓑ ফরিদপুরে
Ⓒ রাজেন্দ্রপুরে Ⓓ গোবিন্দপুরে Ans Ⓑ

23. পূর্ববঙ্গীয় গীতিকার সংগ্রাহক ছিলেন–
Ⓐ জীবনানন্দ দাশ Ⓑ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓒ জসীমউদ্‌দীন Ⓓ আফসারউদ্দীন মোল্লা Ans Ⓒ

24. জসীমউদ্‌দীন প্রচার বিভাগের কোন পদ থেকে অবসর গ্রহণ করেন?
Ⓐ ডেপুটি ডাইরেক্টর Ⓑ রিসার্চ অ্যাসিস্ট্যান্ট
Ⓒ অফিসার Ⓓ অর্গানাইজার Ans Ⓐ

25. জসীমউদ্‌দীন ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে নিযুক্ত ছিলেন–
Ⓐ দুই বছর Ⓑ তিন বছর
Ⓒ পাঁচ বছর Ⓓ আট বছর Ans Ⓒ

26. কবির নির্বাচিত কবিতার সংকলন গ্রন্থ কোনটি?
Ⓐ বোবা কাহিনী Ⓑ মধুমালা
Ⓒ ধানখেত Ⓓ সুচয়নী Ans Ⓓ

27. জসীমউদ্‌দীন রচিত শিশুতোষ গ্রন্থ কোনটি?
Ⓐ গ্রামের মেয়ে Ⓑ আসমান সিংহ
Ⓒ হলুদ বরণী Ⓓ এক পয়সার বাঁশী Ans Ⓓ

28. কবির 'কবর' কবিতাটি কোন পর্যায়ে পাঠ্য অন্তর্ভুক্ত করা হয়?
Ⓐ প্রাথমিক Ⓑ মাধ্যমিক
Ⓒ উচ্চ মাধ্যমিক Ⓓ এন্ট্রান্স Ans Ⓑ

29. 'আমায় এতো রাতে কেনে ডাক দিলি' গানটি কার রচিত?
Ⓐ আবদুল করিম Ⓑ লালন শাহ
Ⓒ জসীমউদ্‌দীন Ⓓ হাসন রাজা Ans Ⓒ

30. 'নকশী কাঁথার মাঠ' ইংরেজিতে অনুবাদ করেন কে?
Ⓐ ই.এম. মিলফোর্ড Ⓑ টি.এস. এলিয়ট
Ⓒ শেকসপীয়র Ⓓ পি.বি. শেলী Ans Ⓐ

31. জসীমউদ্‌দীন কোন পুরস্কারটি মৃত্যুর পর পান?
Ⓐ প্রাইড অফ পারফরম্যান্স Ⓑ বংলা একাডেমি পুরস্কার
Ⓒ একুশে পদক Ⓓ স্বাধীনতা দিবস পুরস্কার Ans Ⓓ

32. জসীমউদ্‌দীন কত বছর বেঁচে ছিলেন?
Ⓐ ৭১ বছর Ⓑ ৭৩ বছর
Ⓒ ৭৫ বছর Ⓓ ৭৮ বছর Ans Ⓑ

33. কবির নিজের নির্মিত বাড়িটি কোথায় ছিল?
Ⓐ কমলাপুরে Ⓑ অম্বিকাপুরে
Ⓒ গুলশানে Ⓓ রোজ গার্ডেন Ans Ⓐ

34. কবি কোন ধরনের সমাজ-ব্যবস্থার দৃঢ় সমর্থক ছিলেন?
Ⓐ গণতান্ত্রিক Ⓑ রাজতন্ত্র
Ⓒ সমাজতান্ত্রিক Ⓓ প্রগতিশীল Ans Ⓒ

35. কবি লোকসঙ্গীত সংগ্রহ করেছেন–
Ⓐ পাঁচ হাজার Ⓑ দশ হাজার
Ⓒ দশ হাজারেরও বেশি Ⓓ দশ হাজারেরও কম Ans Ⓒ

36. যে কবির ঘর ভাঙে, কবি তার জন্য কী করেন?
Ⓐ প্রসাদ গড়েন Ⓑ ঘর বাঁধেন
Ⓒ কূল বাঁধেন Ⓓ ভেঙে দেন Ans Ⓑ

37. 'প্রতিদান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
Ⓐ বালুচর Ⓑ ধানখেত
Ⓒ রাখালী Ⓓ রূপকথা Ans Ⓐ

38. যে কবিকে পর করেছে, কবি তার জন্য কী করেন?
Ⓐ পর করে দেন Ⓑ আপন করে নেন
Ⓒ আকুল হয়ে উঠেন Ⓓ পথের বিবাগী হন Ans Ⓑ

39. পরকে আপন করতে কবি কী করেন?
Ⓐ জেগে থাকেন Ⓑ ফুল দান করেন
Ⓒ পথের বিবাগী হন Ⓓ কেঁদে বেড়ান Ans Ⓓ

40. কবি কাকে আপন করতে কেঁদে বেড়ান?
Ⓐ বন্ধুকে Ⓑ আত্মীয়কে
Ⓒ পরকে Ⓓ পরোপকারীকে Ans Ⓒ

41. কবি দীঘল রজনী কীভাবে কাটান?
Ⓐ ঘুমিয়ে Ⓑ জেগে
Ⓒ কেঁদে Ⓓ গান গেয়ে Ans Ⓑ

42. 'দীঘল রজনী' অর্থ–
Ⓐ নির্ঘুম রাত Ⓑ নিশি রাত
Ⓒ কালো রাত Ⓓ দীর্ঘ রাত Ans Ⓓ

43. কবি দীঘল রজনী কার জন্য জাগেন?
Ⓐ যে কবির ঘর ভেঙেছে Ⓑ যে কবির ঘুম কেড়ে নিয়েছে
Ⓒ যে কবির ঘুম হরেছে Ⓓ যে কবিকে ঘুম পাড়িয়েছে Ans Ⓒ

44. 'উদাসীন' কোন শব্দের প্রতিশব্দ–
Ⓐ বিভাগী Ⓑ বিরাগী
Ⓒ হানিয়া Ⓓ ঠাঁই Ans Ⓑ

45. 'যে মোরে করিল পথের বিরাগী' এর পরবর্তী চরণ কোনটি?
Ⓐ পথে পথে ফিরি তার লাগি Ⓑ পথে পথে তার লাগি ফিরি
Ⓒ পথে পথে আমি ফিরি তার লাগি Ⓓ পথে পথে ফিরি আমি তার লাগি Ans Ⓒ

46. কবি কার কূল বাঁধেন?
Ⓐ যে কবির কূল ভেঙেছে Ⓑ যে কবির কূল বেঁধেছে
Ⓒ যে কবির কূল সাজান Ⓓ যে কবির বুক ভরেন Ans Ⓐ

47. কবিতায় কেমন রজনীর উল্লেখ রয়েছে?
Ⓐ নিশি রাত Ⓑ অমাবশ্যা
Ⓒ আলোকিত Ⓓ দীঘল Ans Ⓓ

48. যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি–
Ⓐ বাঁধি Ⓑ কাঁদি
Ⓒ বুক ভরি Ⓓ মালঞ্চ ধরি Ans Ⓑ

49. 'প্রতিদান' কবিতায় কবি কী কী বেঁধেছেন?
Ⓐ ঘর-বাড়ি Ⓑ ঘর-সংসার
Ⓒ ঘর-কূল Ⓓ ঘর ও বাগান Ans Ⓒ

50. যার জন্য কবি কাঁদেন, সে কবিকে কোথায় আঘাত করেছে?
Ⓐ অন্তরে Ⓑ মনে
Ⓒ হাতে Ⓓ বুকে Ans Ⓓ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

পদ্যাংশ

অধ্যায় 8

তাহারেই পড়ে মনে — সুফিয়া কামাল

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

লেখক সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- সুফিয়া কামাল জন্মগ্রহণ করেন– ২০ জুন ১৯১১ খ্রিষ্টাব্দ; শায়েস্তাবাদ, বরিশাল।
21. 'সরোবর' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [BRUR-A : 18-19]
Ⓐ সরো + বর Ⓑ সর + বর
Ⓒ সরঃ + বর Ⓓ সর + বোর

Solve পূর্বপদের শেষে যদি অঃ (= অস্) থাকে এবং পরপদের প্রথমে যদি বর্গের ৩য়, ৪র্থ বা ৫ম বর্ণের ধ্বনি (গ/ঘ, জ/ঝ, ড/ঢ, দ/ধ/ন, ব/ভ/ম) থাকে, কিংবা অন্তঃস্থ বর্ণ (য/র/ল) অথবা 'হ' থাকে তবে সন্ধির ফলে অঃ রূপান্তরিত হয়ে 'ও' ধ্বনি হয় এবং পূর্ববর্ণে যুক্ত হয়। যেমন :

অধঃ + গতি = অধোগতি	তিরঃ + ধান = তিরোধান
বয়ঃ + জ্যেষ্ঠ = বয়োজ্যেষ্ঠ	মনঃ + নয়ন = মনোনয়ন

22. 'অধমর্ণ' শব্দের সন্ধিবিচ্ছেদ- [SHUBD-B : 18-19]
Ⓐ অধ্ + মন Ⓑ অধম + ঋণ
Ⓒ অধম + অর্ণ Ⓓ অধ + মর্ণ

Solve অ-কার বা আ-কারের পর ঋ-কার থাকলে উভয়ে মিলে 'অর্' হয় এবং তা রেফ (র্) রূপে পরবর্তী বর্ণের সঙ্গে যুক্ত হয়। যেমন : উত্তম + ঋণ = উত্তমর্ণ, অধম + ঋণ = অধমর্ণ।

23. 'রাজকীয়' শব্দের সন্ধিবিচ্ছেদ করলে পাই – [SHUBD-B : 18-19]
Ⓐ রাজন্ + ঈয় Ⓑ রাজক্ + ঈয়
Ⓒ রাজা + কীয় Ⓓ রাজা + নীয় Ans Ⓐ

24. নিচের কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ? [MBSTU-D : 18-19]
Ⓐ তরু + ছায়া = তরুচ্ছায়া Ⓑ শরৎ + ইন্দু = শরদিন্দু
Ⓒ সুপ্ + অন্ত = সুবন্ত Ⓓ তদ্ + কর = তস্কর

Solve কতিপয় নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি :

আ + চর্য = আশ্চর্য	আ + পদ = আস্পদ
মনস + ঈষা = মনীষা	ষট্ + দশ = ষোড়শ
বৃহৎ + পতি = বৃহস্পতি	গো + পদ = গোষ্পদ
এক + দশ = একাদশ	বন্ + পতি = বনস্পতি

25. 'মাত্রাধিক্য' এর সন্ধিবিচ্ছেদ কোনটি? [MBSTU-D : 18-19]
Ⓐ মাত্রা + আধিক্য Ⓑ মাত্র + অধিক্য
Ⓒ মাত্র + আধিক্য Ⓓ মাতৃ + আধিক্য

Solve অ-কার বা আ-কারের পর অ-কার বা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়; আ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন :

মহা + অর্ঘ = মহার্ঘ	যথা + অর্থ = যথার্থ
বিদ্যা + আলয় = বিদ্যালয়	ত্বরা + অন্বিত = ত্বরান্বিত
তথা + অপি = তথাপি	মহা + আশয় = মহাশয়
ভাষা + আচার্য = ভাষাচার্য	ক্ষুধা + আতুর = ক্ষুধাতুর

26. 'শীতার্ত' শব্দের সন্ধিবিচ্ছেদ - [JUST-D : 18-19]
Ⓐ শীত + আর্ত Ⓑ শীত + ঋ
Ⓒ শীত + তার্ত Ⓓ শীত + ঋত

Solve অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' শব্দ থাকলে (অ, আ + ঋ) উভয় মিলে 'আর্' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমন : তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত।

27. 'মনীষা' শব্দের সন্ধিবিচ্ছেদ হলো - [JUST-E : 18-19]
Ⓐ মন + ঈষা Ⓑ মন + ঈষা
Ⓒ মনস + ঈষা Ⓓ মনস + ঈষা

Solve কতিপয় নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি :

আ + চর্য = আশ্চর্য	আ + পদ = আস্পদ	বন্ + পতি = বনস্পতি
মার্ত + অণ্ড = মার্তণ্ড	ষট্ + দশ = ষোড়শ	এক + দশ = একাদশ
বৃহৎ + পতি = বৃহস্পতি	গো + পদ = গোষ্পদ	পর + পর = পরস্পর
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি	তদ্ + কর = তস্কর	দিব্ + লোক = দ্যুলোক

28. কোনটি খাঁটি বাংলা ব্যঞ্জন সন্ধি? [BSMRSTU-E : 18-19]
Ⓐ গোড়া + এ = গোড়াই Ⓑ টাকা + শাল = টাকশাল
Ⓒ বিদ্যা + আলয় = বিদ্যালয় Ⓓ নিঃ + রোগ = নীরোগ

Solve বাংলা মৌখিক ভাষার সন্ধি বা ধ্বনি-পরিবর্তনের যে নিজস্ব বৈশিষ্ট্য রয়েছে তা 'খাঁটি বাংলা সন্ধি' নামে পরিচিত। যেমন : এক + এক = একেক, যত + দিন = যদ্দিন, বদ্ + জাত = বজ্জাত, ছোট + কাকা = ছোটকাকা, বেশি + কম = বেশকম, পেটে + ব্যথা = পেটব্যথা।

CamScanner

29. 'পরীক্ষা' সন্ধিবিচ্ছেদ কী? [BSMRSTU-G : 18-19]

Ⓐ পরী + ঈকা Ⓑ পরি + ঈক্ষা
Ⓒ পরি + ঈকা Ⓓ পরী + ইক্ষা

Solve ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে দীর্ঘ ঈ-কার হয়। দীর্ঘ ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন : অতি + ইত = অতীত, সতী + ইন্দ্র = সতীন্দ্র, সতী + ঈশ = সতীশ।

30. কোনটি ঠিক সন্ধিবিচ্ছেদ? [BSMRSTU-G : 18-19]

Ⓐ উৎ + শাস = উচ্ছাস
Ⓑ উৎ + ডীন = উড্ডীন
Ⓒ লভ + ধ = লব্ধ
Ⓓ বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা

Solve ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন : বৃহৎ + ঢক্কা = বৃহড্ঢক্কা, এতদ্ + ঢক্কা = এতড্ঢক্কা, মহৎ + ডমরু = মহড্ডমরু, মহৎ + ডঙ্কা = মহড্ডঙ্কা।

31. 'পরস্পর' শব্দে কোন ধরনের সন্ধি সাধিত হয়েছে? [JUST-E : 17-18]

Ⓐ ব্যঞ্জনসন্ধি Ⓑ স্বরসন্ধি
Ⓒ নিপাতনে সিদ্ধ Ⓓ বিসর্গ সন্ধি

Solve কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলো নিপাতনে সিদ্ধ সন্ধি বলে। যেমন :

আ + চর্য = আশ্চর্য	আ + পদ = আস্পদ
মনস + ঈষা = মনীষা	ষট্ + দশ = ষোড়শ
বৃহৎ + পতি = বৃহস্পতি	গো + পদ = গোষ্পদ
পতৎ + অঞ্জলি = পতঞ্জলি	তদ + কর = তস্কর
মার্ত + অণ্ড = মার্তণ্ড	হরি + চন্দ্র = হরিশ্চন্দ্র

32. 'সতীশ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি? [BSMRSTU-D : 17-18]

Ⓐ সতি + ইশ Ⓑ সতি + ঈশ
Ⓒ সতী + ইশ Ⓓ সতী + ঈশ

Solve ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে ঈ-কার হয়। ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন : পরি + ঈক্ষা = পরীক্ষা।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে?
Ⓐ সমীভবনের Ⓑ বিষমীভবনের
Ⓒ অভিশ্রুতির Ⓓ বিপ্রকর্ষের Ans Ⓐ

02. বিসর্গ সন্ধি কয় প্রকার?
Ⓐ তিন Ⓑ চার
Ⓒ দুই Ⓓ পাঁচ Ans Ⓒ

03. নিচের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
Ⓐ মার্তণ্ড Ⓑ ভাবুক
Ⓒ তন্বী Ⓓ অন্বেষণ Ans Ⓐ

04. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?
Ⓐ কুড়িক Ⓑ উচ্ছেদ
Ⓒ তৎকাল Ⓓ দুষ্কর Ans Ⓐ

05. সন্ধিতে 'র' এবং 'স' এর সংক্ষিপ্ত রূপ কোনটি?
Ⓐ ; Ⓑ ঃ
Ⓒ · Ⓓ হ Ans Ⓑ

06. কোনটির নিয়মানুসারে সন্ধি হয় না?
Ⓐ গায়ক Ⓑ আশ্চর্য
Ⓒ পশ্বধম Ⓓ নদ্যম্বু Ans Ⓑ

07. 'জগজ্জীবন' শব্দটি সন্ধির কোন নিয়মানুসারে হয়েছে?
Ⓐ ত + ঝ Ⓑ ত + জ
Ⓒ দ + ঝ Ⓓ দ + জ Ans Ⓑ

08. 'প্রৌঢ়' শব্দটির যথাযথ সন্ধিবিচ্ছেদ হলো–
Ⓐ প্র + ঊঢ় Ⓑ প্রো + ঊঢ়
Ⓒ প্র + ওঢ় Ⓓ প্রো + ঔঢ় Ans Ⓐ

09. নিপাতনে সিদ্ধ হয়ে সন্ধিবদ্ধ হয়েছে কোনটি?
Ⓐ মৃন্ময় Ⓑ বৃহস্পতি
Ⓒ বৃহদর্ঘ Ⓓ আদ্যন্ত Ans Ⓑ

10. 'উচ্ছিষ্ট' শব্দের সন্ধিসাধিত রূপ কোনটি?
Ⓐ উদ্ + শিষ্ট Ⓑ উদগ + ছিষ্ট
Ⓒ উদ্ + ষ্ট Ⓓ উদ্ + ইষ্ট Ans Ⓐ

11. নিম্নের কোনটি নিপাতনে সিদ্ধ সন্ধি?
Ⓐ বুল্টা Ⓑ সঙ্কার
Ⓒ গবেষণা Ⓓ ভাবুক Ans Ⓓ

12. 'নীরব' শব্দের সন্ধিবিচ্ছেদ–
Ⓐ নীঃ + রব Ⓑ নির্ + রব
Ⓒ নিঃ + রব Ⓓ নীর্ + রব Ans Ⓒ

13. কোনটি সন্ধিজাত শব্দ?
Ⓐ শীতল Ⓑ সংখ্যা
Ⓒ অধিকার Ⓓ তোমার Ans Ⓑ

14. 'উদ্ধার' শব্দটির সন্ধিবিচ্ছেদ হবে–
Ⓐ উঃ + ধার Ⓑ উৎ + দার
Ⓒ উৎ + ধার Ⓓ উৎ + হার Ans Ⓒ

15. বিসর্গ সন্ধির উদাহরণ নয়–
Ⓐ ইতোমধ্যে Ⓑ নীরব
Ⓒ শ্রেয়োলাভ Ⓓ বিষ্ঠোষ্ঠ Ans Ⓓ

16. 'দুরূহ' শব্দের সন্ধিবিচ্ছেদ–
Ⓐ দুঃ + উহ্ Ⓑ দুঃ + রূহ
Ⓒ দূর + উহ Ⓓ দুর + হ Ans Ⓐ

17. 'উচ্ছল' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ উৎ + শল Ⓑ উৎ + ছল
Ⓒ উৎ + চল Ⓓ উচ + ছল Ans Ⓑ

18. কোনটি নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধির উদাহরণ?
Ⓐ দ্যুলোক Ⓑ প্রৌঢ়
Ⓒ সীমন্ত Ⓓ শারঙ্গ Ans Ⓑ

19. নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি কোনটি?
Ⓐ সংযোগ Ⓑ সঞ্চয়
Ⓒ উদ্ধত Ⓓ ষোড়শ Ans Ⓓ

20. 'নিষ্কর' শব্দটির সন্ধিবিচ্ছেদ কোনটি?
Ⓐ নিঃ + কর Ⓑ নি + কর
Ⓒ নিষ্ + কর Ⓓ নিষা + কর্ Ans Ⓐ

CamScanner

ব্যাকরণ অংশ
অধ্যায় ১৪

ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ণ-ত্ব বিধান : তৎসম শব্দের বানানে 'ণ' এর যথাযথ ব্যবহারের নিয়মকে ণ-ত্ব বিধান বলে।

ণ-ত্ব বিধানের নিয়মাবলি

- **ট-বর্গীয় বর্ণের আগে যুক্ত ব্যঞ্জনে তৎসম শব্দের বানানে 'ণ' বসে। যেমন :**
  ণ্ + ট = ণ্ট : কণ্টক, ঘণ্টা, নিঘণ্টি ইত্যাদি।
  ণ্ + ঠ = ণ্ঠ : অবগুণ্ঠন, আকণ্ঠ, ময়ূরকণ্ঠী, লুণ্ঠন ইত্যাদি।
  ণ্ + ড = ণ্ড : গণ্ডমূর্খ, বাগ্‌বিতণ্ডা, কূপমণ্ডূক, পাষণ্ড, শ্মশ্রুমণ্ডিত।
- **তৎসম শব্দে 'র' এর পরে 'ণ' বসে। যেমন :** অরণ্য, করুণ, পুরাণ, বরণ, ধারণ, ধারণা, ব্যাকরণ ইত্যাদি।
- **তৎসম শব্দে রেফ (র্) এর পরে 'ণ' বসে। যেমন :** আকীর্ণ, ঘূর্ণন, দীর্ণ।
  লক্ষণীয় : সাধিত শব্দে এর ব্যতিক্রম দেখা যায়। যেমন : দুর্নাম, অহর্নিশ, দুর্নিবার, দুর্নীতি।
- **তৎসম শব্দে 'ঋ' এবং মূর্ধন্য-ষ এর পরে 'ণ' বসে। যেমন :** ঋণ, তৃণ, মৃণাল, মসৃণ, ঘৃণা, আকর্ষণ, বিভীষণ, পোষণ, দূষণ, ভূষণ, বিষণ্ন।
- **যুক্তব্যঞ্জন ক্ষ এর পর মূর্ধন্য ণ :**
  ক-য়ে মূর্ধন্য ষ যুক্ত হয়ে যুক্তব্যঞ্জন ক্ষ হয়। 'ক্ষ' এর পরে ন-ধ্বনি থাকলে তা মূর্ধন্য ণ হয়। যেমন : ক্ষণ, দক্ষিণ, পরীক্ষণ, বিচক্ষণ, লক্ষণ, ভক্ষণ।
- **পরি, প্র, নির-** এ উপসর্গের পর ণ-ত্ব বিধি অনুসারে ন-ধ্বনি মূর্ধন্য ণ হয়। যেমন : পরিণত, পরিবহণ, প্রণাম, প্রণোদিত, প্রমাণ।
  ব্যতিক্রম : পরিনির্বান, নির্নিমেষ, প্রনষ্ট।
- **'ত' বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত 'ন' কখনো 'ণ' হয় না, 'ন' হয়।** যেমন : অন্ত, গ্রন্থ, ক্রন্দন।
- **'র' কিংবা 'র'-ফলার পর 'আয়ন' শব্দটি থাকলে 'আয়ন' শব্দের দন্ত্য ন পরিবর্তিত হয়ে মূর্ধন্য ণ হয়।** যেমন : উত্তরায়ণ, চান্দ্রায়ণ, নারায়ণ।
- **তদ্ভব ক্রিয়াপদে 'ণ' বসে না, 'ন' বসে।** যেমন : করানো, ঘোরানো, ধরানো, ঝরানো, চরানো, পরানো, ধরুন, মারুন, করুন, ধরেন, মারেন, করেন, পারেন, সারেন, কষেন।
- **অপর, পরা, পূর্ব, প্র-** এ কয়েকটি পূর্বপদের পর 'অহ্ন' শব্দ বসলে দন্ত্য ন-মূর্ধন্য ণ হয়। যেমন : প্র + অহ্ন = প্রাহ্ণ। এরকম- অপরাহ্ণ, পরাহ্ণ, পূর্বাহ্ণ।
- **সমাসবদ্ধ শব্দে সাধারণত মূর্ধন্য ণ হয় না :**
  যেমন : অগ্রনায়ক, ছাত্রনিবাস, দুর্নিমিত্ত, নিষ্পন্ন, বরানুগমন, অগ্রনেতা, ত্রিনয়ন, দুর্নিরীক্ষ্য, নীরন্ধ্র, বহির্গমন, অহর্নিশ, ত্রিনেত্র, দুর্নীতি, পরনিন্দা, রূপবান, ক্ষুন্নিবারণ, দুরন্বয়, ক্ষুন্নিবৃত্তি, দুর্নাম, নির্গমন, পুরুষানুক্রমে, সর্বনাম, চিরনিদ্রা, দুর্নিবার, নির্নিমেষ, প্রনষ্ট, হরিনাম।

স্বভাবতই 'ণ' বসে এমন কয়েকটি শব্দ : (ছড়াকারে)

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি ছাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তৃণ কফণি (কনুই) বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

বিশেষ তালিকা : গণেশ, আর্ণবিক, নগণ্য, শণ, ঘুণ, জীবাণু (স্বভাবতই 'ণ')।

মূল সংস্কৃত শব্দে 'ণ' থাকলে শব্দটি তদ্ভবে রূপান্তরিত হলে 'ণ' এর পরিবর্তে 'ন' প্রযুক্ত হয়। যেমন :

তৎসম	পরিবর্তিত (তদ্ভব)	তৎসম	পরিবর্তিত (তদ্ভব)
অগ্রহায়ণ	অঘান	ব্রাহ্মণ	বামুন
এক্ষণ	এখন	মাণিক্য	মানিক
কৃষাণ	কিষান	শ্রবণ	শোনা
কোণ	কোনা	প্রণাম	পেন্নাম
ক্ষণিক	খানিক	যন্ত্রণা	যাতনা
গৃহিণী	গিন্নি	তৎক্ষণ	তখন
নিমন্ত্রণ	নেমন্তন্ন	পুণ্য	পুন্যি

ষ-ত্ব বিধান সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

ষ-ত্ব বিধান : তৎসম শব্দের বানানে মূর্ধন্য 'ষ'-এর ব্যবহারের নিয়মকে ষ-ত্ব বিধান বলে।

ষ-ত্ব বিধানের নিয়মাবলি

- **ঋ কিংবা ঋ-কারের পর মূর্ধন্য ষ :** তৎসম শব্দে ঋ কিংবা ঋ-কারের পর বানানে মূর্ধন্য ষ হয়। যেমন : ঋষভ, কৃষক, কৃষাণ, কৃষি, ঋষি, কৃষ্ণ, কৃষ্ণ, তৃষ্ণ, তৃষ্ণা, বর্ষা।
  ব্যতিক্রম : 'কৃশ' ধাতু থেকে জাত কৃশ, কৃশনা, কৃশকায় ইত্যাদি।
- **ই-কার এবং উ-কারের পর মূর্ধন্য ষ :** সন্ধিবদ্ধ, সমাসবদ্ধ কিংবা উপসর্গজাত শব্দের পরপদে কখনো দন্ত্য স এবং কখনো মূর্ধন্য ষ হয়। যেমন : অসহ কিন্তু বিষহ। এ ক্ষেত্রে একটি সরল সূত্র রয়েছে। সূত্রটি হচ্ছে : অ-স্বর এবং আ-স্বরের পর দন্ত্য স হয় এবং ই-স্বর (ই/ঈ) এবং উ-স্বর (উ/ঊ) -এর পর মূর্ধন্য ষ হয়।
- **ই স্বর এবং উ-স্বরের পর ইচ্ছা অর্থে-** সন্ প্রত্যয়ের দন্ত্য স্ পরিবর্তিত হয়ে মূর্ধন্য ষ হয়। যেমন : জিগীষা, জিজীবিষা, মুমূর্ষু, শুশ্রূষা, চিকীর্ষা, জিগীষু, জিজীবিষু।
- **ট-বর্গের সঙ্গে যুক্ত ব্যঞ্জন আকারে তৎসম শব্দে 'ষ' প্রযুক্ত হয়।** যেমন : শিষ্টাচার, অনাসৃষ্টি, অন্ত্যেষ্টি, নিকৃষ্ট, ব্যষ্টি, সমষ্টি, পরিশিষ্ট, আদিষ্ট।
- **সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর মূর্ধন্য ষ হয়।** যেমন : কল্যাণীয়েষু, প্রীতিভাজনেষু, শ্রদ্ধাভাজনেষু, শ্রীচরণেষু, প্রিয়বরেষু, সুজনেষু, বন্ধুবরেষু, সুহৃদ্‌বরেষু, শ্রদ্ধাস্পদেষু, স্নেহাস্পদেষু।

লক্ষণীয় : সম্ভাষণসূচক স্ত্রীবাচক শব্দে আ-কারের পর দন্ত্য স হয়। যেমন : কল্যাণীয়াসু, সুচরিতাসু, পূজনীয়াসু, মাননীয়াসু, সুপ্রিয়াসু, সুজনীয়াসু।

'ই', 'উ'-কারান্ত উপসর্গের পরে তৎসম শব্দের বানানে 'ষ' বসে। যেমন :

অভি	অভিষঙ্গ, অভিষেক, অভিষিক্ত।
নি	নিষঙ্গ, নিষাদী, নিষিক্ত, নিষিদ্ধ, নিষুপ্ত, নিষেধ।
পরি	পরিষদ, পরিষদীয়, পরিষ্কার, পরিষ্কৃত।
প্রতি	প্রতিষেধক।
বি	বিষণ্ন, বিষম, বিষহ, দুর্বিষহ, বিষয়, বিষাদ।
অনু	অনুষঙ্গ।
সু	সুষম, সুষুপ্ত।

CamScanner

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে কোন ধ্বনির ব্যবহারের প্রয়োজন নেই? [GST-B : 21-22]
Ⓐ শ Ⓑ স
Ⓒ ষ Ⓓ য **Ans Ⓒ**

02. 'দুর্নীতি', 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দগুলোতে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয় কেন? [KU-B : 19-20]
Ⓐ তৎসম শব্দ বলে
Ⓑ দেশি শব্দ বলে
Ⓒ বিদেশি শব্দ বলে
Ⓓ সমাসবদ্ধ শব্দ বলে **Ans Ⓓ**

03. কোনটি স্বভাবতই 'ণ' এর উদাহরণ? [BSMRSTU-G : 19-20]
Ⓐ রামায়ণ Ⓑ কণিকা
Ⓒ হরিণ Ⓓ ঋণ

Ans Ⓓ Solve স্বভাবতই 'ণ' বসে এমন কয়েকটি শব্দ।

চাণক্য	মাণিক্য	গণ	বাণিজ্য	লবণ	মণ
বেণু	বীণা	কঙ্কণ	কণিকা	কল্যাণ	শোণিত
চিক্কণ	নিক্কণ	তৃণ	কফণি	বণিক	গুণ

04. ণ-ত্ব-বিধান অনুযায়ী সমাসবদ্ধ পদের দ্বিতীয় পদে দন্ত্য-ন হয়। নিচের কোন শব্দে এ বিধি অনুসৃত হয়েছে? [JUST-D : 18-19]
Ⓐ গভর্নমেন্ট Ⓑ দুর্নীতি Ⓒ ক্লোরিন Ⓓ অন্বেষণ

Ans Ⓑ Solve বাংলা ভাষায় সাধারণত মূর্ধন্য-ণ ধ্বনির ব্যবহার নেই। সেজন্য বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য বর্ণ (ণ) লেখার প্রয়োজন হয় না। তৎসম শব্দের বানানে ণ-এর ব্যবহারের নিয়মই ণত্ব বিধান। যেমন: ব্রাহ্মণ, ভাষণ, বর্ণনা, তৃণ, কারণ, মরণ, লক্ষণ।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোন দুটি উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়?
Ⓐ অ-কারান্ত ও আ-কারান্ত
Ⓑ ই-কারান্ত ও উ -কারান্ত
Ⓒ এ-কারান্ত ও ঐ-কারান্ত
Ⓓ ও-কারান্ত ও ঐ-কারান্ত **Ans Ⓑ**

02. 'তৎসম' শব্দে 'ক, র' এর পরে কোনটি বসবে?
Ⓐ স Ⓑ ষ
Ⓒ ণ Ⓓ য **Ans Ⓒ**

03. বিদেশি এবং খাঁটি বাংলা শব্দের বানানে সর্বদাই–
Ⓐ ণ হয় Ⓑ ন হয়
Ⓒ মাঝে মাঝে ণ হয় Ⓓ ণ ও ন উভয়ই হয় **Ans Ⓑ**

04. কোন ক্ষেত্রে ণ-ত্ব বিধানের নিয়ম ঠিক থাকে না?
Ⓐ দুটি বর্ণের মিলনে সন্ধি হলে
Ⓑ কারক নির্ণয়ে
Ⓒ সমাসবদ্ধ দু পদের পার্থক্য থাকলে
Ⓓ শব্দের বানানে **Ans Ⓒ**

05. স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়েছে নিচের কোনটিতে?
Ⓐ তৃণ Ⓑ মরণ
Ⓒ কাণ্ড Ⓓ ভাণ **Ans Ⓓ**

06. নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' রক্ষিত হয়েছে?
Ⓐ ব্রাহ্মণ Ⓑ শাণ
Ⓒ হরিণ Ⓓ বর্ণ **Ans Ⓑ**

07. নিচের কোন শব্দটি স্বভাবতই ষ-ত্ব বিধি অনুসারে শুদ্ধ?
Ⓐ কোষ Ⓑ বর্ষা
Ⓒ সুষমা Ⓓ মুমূর্ষু **Ans Ⓐ**

08. কোন শব্দে স্বভাবতই ষ হয়?
Ⓐ বাম Ⓑ পৌষ
Ⓒ সুমনা Ⓓ ষষ্ঠী **Ans Ⓑ**

09. ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?
Ⓐ দুর্নীতি Ⓑ দুর্ণাম
Ⓒ গননা Ⓓ আপোশ **Ans Ⓐ**

10. ণ-ত্ব বিধান অনুযায়ী কোনটি অশুদ্ধ?
Ⓐ দুর্নীতি Ⓑ দারুণ
Ⓒ মূল্যায়ন Ⓓ বর্ণ **Ans Ⓐ**

11. নিচের যে শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়–
Ⓐ তৃণ Ⓑ লক্ষণ
Ⓒ অর্পণ Ⓓ ভীষণ **Ans Ⓐ**

12. তৎসম শব্দের নিম্নের তিনটি বর্ণের পূর্বে যুক্ত-ন সব সময় 'ণ' হয়–
Ⓐ ঠ, ফ, ত Ⓑ ট, ঠ, ড
Ⓒ প, ট, স Ⓓ ড, য, ন **Ans Ⓑ**

13. সাধিত ষ-বিশিষ্ট নয় এমন শব্দ–
Ⓐ মূষিক Ⓑ অভিষেক
Ⓒ দৃষ্টি Ⓓ সুষম **Ans Ⓐ**

14. নিচের কোন শব্দে কোনো নিয়ম ছাড়াই মূর্ধন্য-ষ বসেছে?
Ⓐ কৃষ্ণ Ⓑ কল্যাণীয়েষু
Ⓒ ভাষ্য Ⓓ অভিষেক **Ans Ⓒ**

15. ণ-ত্ব বিধি অনুসারে কোন গুচ্ছ অশুদ্ধ বানানের দৃষ্টান্ত?
Ⓐ ধরন, বরণ
Ⓑ বর্ননা, পুরোণো
Ⓒ নেত্রকোনা, পরগনা
Ⓓ রূপায়ণ, প্রণয়ন **Ans Ⓑ**

16. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?
Ⓐ পুণ্য Ⓑ গ্রহণ
Ⓒ স্মরণ Ⓓ অর্পণ **Ans Ⓓ**

17. 'ণ-ত্ব' বিধি অনুসারে কোন বানানটি ভুল?
Ⓐ পুরোনো Ⓑ ধরন
Ⓒ পরগণা Ⓓ রূপায়ণ **Ans Ⓐ**

18. কোন বানানটি খাঁটি ষ-ত্ব বিধানের উদাহরণ?
Ⓐ বিশেষণ Ⓑ ষোড়শ
Ⓒ ভূষণ Ⓓ স্পষ্ট **Ans Ⓑ**

CamScanner

ব্যাকরণ অংশ

অধ্যায় ১৫

প্রকৃতি ও প্রত্যয়

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রকৃতি : শব্দ বা ধাতু বা পদের মূল অংশকে প্রকৃতি বলে। 'প্রকৃতি' কথাটির অর্থ 'মূল' অর্থাৎ ক্রিয়ামূল ও শব্দমূল। যেমন : √চল্ + আ; এখানে 'চল' হলো প্রকৃতি বা ধাতু। আর প্রত্যয় হলো 'আ'। ক্রিয়া প্রকৃতি বুঝানোর জন্য ধাতু চিহ্ন হিসেবে √ ব্যবহার করতে হয়।

প্রকারভেদ : প্রকৃতি ২ প্রকার। যথা : ১. নাম প্রকৃতি ২. ক্রিয়া প্রকৃতি।

০১. **নাম প্রকৃতি :** বিভক্তিহীন নাম শব্দকে 'নাম প্রকৃতি/প্রাতিপদিক' বলে। অথবা, নাম পদের মূল অংশকে বলা হয় 'নাম প্রকৃতি'। যেমন : মেয়েটি বড় ভাবিনী। এ বাক্যে 'বড়' এর সঙ্গে কোনো বিভক্তি যুক্ত হয়নি।

০২. **ক্রিয়া প্রকৃতি :** ক্রিয়ার মূল বা ধাতুকে বলা হয় ক্রিয়া প্রকৃতি/ধাতু। যেমন : √নাচ্ + অন = নাচন, এখানে 'নাচ্' হলো ক্রিয়া প্রকৃতি।

প্রকৃতি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :

i. মৌলিক শব্দকে নাম প্রকৃতি বলে।
ii. নাম প্রকৃতির সঙ্গে প্রত্যয় ও বিভক্তি উভয়ই যুক্ত হতে পারে।
iii. প্রকৃতি ও প্রত্যয় বাংলা ব্যাকরণের রূপতত্ত্ব অংশের আলোচ্য বিষয়।
iv. ক্রিয়ার মূলকে শুধু ধাতু নয়, ক্রিয়া প্রকৃতিও বলে।
v. বিভক্তিহীন নাম শব্দকে প্রাতিপদিক বলে।

প্রত্যয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি

প্রত্যয় : শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতি এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে প্রত্যয় বলে। যেমন : √ডুব্ + অন্ত = ডুবন্ত, মনু + অ = মানব। এখানে 'অন্ত' এবং 'অ' হলো প্রত্যয়।

প্রকারভেদ : প্রত্যয় ২ প্রকার। যথা : ১. কৃৎ প্রত্যয় ২. তদ্ধিত প্রত্যয়।

প্রত্যয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :

i. 'ষ্ণ' প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের বৃদ্ধি হয়।
ii. প্রত্যয় শব্দের শেষে ব্যবহৃত হয়।
iii. প্রত্যয়ের সহায়তায় যেসব শব্দ গঠিত হয় তার উৎস দু'ধরনের যার একটি ধাতু অপরটি শব্দ।
iv. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য নতুন শব্দ গঠন করা।
v. 'সাৎ' প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না।
vi. ধাতুর পর 'আই' প্রত্যয় যুক্ত হলে ভাববাচক বিশেষ্য হয়।

প্রত্যয়ের স্বরগত পরিবর্তন :

➤ **গুণ :** এ প্রক্রিয়াটি নিম্নরূপ :
i. ই, ঈ স্থলে এ বা এ-কার (ে) হয়। যেমন : √চিন্ + আ = চেনা।
ii. উ, ঊ স্থলে ও বা ও-কার (ো) হয়। যেমন : √ধু + আ = ধোয়া।
iii. ঋ স্থলে অর্ হয়। যেমন : √কৃ + অন = করণ।

➤ **বৃদ্ধি :** এ প্রক্রিয়াটি নিম্নরূপ :
i. অ স্থলে আ বা আ কার (া) হয়। যেমন : √পচ্ + অক = পাচক।
ii. উ, ঊ স্থলে ঔ বা ঔ কার (ৌ) হয়। যেমন : যুব + অন = যৌবন।
iii. ঋ স্থলে আর্ হয়। যেমন : √স্মৃ + অক = স্মারক।

➤ **সম্প্রসারণ :** এ প্রক্রিয়াটি নিম্নরূপ :
i. ব স্থলে উ হয়। যেমন : √বচ্ + ত = উক্ত।
ii. র স্থলে ঋ হয়। যেমন : √গ্রহ্ + ত = গৃহীত।

বাংলা কৃৎপ্রত্যয়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
মথিত	√মথ্ + ইত	মার	√মার্ + অ
দেওন	√দে + অন	খাওন	√খা + অন
ছাওন	√ছা + অন	পড়া	√পড় + আ
দোলক	√দুল্ + অক	বাঁধনি	√বাঁধ্ + অনি
পাকড়াও	√পাকড় + আও	মোড়ক	√মুড় + অক
চড়াও	√চড় + আও	শুনানি	√শুন্ + আনি
জানানি	√জান্ + আনি	মাতাল	√মাত্ +আল
ডুবুরি	√ডুব্ + উরি	ভাজি	√ভাজ্ + ই
মিশাল	√মিশ্ + আল	মরিয়া	√মর্ + ইয়া
বেড়ি	√বেড় + ই	ডাকু	√ডাক্ + উ
পড়তা	√পড় + তা	বাড়তি	√বাড়্ + তি
ঘাটতি	√ঘাট্ + তি	ডাক	√ডাক্ + অ
ছাড়	√ছাড়্ + অ	পাওন	√পা + অন
গাওন	√গা + অন	ঝাড়ন	√ঝাড় + অন
মিশুক	√মিশ্ + উক	বাজনা	√বাজ্ + অনা
মাজন	√মাজ্ + অন	ঢাকনা	√ঢাক্ + অনা
থাকা	√থাক্ + আ	ঘুমন্ত	√ঘুম্ + অন্ত
ফোটা	√ফুট্ + আ	ফুটন্ত	√ফুট্ + অন্ত
বাড়ন্ত	√বাড় + অন্ত	টনক	√টন্ + অক
খোদাই	√খুদ্ + আই	বসা	√বস্ + অ + আ
ভরা	√ভৃ + আ	ঢালাই	√ঢাল + আই
মরিয়া	√মর্ + ইয়া	জাগান	√জাগ্ + আন
বাঁধান	√বাঁধ + আন	উজান	√উজ্ + আন
ঝাঁকানি	√ঝাঁক্ + আনি	চালান	√চাল্ + আন
লেখক	√লিখ্ + অক	হাঁচি	√হাঁচ্ + ই
হাসি	√হাস্ + ই	গাইয়ে	√গা + ইয়ে
পিছল	√পিছ্ + অল	সাজোয়া	√সাজ্ + উয়া
বাজিয়ে	√বাজ্ + ইয়ে	কাঁদুক	√কাঁদ + উক
ঝরনা	√ঝর্ + না	বাঁচোয়া	√বাঁচ্ + ওয়া
ধরতা	√ধর্ + তা	চলতা	√চল্ + তা
কাটতি	√কাট্ + তি	উঠতি	√উঠ্ + তি
কমতি	√কম্ + তি	গনতি	√গন্ + তি
মাগনা	√মাগ্‌ন + আ	দলিত	√দল্ + ইত
বাটনা	√বাট্ + না	ফাটক	√ফাট্ + অক

CamScanner

সংস্কৃত কৃৎপ্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
পাচক	√পচ্ + অক	জনক	√জন + অক
পাঠ	√পঠ্ + অ	মন্ত্র	√মন্ত্র + ট্র
হরণ	√হৃ + অন	জ্ঞান	√জ্ঞা + অন
যাচ্ঞা	√যাচ্ + অন + আ	মন্ত্র	√মন্ত্র + ট্র
রক্ত	√রন্জ + ক্ত	জীর্ণ	√জী + ক্ত
প্রবিষ্ট	√প্রবিশ্ + ক্ত	বিশ্বিষ্ট	√বিশ্ব + ক্ত
উক্ত	√বচ্ + ক্ত	শয়ান	√শী + অন
প্রশ্ন	√প্রচ্ছ + ন	স্বপ্ন	√স্বপ্ + ন
পাচ্য	√পচ্ + য + আ	ঘোষ্ট	√ঘোষ্ + ট
উপকার্য	উপ + √কৃ + য	ইষ্ট	√ইষ্ + ট
ঈর্ষা	√ঈর্ষ্য + অ + আ	দৃষ্ট	√দৃশ্ + ক্ত
আহত	আ + √হন + ক্ত	যুদ্ধ	√যুধ্ + ক্ত
বাস	√বস + অ	জ্ঞাত	√জ্ঞা + ক্ত (ত)
খাত	√খন + ক্ত (ত)	মুক্ত	√মুচ্ + ক্ত (ক্ত)
পক্ক	√পচ্ + ক্ত (ক্ত)	জাত	√জন + ক্ত
লব্ধ	√লভ্ + ক্ত (ক্ত)	ছিন্ন	√ছিদ্ + ক্ত (ক্ত)
লব্ধ	√লভ্ + ক্ত (ক্ত)	নত্ত	√নম + ক্ত (ক্ত)
সৃষ্টি	√সৃজ্ + ক্ত (ক্ত)	উক্ত	√বচ্ + ক্ত (ক্ত)
মুক্তি	√মুচ্ + ক্তি (ক্তি)	ঈশ্বর	√ঈশ + বর
পাঠ	√পঠ্ + ঘ (ঘঞ্)	সেনা	√সি + ন + আ
পাঠী	√পা + ঈন	ধার্য	√ধৃ + য
মন্ত্র	√মন্ত্র + ট্র	ছেদ	√ছিদ + অ
ইচ্ছা	√ইষ + অ + আ	সেতু	√সি + তু
ত্রিনেত্র	√ত্রিনেত্র + ট্র + ব	কৃষ্টি	√কৃষ + ক্তি (ক্তি)

বাংলা তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
কামা	কাম + আ	চোকোশ	চোকা + পনা
ভিড়	ভিড় + আ	বাবা	বাবা + আ
সেকেল	সে + কেল	পাকাপাকি	পাকা + পাকি
মহিম	মহা + ম	নামতা	নাম + তা
কমিনী	কাম + ইনী	চালাকি	চালাক + কি
চড়ক	চড় + ক	পাকাপনা	পাকা + পনা
সোনা	সোন + আ	চন্দ্র	চন্দ + র
ডুকরা > ডুকরে	ডুক + ইয়া	পাড়ুক	পাড় + উক
বাড়ুয়া	বাড় + উয়া	ঈশানত্ব	ঈশান + ত্ব
ঘরোয়া	ঘর + ইয়া	বাটোয়া	বাটা + ওয়া
জলুয়া > জলো	জল + উয়া	সিনত্ব	সিন + ত্ব
সুবচনা	সুবচ + পনা	ছোটখুটো	ছোট + খুট

সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ঔদর	উদর + য	পাঠ	পঠ + য
আর্য	ঋষি + য	কৌরব	কুরু + য
দৈব	দিব + য	দেশ	দিশ + য
পৌরবী	পুরুষ + য (ঈ)	পৌরব	পুরুষ + য
পৌরব	পুরুষ + য	পৌত্র	পুত্র + য
পৌরব	পুরু + য	ছেলে	ছিল + য
পৌত্রিক	পৌত্র + ইক	দেব	দেব + য
সহিত্য	সহিত + য	নাবিক	নৌ + ইক
পৌত্রিক	পুত্র + ইক	ঔপন্যাসিক	উপন্যাস + ইক
পঞ্চিত	পঞ্চা + ইত	পথিক	পথ + ইক
তদ্ধিম	তদ্ধা + ইম	পঞ্চাশ	পঞ্চাশ + ইম
গ্রামীণ	গ্রাম + ইন	মানবিক	মানব + ইক
পাথের	পথিন + এয়	পৈতৃক	পিতৃ + ইক
মাতৃক	মাতৃ + ক	মাতৃত্ব	মাতৃ + ত্ব
গ্রাম্য	গ্রাম + য	চক্ষুষ্মত	চক্ষু + মত
স্বাভাবিক	স্বভাব + ইক	প্রাচুর্য	প্রচুর + য
পৌরোহিত্য	পুরোহিত + য	প্রাচ্য	প্রাচ + য
কনিষ্ঠ	কনন + ইষ্ঠ	ক্ষুদ্রতম	ক্ষুদ্র + তমট
গ্রামিক	গ্রাম + ইক	বালক	বালা + ক
বৈন্য	বিনয় + য	সর্বাত্মক	সর্বাত্ম + ক
বন্ধুত্ব	বন্ধু + ত্ব	পানতা	পানি + তা
সৌভনা	সুভন + য	বৈমাত্রেয়	বিমাতৃ + এয়

বিদেশি তদ্ধিত প্রত্যয়ের গুরুত্বপূর্ণ উদাহরণ

মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূল শব্দ	প্রকৃতি ও প্রত্যয়
মজদুরনি	মজুর + অনি	দারোগাগিরি	দারোগা + গিরি
দাদাগিরি	দাদা + গিরি	পাহারাদারি	পাহারা + দারি
কবিগিরি	কবি + গিরি	মাস্টারগিরি	মাস্টার + গিরি
মাস্তানগিরি	মাস্তান + গিরি	মুটেগিরি	মুটে + গিরি
বাবুগিরি	বাবু + গিরি	নারেয়ন	ঘর + ওয়ান
দিলখোলা	দিল + খোলা	মুনিখানা	মুদি + খানা
ছাঁটাইখানা	ছাঁট + খানা	ছাপাখানা	ছাপা + খানা
মুসাফিরখানা	মুসাফির + খানা	কসাইখানা	কসাই + খানা
দপ্তরখানা	দপ্তর + খানা	নস্করখানা	নস্কর + খানা
বেশরম	বে + শরম	গালিচা	গালি + চা
চামড়া	চাম + চা	বাবুর্চিখানা	বাবুর্চি + খানা
বাহিনাল/দানি	বাহি + দান	মজাদার	মজা + দার
ফৌজদার	ফৌজ + দার	অংশীদার	অংশী + দার
জমিদার	জমি + দার	নীলচে	নীল + চে
সমঝদার	সমঝ + দার	জোয়ারদার	জোয়ার + দার

CamScanner

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

01. মনু + ষ্ণ-এর মূল ভাব কোনটি? [GST-B : 21-22]

Ⓐ মানব Ⓑ মানুষ
Ⓒ মনুষ্য Ⓓ মনসা

Solve Ⓐ মনু + ষ্ণ = মানব (সংস্কৃত তদ্ধিত প্রত্যয় সাধিত)। একরকম শুক্ল + ষ্ণ = শৌরব, শিশু + ষ্ণ = শৈশব, মধু + ষ্ণ = মাধব।

02. শব্দের শেষে কোনটি যুক্ত হওয়ার পরে আর কিছু যুক্ত হয় না? [GST-B : 21-22]

Ⓐ উপসর্গ Ⓑ প্রত্যয়
Ⓒ প্রকৃতি Ⓓ বিভক্তি Ans Ⓑ

03. কৃৎপ্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি? [GST-B : 20-21]

Ⓐ নাচক Ⓑ কেষ্টা
Ⓒ ঘুন Ⓓ গুনানি

Solve Ⓑ অবজ্ঞা, নিন্দা (বৈশিষ্ট্য), আদর বা তুচ্ছার্থে বিশেষণ শব্দ গঠনে 'আ' প্রত্যয় ব্যবহার করা হয়। যেমন : চোর + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা, পাগল + আ = পাগলা, বামন + আ = বামনা, জন + আ = জনা, রাম + আ = রামা, কাল + আ = কালা, ছাগল + আ = ছাগলা।

04. প্রাতিপদিকের যথার্থ প্রতিশব্দ নিচের কোনটি? [KU-B : 19-20]

Ⓐ প্রকৃতি Ⓑ নাম শব্দ
Ⓒ নাম প্রকৃতি Ⓓ ক্রিয়া প্রকৃতি

Solve Ⓒ বিভক্তিহীন নাম শব্দকে 'নাম প্রকৃতি/প্রাতিপদিক' বলে। অথবা, নাম পদের মূল অংশকে বলা হয় 'নাম প্রকৃতি'। যেমন : মেয়েটি বড় ভাবিনী। এ বাক্যে 'বড়' এর সঙ্গে কোনো বিভক্তি যুক্ত হয়নি।

05. কোন শব্দের ধাতুর সঙ্গে প্রত্যয় যুক্ত হয়েছে? [BSMRSTU-E : 19-20]

Ⓐ চণ্ডী Ⓑ পানসে
Ⓒ পাঠক Ⓓ সেলামি

Solve Ⓒ 'পঠ্' ধাতুর সাথে অক প্রত্যয় যোগ করে পাঠক শব্দটি গঠিত। কতিপয় কৃৎ-প্রত্যয়ের উদাহরণ : √হন্ + অক = ঘাতক, √ধ্রু + অক = ধ্রাবক, √গ্রহ্ + ইন = গ্রাহী।

06. তদ্ধিত প্রত্যয়যুক্ত শব্দ কোনটি? [JUST-E : 19-20]

Ⓐ দর্শন Ⓑ বাংলাদেশি
Ⓒ বর্ষণ Ⓓ ঘর্ষণ

Solve Ⓑ উৎস বা উৎপত্তিস্থল অর্থে বিশেষণ শব্দ গঠনে 'ই' প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন : কাশ্মির + ই = কাশ্মিরি, বিলাত + ই = বিলাতি, বাংলাদেশ + ই = বাংলাদেশি, নেপাল + ই = নেপালি।

07. 'প্রতিযোগিতা' শব্দটিতে প্রত্যয় রয়েছে– [BSFMSTU-C : 19-20]

Ⓐ একটি Ⓑ দুইটি
Ⓒ তিনটি Ⓓ একটিও না

Solve Ⓐ বিশেষ্য গঠনে তা ও ত্বা প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন : বন্ধু + তা = বন্ধুতা, শত্রু + তা = শত্রুতা, প্রতিযোগিন্ + তা = প্রতিযোগিতা, বন্ধু + ত্ব = বন্ধুত্ব, গুরু + ত্ব = গুরুত্ব, মহৎ + ত্ব = মহত্ত্ব।

08. তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ কোনটি? [CoU-C : 19-20]

Ⓐ নি + √দ্রা + আলু Ⓑ ডুব্ + আরি
Ⓒ নাচ্ + অন Ⓓ চাম + ড়া

Solve Ⓓ কতিপয় গুরুত্বপূর্ণ তদ্ধিত প্রত্যয় : বিধি + অ = বৈধ, পৃথিবী + অ = পার্থিব, তিল + অ = তৈল, শিশু + অ = শৈশব, সুহৃদ্ + অ (য) = সৌহার্দ্য, যুবন + অ = যৌবন, সুরভি + অ = সৌরভ, শুচি + অ = শৌচ।

09. 'যোদ্ধা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়? [RU-B : 19-20]

Ⓐ √যোধ্ + তৃচ Ⓑ √যুধ + তা
Ⓒ √যোধ্ + হা Ⓓ √যুধ + তৃ

Solve Ⓑ তৃচ – প্রত্যয় ('চ' ইৎ 'তৃ' থাকে) : প্রথমা একবচনে 'তৃ' স্থলে 'তা' হয়। যেমন – √দা + তৃচ = √দা + তা = দাতা √মা + তৃচ = মাতা, √ক্রী + তৃচ = ক্রেতা। বিশেষ নিয়মে : √যুধ + তৃচ = √যুধ + তা = যোদ্ধা।

10. 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু থেকে গঠিত? [RU-B : 19-20]

Ⓐ দেশি Ⓑ সংস্কৃত মূল
Ⓒ বিদেশি Ⓓ খাঁটি বাংলা

Solve Ⓑ বাংলা ভাষায় বেশকিছু তৎসম ক্রিয়াপদের ধাতু প্রচলিত রয়েছে তাদের সংস্কৃত ধাতু বলে। যেমন : কৃ, গম্, ধৃ, পঠ্, পঠ্। পঠ ধাতু দ্বারা সাধিত পদ– পঠন, পাঠ্য, পঠিত, পাঠক।

11. বিভক্তিহীন নামশব্দকে কী বলে? [BRUR-A : 19-20]

Ⓐ সর্বনাম Ⓑ সমাস
Ⓒ প্রতিপাদিক Ⓓ প্রাতিপদিক

Solve Ⓓ বিভক্তিহীন নামশব্দকে প্রাতিপদিক বলে। যেমন : হাত, বই, কলম ইত্যাদি।

12. প্রত্যয় প্রধানত কত প্রকার? [JKKNIU-E : 19-20]

Ⓐ ৫ Ⓑ ৪
Ⓒ ৩ Ⓓ ২

Solve Ⓓ শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতি এবং ক্রিয়া প্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে প্রত্যয় বলে। যেমন : √ডুব্ + অন্ত = ডুবন্ত, মনু + অ = মানব। এখানে 'অন্ত' এবং 'অ' হলো প্রত্যয়। প্রত্যয় ২ প্রকার। যথা : ১. কৃৎ প্রত্যয় ২. তদ্ধিত প্রত্যয়।

13. নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত? [JKKNIU-D : 19-20]

Ⓐ প্রলয় Ⓑ খণ্ডিত
Ⓒ নিঃশ্বাস Ⓓ নীর

Solve Ⓑ কতিপয় গুরুত্বপূর্ণ প্রকৃতি-প্রত্যয় :

মূলশব্দ	প্রকৃতি ও প্রত্যয়	মূলশব্দ	প্রকৃতি ও প্রত্যয়
ডুবরি	√ডুব্ + উরি	চলন্ত	√চল্ + অন্ত
মোড়ক	√মুড় + অক	বাঁধনি	√বাঁধ্ + অনি
পাকড়াও	√পাকড় + আও	খাওন	√খা + অন

14. নিচের কোনটি বাংলা ধাতু নয়? [JKKNIU-D : 19-20]

Ⓐ কাট্ Ⓑ কাঁদ্
Ⓒ জান্ Ⓓ মাগ্

Solve Ⓓ যেসব ধাতু বা ক্রিয়ামূল সংস্কৃত থেকে সোজাসুজি আসেনি সেগুলো হলো বাংলা ধাতু। যেমন : আঁক্, কহ্, কাট্, কর্, কাঁদ্, কিন্, খা, গড়্, ঘষ্, দেখ্, ধড়্, পড়্, বাঁধ, বুঝ্, রাখ্, শুন্, থাক্, হাস্ ইত্যাদি।

15. 'যোগ' এর সঠিক প্রত্যয় কোনটি? [JKKNIU-D : 19-20]

Ⓐ √যুজ + ঘঞ Ⓑ √যুজ্ + ঘঞ
Ⓒ যুজ্ + ঘঞ্ Ⓓ যুজ্ + ঘ্ঞ

Solve Ⓑ কতিপয় গুরুত্বপূর্ণ প্রকৃতি-প্রত্যয় : বিধি + অ = বৈধ, পৃথিবী + অ = পার্থিব, তিল + অ = তৈল, শিশু + অ = শৈশব, সুহৃদ্ + অ (য) = সৌহার্দ্য, যুবন + অ = যৌবন, সুরভি + অ = সৌরভ, শুচি + অ = শৌচ।

CamScanner

16. ঠিক ক্রোড় কোনটি? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ হাসান, হাসাই ⓑ চলন, চোলে
ⓒ নিবন্ধ, পাঠক ⓓ লাভন, লাভনাই

Solve প্রদত্ত শব্দগুলোর প্রকৃতি-প্রত্যয় : √লিখ + অন = লিখন, √হাস + আই = হাসাই, √চল + অন = চলন, √লভ + ইত = লভিত, √পঠ + অক = পাঠক, √চল + অন = চলন, √লভ + আই = লভাই।

17. 'আমি অর্থ বোঝাতে যোগ হলেও হলায় হয়েছে হয়, তাদেরকে কী বলে? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ মূল হলায় ⓑ অধিক হলায়
ⓒ অসমাপ্তি হলায় ⓓ অর্থগত হলায়

Solve শব্দের আগে যোগ হলায় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাদেরকে অধিক হলায় বলা হয়। যেমন: আমি + ষ = আমি, যোগ + ষ = যোগ, যোগ + ষ = যোগ, হাস + ষ = হাস, মূল + ষ = মূল।

18. কোনটি অধিক হলায়? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ পড়ুয়া ⓑ হাসাক
ⓒ খাওয়া ⓓ সাধক

Solve প্রদত্ত শব্দগুলোর প্রকৃতি-প্রত্যয় : খা + ওয়া = খাওয়া, √পড় + উয়া = পড়ুয়া, √হাস + আক = হাসাক, √সাধ + অক = সাধক।

19. শব্দের আগে ও পুরোপুরি অর্থযোগক একক পাওয়া যায়, তাকে কী বলে? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ হলায় ⓑ আই
ⓒ ধাতু ⓓ ষ

Solve ধাতু : ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে যুক্তি অংশ পাওয়া যায় ধাতু বা ক্রিয়ামূল এবং বিভক্তি বিভক্তি ক্রিয়াপদ থেকে ক্রিয়াবিভক্তি বাদ দিলে যা থাকে তাই ধাতু।

আই : অনুমোদন মূলধিকারের অর্থযোগক আগমকারকেই আই বলে।

20. 'পড়ুয়া শব্দটি নিম্নের কোনটি থেকে গঠিত? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ উপসর্গযোগে ⓑ প্রত্যয়যোগে
ⓒ সমাসযোগে ⓓ অনুসর্গযোগে

Solve বিশেষণ গঠনে আ প্রত্যয় হয়। যেমন: √উড় + আ = উড়ুয়া, √দুখ + আ = দুখুয়া, √পড় + আ = পড়ুয়া।

21. 'উক' এর আধিক্য কোনটি? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ লোক ⓑ মুখ
ⓒ শিখ ⓓ দেহ

Solve কয়েকটি ধাতুর আধিক্য ও উদাহরণ :

মুখ- আধিক্য	মুখ, মুখ, মুখ (মুখরোচক) ইত্যাদি
লোক- আধিক্য	লোক, লোক ইত্যাদি
শিখ- আধিক্য	শিখ, শিখিত, শিখিত ইত্যাদি

22. 'মোটা থেকে মুটা' কী অর্থে প্রযোজ্য? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ ক্রীয়িক ⓑ উপাধীয়িক
ⓒ পূর্তি ⓓ ঘটনা

23. ই-প্রত্যয়যোগে গঠিত স্ত্রীলিঙ্গ কোনটি? [১৯-২০]

ⓐ জোলনী ⓑ ধোবনী
ⓒ বাঘিনী ⓓ নাতি

Solve ই-প্রত্যয়যোগে গঠিত কয়েকটি স্ত্রীলিঙ্গ শব্দ : ডাকাতি, ভিখারী, ঘোড়শী, মালনী, কুমারী, বৈষ্ণবী, চতুরশী, নিশাচরী, ডাকাতি, ধোবনী, মধুরী, সুন্দরী, সিংহী, ভয়ঙ্করী।

24. 'অসম' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [১৯-২০]

ⓐ √অস + অসি ⓑ √অস + অম
ⓒ √অসম + অসি ⓓ √অসম + অম

Solve অসি প্রত্যয় : অসি প্রত্যয়ের ক্ষেত্রে যে ধাতু নিয়ে শব্দ গঠন করে, সেখানে √অস + অসি = √অস + অম (আগ ও পরিবর্তন করে), কারণ √ঈ + অসি = √ঈ + অম > ঈ + অম (আগ পূর্বের) = নেয়।

25. 'বৃদ্ধি' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [১৯-২০]

ⓐ √বৃদ্ধ + ধি ⓑ √বৃদ্ধ + ধি
ⓒ √বৃদ্ধ + ধি ⓓ √বৃদ্ধ + ধি

Solve এটি ব্যাকরণের পদ্ধতি। প্রত্যয় অনুযায়ী প্রকৃতি-প্রত্যয় : √বৃদ্ধ + ধি = বৃদ্ধি, √অন্ধ + ধি = অন্ধি, √সিন্ধ + ধি = সিন্ধি।

26. অকৃত ধাতু : (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ খা ⓑ অস
ⓒ ঘট ⓓ হস

Solve অকৃত ধাতু : ব্যাকরণে ক্রিয়াপদের প্রধান ধাতু যেসব ধাতু কোনো ধাতু বা প্রত্যয়ের সাহায্য ছাড়া ধাতুরূপে ব্যবহৃত হয়, তাদের অকৃত ধাতু বলে। যেমন: খা, পা, দা, যা, হা।

27. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ প্রকৃতি ⓑ প্রতিপদিক
ⓒ ধাতু ⓓ ক্রিয়া

Solve বিভক্তিযুক্ত নাম শব্দকে পদ বলে। যেমন বিভক্তিহীন নাম শব্দকে প্রতিপদিক বলে। যেমন: ঘর, ফল, নদী।

28. ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে পাওয়া যায়: (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ ক্রিয়াঙ্গ ⓑ ক্রিয়াবিভক্তি
ⓒ ধাতু ⓓ পদপ্রকৃতি

Solve ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু বা ক্রিয়ামূল। ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে যুক্তি অংশ পাওয়া যায় ক, ধাতু বা ক্রিয়ামূল এবং বিভক্তি। ক্রিয়াপদ থেকে ক্রিয়া বিভক্তি বাদ দিলে যা থাকে তাই ধাতু।

29. কোনটি ঈষৎ প্রত্যয়যুক্ত শব্দ? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ হাসক ⓑ হাসন
ⓒ হাসিক ⓓ হাসিল

Solve হাসিক শব্দটি প্রকৃতি-প্রত্যয় : √হাস + ইক।

30. ক্রিয়াপদের মূল অংশকে বলা হয়? (৪৪৪৭১৫৫) [১৯-২০]

ⓐ ধাতু ⓑ প্রতিপদিক
ⓒ প্রত্যয় ⓓ অনুসর্গ

Solve কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য :

প্রতিপদিক	বিভক্তিহীন নাম শব্দকে প্রতিপদিক বলে। যেমন: পাখি, বই।
প্রত্যয়	শব্দ গঠনের জন্য শব্দ বা নামের প্রকৃতির সঙ্গে ক্রিয়া প্রকৃতির যুক্ত হয়ে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে প্রত্যয় বলে। যেমন: √চুর + অক = চুরক। এখানে অক হলো প্রত্যয়।
অনুসর্গ	প্রত্যয়ের মতো পরসর্গেরও কিছু অর্থ থাকে, যা ধাতু বা শব্দের সঙ্গে যুক্ত হয় না। এ পরসর্গটি আলাদা বা সোজা থাকে, তাকে ইংরেজিতে অনুসর্গ বলে। যেমন: √দান + ক = দাতা। এখানে ক অনুসর্গ।

31. কোনটি কৃৎপ্রত্যয়? [MBSTU-D : 18-19]
Ⓐ ঢাকা + আই Ⓑ রাখ্ + আল
Ⓒ জাল + উয়া Ⓓ ইরান + ই

Solve কতিপয় কৃৎপ্রত্যয় : √রাখ্ + আল = রাখাল, √গ্রন্থ্ + ইত = গ্রন্থিত, √বপ্ + ত = উপ্ত, √চল্ + ইত = চলিত, √দা + তব্য = দাতব্য, √মন্ + তব্য = মন্তব্য, √কৃ + তব্য = কর্তব্য, √রনজ্ + ত = রক্ত, √মুহ্ + ত = মুগ্ধ, √ভূ + উক = ভাবুক, সম্ + √ধা + ই = সন্ধি।

32. 'মহিমা' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি? [NSTU-E : 18-19]
Ⓐ মহৎ + ইমন Ⓑ মহা + ইমন
Ⓒ মহ + ইমন Ⓓ মহ + ইমন

Solve 'ইম বা ইমন্' প্রত্যয়যোগে কতিপয় গুরুত্বপূর্ণ তদ্ধিত প্রত্যয় : অগ্র + ইম = অগ্রিম, পশ্চ + ইম = পশ্চিম, গুরু + ইমা (ইমন্) = গরিমা, মধুর + ইমা (ইমন্) = মধুরিমা, রক্ত + ইমা (ইমন্) = রক্তিমা, নীল + ইমা (ইমন্) = নীলিমা।

33. 'দুগ্ধ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয়– [JUST-D : 18-19]
Ⓐ √দুহ্ + ত Ⓑ √দুধ্ + য
Ⓒ √দুহ্ + গ Ⓓ √দু + গ্ধ

Solve কতিপয় শব্দের প্রকৃতি ও প্রত্যয় :

মূলশব্দ	প্রকৃতি-প্রত্যয়	মূলশব্দ	প্রকৃতি-প্রত্যয়
ছুটি	√ছুট্ + ই	ভরা	√ভৃ + আ
অগ্রিম	অগ্র + ইম	মাধুর্য	মধুর + য

34. কৃৎ-প্রত্যয়জাত শব্দ – [BSMRSTU-G : 18-19]
Ⓐ বৈমানিক Ⓑ জলীয়
Ⓒ পাঠক Ⓓ গৌরব

Solve ক্রিয়া প্রকৃতির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে বলে কৃৎ-প্রত্যয়। যেমন : চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন (কৃৎ-প্রত্যয়) = চলন। কৃৎ-প্রত্যয়জাত কতিপয় শব্দ : পড়ুয়া, নাচুনে, হার, রান্না, ভোজন, নর্তন, শিক্ষিত, চালিত।

35. 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে' কে বিষাদে বলল ? [BSMRSTU-G : 18-19]
Ⓐ রাবণ Ⓑ রাম
Ⓒ মেঘনাদ Ⓓ বিভীষণ

Solve উদ্ধৃত চরণটি মাইকেল মধুসূদন দত্তের (১৮২৪-১৮৭৩) 'মেঘনাদবধ কাব্যে'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গের 'বিভীষণের প্রতি মেঘনাদ' নামক কবিতা থেকে নেওয়া হয়েছে। কবিতাটি ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিস্বাধীন অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

36. মূল ক্রিয়ার (এক দল) ধাতুর সাথে কোন প্রত্যয়যোগে প্রযোজক ক্রিয়ার ধাতু গঠিত হয়? [BSMRSTU-D : 17-18]
Ⓐ অ-প্রত্যয় যোগে Ⓑ আ-প্রত্যয় যোগে
Ⓒ ই-প্রত্যয় যোগে Ⓓ ও-প্রত্যয় যোগে

Solve মৌলিক ধাতুর পরে প্রেরণার্থে (অপরকে নিয়োজিত করা অর্থে) 'আ' প্রত্যয় যোগ করে প্রযোজক বা ণিজন্ত ধাতু গঠিত হয়। যেমন : কর্ + আ = করা, পড় + আ = পড়া।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'চোর' শব্দে 'আ' প্রত্যয় যুক্ত করলে কী অর্থ প্রকাশ করে?
Ⓐ সামান্য Ⓑ সাদৃশ্য
Ⓒ অবজ্ঞা Ⓓ মিঠাই **Ans C**

02. কৃদন্ত বিশেষণ গঠনে কৃৎপ্রত্যয় কোনটি?
Ⓐ ভোজ্য Ⓑ চলিষ্ণু
Ⓒ আত্মঘাতী Ⓓ শ্রমী **Ans B**

03. কোনটি নিপাতনে সিদ্ধ প্রত্যয়যুক্ত শব্দ?
Ⓐ শৈব Ⓑ সৌর
Ⓒ দৈব Ⓓ চৈত্র **Ans B**

04. কোনটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ নয়?
Ⓐ ভাবুক Ⓑ পঙ্কিল
Ⓒ গরিব Ⓓ বৈজ্ঞানিক **Ans C**

05. ভাববাচক বিশেষ্য পদ গঠনে ধাতুর পরে কোন প্রত্যয় যুক্ত হয়?
Ⓐ আন Ⓑ আল
Ⓒ আও Ⓓ আই **Ans D**

06. নিচের কোনটি বাংলা কৃৎপ্রত্যয়?
Ⓐ দর্শন Ⓑ প্রকৃতি
Ⓒ জিত Ⓓ জাত **Ans C**

07. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?
Ⓐ ষ্ণিক Ⓑ ষেয়
Ⓒ সাৎ Ⓓ সা **Ans C**

08. বিদেশি তদ্ধিত প্রত্যয়যোগে গঠিত শব্দ কোনটি?
Ⓐ মেধাবী Ⓑ নীলিমা
Ⓒ গিন্নিপনা Ⓓ মেঘলা **Ans C**

09. প্রত্যয় ও বিভক্তিহীন নামপদকে কী বলে?
Ⓐ ধাতু Ⓑ প্রতিনাম
Ⓒ প্রাতিপদিক Ⓓ কৃদন্ত **Ans C**

10. বাংলা কৃদন্ত শব্দ কোনটি?
Ⓐ বহতা Ⓑ মৌন
Ⓒ জ্যান্ত Ⓓ দাপট **Ans A, C**

11. 'বাবুর্চি' শব্দের 'চি' প্রত্যয়টি–
Ⓐ ফারসি Ⓑ আরবি
Ⓒ সংস্কৃত Ⓓ তুর্কি **Ans D**

12. 'ধার্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয়–
Ⓐ ধৃ + য্য Ⓑ ধৃ + য
Ⓒ ধা + র্য Ⓓ ধার + য **Ans B**

13. 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত শব্দ–
Ⓐ চৈত্র Ⓑ শৈব
Ⓒ সৌর Ⓓ দৈব **Ans C**

14. ক্ষুদ্রার্থে 'ইকা' প্রত্যয়যোগে গঠিত–
Ⓐ নায়িকা Ⓑ সেবিকা
Ⓒ মালিকা Ⓓ শ্যালিকা **Ans C**

15. কোনটি প্রত্যয়ান্ত শব্দ?
Ⓐ লামা Ⓑ জামা
Ⓒ গামা Ⓓ হেমা **Ans D**

16. বিদেশি প্রত্যয়যুক্ত শব্দ–
Ⓐ বাঁদরামি Ⓑ অংশীদার
Ⓒ কর্তব্য Ⓓ বাছাই **Ans B**

CamScanner

ব্যাকরণ অংশ
অধ্যায় ১৬

শব্দের শ্রেণিবিভাগ (Classification of Words)

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

■ **সংজ্ঞা :** ভাষার মুখ্য উপাদান শব্দ। এক বা একাধিক অর্থবোধক ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে বলা হয় শব্দ, কিংবা অর্থ আছে এমন ধ্বনি হলো শব্দ। যেমন : কোরান, ত্রিপিটক, বাইবেল। শব্দের সামষ্টিক রূপেই গড়ে ওঠে ভাষার বাক্য কাঠামো। সেজন্য শব্দ বাক্যের একক।

■ বাগ্‌যন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবিশিষ্ট ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে শব্দ (Word) বলে। যেমন : 'কলম' তিনটি ধ্বনির সমন্বয়ে গঠিত একটি শব্দ। —— ড. মুহম্মদ শহীদুল্লাহ্

গঠনগত শ্রেণিবিভাগ

গঠনগত শ্রেণিবিভাগ : গঠনগত দিক থেকে শব্দ দুই প্রকার। যথা :
ক. মৌলিক শব্দ খ. সাধিত শব্দ।

■ **মৌলিক শব্দ :** যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

■ **সাধিত শব্দ :** যেসব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগে সাধিত শব্দ গঠিত হয়। যেমন : চাঁদমুখ (চাঁদের মতো মুখ), ডুবুরি (ডুব + উরি)।

অর্থগত শ্রেণিবিভাগ

অর্থগত শ্রেণিবিভাগ : অর্থগতভাবে শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।

■ **যৌগিক শব্দ :** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন :
মিতালি = মিতা + আলি − অর্থ : মিতার ভাব বা বন্ধুত্ব।
গায়ক = গৈ + ণক (অক) − অর্থ : গান করে যে।
কর্তব্য = √কৃ + তব্য − অর্থ : যা করা উচিত।
বাবুয়ানা = বাবু + আনা − অর্থ : বাবুর ভাব।
পাঠক = √পঠ্ + অক (<ণক)* − অর্থ : পাঠ করে যে।

■ **রূঢ়ি শব্দ :** যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : হস্তী = হস্ত + ইন, অর্থ− হস্ত আছে যার, কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ− গরু খোঁজা। বর্তমান অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

এরকম আরো কয়েকটি উদাহরণ :

১. **বাঁশি−** বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়।
২. **তৈল−** শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যে কোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন : বাদাম-তেল।
৩. **প্রবীণ−** শব্দটির অর্থ হওয়া উচিত প্রকৃষ্ট রূপে বীণা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি 'অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি' অর্থে ব্যবহৃত হয়।
৪. **সন্দেশ−** শব্দ প্রত্যয়গত অর্থ 'সংবাদ'। কিন্তু রূঢ়ি অর্থে 'মিষ্টান্ন বিশেষ'।
৫. **কুশল−** (কুশ + √লা + অ) শব্দটির প্রকৃতি-প্রত্যয়জাত অর্থ 'যজ্ঞের জন্য কুশ আহরণ করে যে'। কিন্তু লোকপ্রচলিত অর্থ নিপুণ, দক্ষ বা মঙ্গল।
৬. **অতিথি−** ব্যুৎপত্তিগত অর্থ 'যার তিথি নেই'। কিন্তু প্রচলিত অর্থ মেহমান।

■ **যোগরূঢ় শব্দ :** সমাসনিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন :
১. **পঙ্কজ−** পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্ম প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু 'পঙ্কজ' শব্দটি কেবল 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয়।
২. **রাজপুত−** 'রাজার পুত্র' অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতিবিশেষ।'
৩. **মহাযাত্রা−** মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে 'মহাযাত্রা' শব্দটি কেবল 'মৃত্যু' অর্থে ব্যবহৃত হয়েছে।
৪. **জলধি−** 'জল ধারণ করে এমন' অর্থ পরিত্যাগ করে কেবল 'সমুদ্র' অর্থে ব্যবহৃত হয়।

শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ : উৎসগতভাবে শব্দ পাঁচ প্রকার। যথা :

■ **তৎসম শব্দ :** তৎসম একটি পারিভাষিক শব্দ। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন : চন্দ্র, ধর্ম, ভবন, মনুষ্য, সূর্য, পাত্র, নক্ষত্র, পর্বত।

■ **অর্ধ-তৎসম শব্দ :** বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়। এ শব্দগুলোকে অর্ধ-তৎসম শব্দ বলে। যেমন :

তৎসম শব্দ >	অর্ধ-তৎসম শব্দ	তৎসম শব্দ >	অর্ধ-তৎসম শব্দ
সূর্য >	সুরুজ	পুত্র >	পুত্তুর
রাত্রি >	রাত্তির	যত্ন >	যতন

■ **তদ্ভব শব্দ :** তদ্ভবকে পারিভাষিক ও খাঁটি বাংলা শব্দও বলা হয়। 'তদ্ভব' এর অর্থ [তৎ (তার) + ভব (উৎপন্ন)] তার থেকে উৎপন্ন অর্থাৎ সংস্কৃত থেকে উৎপন্ন। যেসব শব্দ সংস্কৃত থেকে ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে তদ্ভব শব্দ বলে। যেমন : চামার, চোখ, বিয়ে, মাথা, দেওর ইত্যাদি।

তৎসম শব্দ >	প্রাকৃত শব্দ >	তদ্ভব শব্দ
অদ্য >	অজ্জ >	আজ
চন্দ্র >	চন্দ >	চাঁদ
হস্ত >	হত্থ >	হাত
কৃষ্ণ >	কহ্ন >	কানু
কর্ম >	কজ্জ >	কাজ
বধূ >	বহু >	বউ

■ **দেশি শব্দ :** বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমন : কোল, মুণ্ডা, দ্রাবিড়, অস্ট্রিক প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। যেমন : কুড়ি, পেট, চুলা, কুলা, গঞ্জ, চোঙ্গা, ডাব, ডাগর, ডিঙ্গা, ঢেঁকি, ঢোল, চাউল, ডিঙ্গি, টোপর, চাকি, কয়লা, কাঁচা, ঝামড়, ডাঁসা, পয়লা, খড়, ঝানু, ঝামা, ঝিনুক, ঢেউ, ঝঙ্গি, ডাঁটি, ডাব

■ **বিদেশি শব্দ :** যেসব শব্দ বিদেশি ভাষা থেকে বাংলা ভাষায় প্রবেশ করেছে তাকে বিদেশি শব্দ বলে। যেমন : ইসলাম (আরবি), নামাজ (ফারসি) ইত্যাদি।

বি. দ্র : নতুন ব্যাকরণ অনুসারে, উৎস বিবেচনায় বাংলা শব্দ ভান্ডারকে চার শ্রেণিতে বিভক্ত করা যায় : তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

আরবি শব্দ

আরবি শব্দ : বাংলা ভাষায় ব্যবহৃত আরবি শব্দগুলো প্রধানত দুভাগে বিভক্ত। যথা : ১. ধর্ম সংক্রান্ত শব্দ ২. প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ।

আরবি শব্দের উদাহরণ :

- আল্লাহ, আকবর, আদালত, আলেম, আমলা, আমিন, আলাদা, আসল, আসবাব, আসামি, আমানত।
- ঈমান, ইদ, ইসলাম, ইনকিলাব, ইনসান, ইহুদি।
- উজির, উকিল। ▪ ওজু, ওজর, ওকালত।
- এজলাস, এলেম।
- কলম, কানুন, কুরআন, কোরবানি, কাফন, কাফের, কালাম, কালিয়া, কেচ্ছা, কৈফিয়ত, কেরামতি, কদম (পা অর্থে), কুদরত, কিতাব, কদর, কেবলা, কসাই, কিয়ামত। ▪ খবর, খারাপ, খাসি, খারিজ, খাজনা।
- গজল, গরিব, গোসল, গায়েব।
- জাকাত, জেহাদ, জান্নাত, জাহান্নাম, জরিমানা, জল্লাদ, জলসা, জাহাজ, জুলুম।
- তওবা, তালাক, তসবি, তুফান। ▪ দোয়াত, দৌলত, দুনিয়া, দাখিল, দালাল।
- নবাব, নগদ। ▪ ফরজ, ফকির।
- বাকি, বকেয়া।
- মশকরা, মশগুল, মুন্সেফ, মোক্তার, মসজিদ, মনিব, মহকুমা, মলম, মসনদ, মুশকিল, মুসাফির, মোল্লা।
- রায় ▪ লোকসান ▪ শয়তান ▪ সিন্দুক
- হারাম, হালাল, হাদিস, হেফাজত।

ছন্দে ছন্দে আরবি শব্দ মনে রাখার কৌশল :

আলেমগণ কুরআন ও হাদিস থেকে ইসলামের নানা কানুন ইনকিলাবে ইশতাহার দিলেন। হারাম বর্জন করে হালাল পথে থেকে ঠিকভাবে ওজু গোসল করে এলেমের সাথে জাকাত হজ পালন করলে আল্লাহ ইনাম স্বরূপ কেয়ামতের দিন জাহান্নামের পরিবর্তে জান্নাত ইজারা দিবেন। যারা গরিবদেরকে বই, কিতাব, দোয়াত, কলম, তসবি দিয়ে সাহায্য করবে আল্লাহর আদালতের এজলাসে ইনসাফের রায়ে তাদের নগদ, বাকি সব খারিজ হয়ে যাবে। দালাল, ইহুদি, উকিল, উজির, মোক্তার, মুন্সেফ, শয়তানদের কবরে খবর হবে।

ফারসি শব্দ

ফারসি শব্দ : বাংলা ভাষায় আগত ফারসি শব্দ তিন ভাগে বিভক্ত। যথা : ১. ধর্ম সংক্রান্ত শব্দ ২. প্রশাসনিক শব্দ/সাংস্কৃতিক শব্দ ৩. বিবিধ শব্দ।

ফারসি শব্দ : ▪ আমদানি, আইন, আজাদ, আফগান, আবাদ, আয়না, আরাম (সুখ অর্থে), আসমান, আদমি।
- কাগজ, কাবুলি, কারবার, কারখানা, কামিজ, কামান (ধনুক অর্থে)।
- খোদা, খরগোশ, খুশি, খানসামা।
- গরম, গালিচা, গোমস্তা, গোরস্থান, গোলাপ, গুনাহ।
- চশমা, চাকরি, চাদর, চাঁদা (সংগৃহীত অর্থ সংক্রান্ত)।
- জবানবন্দি, জিন্দা, জমি, জর্দা, জানোয়ার, জাম (বড়ো পেয়ালা অর্থে), জামা, জায়গা, জঙ্গি, জামদানি।
- তোশক, তারিখ, তরমুজ।
- দরজা, দফতর, দস্তখত, দৌলত, দোজখ, দরবেশ, দরবার, দোকান, দামামা, দারোয়ান, দেওয়াল, দরজি।
- নালিশ, নার্গিস, নামাজ, নমুনা, নামি, নাশতা।
- পাঞ্জাবি, পেয়াদা, পেশকার, পয়গম্বর।
- ফেরেশতা, ফরমান।
- বালিশ, বেতার, বাদশাহ, বান্দা, বদমাশ, বাগান, বাগিচা, বরফ, বাজার, বাদাম, বিবি, বেগম, বেহেশত।
- মোহর, মাহিনা, মেথর।
- রোজা, রসদ, রফতানি, রোজ, লাল (রঙ অর্থে)।
- শরম।
- সুদ, সফেদ, সেতার।
- হিন্দু, হাজার, হাঙ্গামা।

ইংরেজি শব্দ

ইংরেজি শব্দ : ইউনিভার্সিটি, কলেজ, টিন, নভেল, নোট, ব্যাগ, ফুটবল, মাস্টার, লাইব্রেরি, স্কুল, আফিম (opium), অফিস (office), স্কুল (school), বাক্স (Box), হাসপাতাল (Hospital), কামান (আগ্নেয়াস্ত্র অর্থে), ফুটবল, স্টেশন, সার্কাস, বোতল, ইঞ্জিন, হাইকোর্ট, পেনশন, টাক্সি, ডাক্তার, পাউডার, পেন্সিল, বোনাস, টেনিস, ক্লাস, কোম্পানি, উইল, সেলেল, জাঁদরেল, থিয়েটার, এজেন্ট, কনস্টেবল, ক্লাব, ডজন, ফটো, ষ্যাশন, আরদালি, সিগন্যাল, টেবিল, চেয়ার, নম্বর, টিকিট, বুকশ, টিফিন, টিপাই, সান্ত্রি, কেরোসিন, ইউনিয়ন, ইউনিক, ফটোগ্রাফ, লন্ঠন, কাস্টমস, ডেরস্ক, ডেপুটি ইত্যাদি।

পর্তুগিজ শব্দ

পর্তুগিজ শব্দ : আলমারি, আলপিন, আনারস, বালতি, পাউরুটি, গুদাম, আতা, পাদ্রি, বেহালা, আয়া, মাস্তুল, নিলাম, গরাদ, গির্জা, মিস্ত্রি, ইস্পাত, চাবি, যিশু, কপি (বাঁধা কপি অর্থে), পেঁপে, আলকাতরা, কামরা, খোতাম, পেয়ারা, কেদারা (একজনের বসার উপযোগী উঁচু আসনবিশেষ), পেরেক, তোয়ালে, আচার (তেল মসলা সহযোগে তৈরি টক ঝাল মিষ্টি খাদ্যবস্তু), ইস্তিরি, ফিতা, টোকা (শুকনো পাতা অর্থে), গামলা, সাবান, বোতাম, ইংরেজ, ইংরেজি ইত্যাদি।

ফরাসি, হিন্দি, তুর্কি শব্দ

ফরাসি : ক্যানভাস, ক্যাফে, কুপন, ডিপো, রেস্তোরাঁ, আঁতাত, আতেল।

হিন্দি : পানি, ধোলাই, লাগাতার, সমঝোতা, হালুয়া, কাহিনি, টহল, জেরা, তাজ্জব, ধাপ্পা, ছিটকানি (খিল বা হুড়কো অর্থে), চরা (পশু বা মানুষের খাদ্য), নানা (মায়ের বাবা), চিকনাই, খানা (খাদ্য অর্থে) ইত্যাদি।

তুর্কি : কুর্নিশ, কুলি (মুটে, শ্রমিক), খোকা, চাকর, চাকু, বাবুর্চি, বাবা, বাহাদুর, লাশ (মরাদেহ), মোগল, সওগাত, তোপ, দারোগা ইত্যাদি।

জাপানি শব্দ : হারাকিরি, রিক্সা, হাসনাহেনা, জুডো, কারাটে, সুনামি, সুশি ইত্যাদি।

অন্যান্য বিদেশি শব্দ

- **চীনা শব্দ :** চা, চিনি, লিচু, সাম্পান ইত্যাদি।
- **ওলন্দাজ :** টেক্কা, রুইতন, হরতন, ইস্কাপন ইত্যাদি।
- **বর্মি শব্দ :** লুঙ্গি, ফুঙ্গি, নাপ্পি, প্যাগোডা, চঙ্ (মঠ) ইত্যাদি।
- **সাঁওতালি :** কামড়, কাঙাল, ঢিলা, হাঁড়িয়া, গোর্দ। [বাংলা একাডেমি : প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ]
- **ইতালীয় :** ক্যাসিনো, পিৎজা, সোপ্রানো, মাফিয়া।
- **গুজরাটি :** খদ্দর, হরতাল, খাদি, গরবা।
- **পেরু :** কুইনাইন।
- **দক্ষিণ আফ্রিকান :** জিরাফ, জেব্রা।
- **এস্কিমো :** ইগলু, কায়াক।
- **সিংহলি :** সিভর।
- **গ্রিক শব্দ :** দাম, সুড়ঙ্গ।
- **রুশ :** কমরেড, ভোদ্কা
- **মালয় :** কিরিচ, কাকাতুয়া।
- **স্পেনিশ :** এল নিনিও, ডেঙ্গু।
- **মেক্সিকান :** চকলেট
- **মৈথিল :** মুঝ, তুম, পহুঁ, ভেল।
- **কোল :** বোঙ্গা।
- **তামিল :** চুরুট।
- **পাঞ্জাবি :** শিখ, চাহিদা।
- **জার্মান :** নাৎসি, কিন্ডারগার্টেন।

CamScanner

BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS

মিশ্র শব্দ

৬. মিশ্র শব্দ : দেশি ও বিদেশি অথবা দুটো ভিন্ন জাতীয় ভাষার শব্দ একত্র হয়ে যে শব্দ গঠন করে তাকে মিশ্র শব্দ বলে। যেমন :

খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম) ছেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম)
হাট-বাজার (বাংলা + ফারসি) পকেট-মার (ইংরেজি + বাংলা)
চৌ-হদ্দি (ফারসি + আরবি) রাজা-বাদশা (তৎসম + ফারসি)
ডাকার-খানা (ইংরেজি + ফারসি) কালি-কলম (সংস্কৃত + আরবি)
ছেড-মৌলভি (ইংরেজি + ফারসি)

Part 2 GST তফ/তফভুক্ত বিশ্ববিদ্যালসমূহের বিগত বছরের প্রশ্নোত্তর

01. 'জংশন' শব্দটির উৎসভাষা- [GST-B : 20-21]
(A) ইংরেজি (B) ফরাসি
(C) চীনা (D) পর্তুগিজ

Solve (A) কতিপয় বিদেশি শব্দ :

ইংরেজি	টাইমলি, কেতলি, জাঁদরেল, অফিস, টিন।
ফরাসি	রেস্তোরাঁ, কুপন, ডিপো, আঁতাত, রেনেসাঁ।
চীনা	চা, চিনি, লিচু, লুচি, সাম্পান।
ডচ	লুঙ্গি, ফুটি, ঠোঙা, পাম্প, প্যাগোডা, চড (মঠ)।

02. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ- [GST-B : 20-21]
(A) সূর্য (B) পেন্নাম
(C) হাত (D) ডিঙি

Solve (C) তদ্ভব একটি পরিভাষিক শব্দ। কয়েকটি তদ্ভব শব্দ নিম্নরূপ :

তৎসম শব্দ	প্রাকৃত শব্দ	তদ্ভব শব্দ
অদ্য >	অজ্জ>	আজ
চন্দ্র >	চন্দ >	চাঁদ
হস্ত >	হত্থ>	হাত

03. 'কাকবন্ধ্যা' শব্দটি কোন কোন ভাষাযোগে গঠিত? [KU-B : 19-20]
(A) বাংলা + ফারসি (B) তৎসম + ফারসি
(C) ফারসি + আরবি (D) ফারসি + বাংলা

Solve (A) কতিপয় মিশ্র শব্দ : রাজা-বাদশা (তৎসম + ফারসি), হাট-বাজার (বাংলা + ফারসি), ছেড-মৌলভি (ইংরেজি + ফারসি), ছেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম), খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম), পকেট-মার (ইংরেজি + বাংলা), চৌবাচ্চা (পর্তুগিজ + তৎসম), চৌ-হদ্দি (ফারসি + আরবি)।

04. 'আনারস' শব্দটি- [BSMSTU-C : 19-20]
(A) পর্তুগিজ (B) ফরাসি
(C) ইংরেজি (D) ওলন্দাজ

Solve (A) কতিপয় পর্তুগিজ শব্দ : আলমারি, আলপিন, আনারস, কফি, পাউরুটি, গুদাম, আচার, পাদ্রি, বোতাম, আয়া, মাস্তুল, নিলাম, পরাত, সিমেন্ট, সিরিঞ্জ, ইস্পাত, চাবি, সিজন, কপি, পেঁপে, আলকাতরা, কামরা, তোয়ালে, পেয়ারা, বেনারস।

05. 'পেট' কোন ভাষার শব্দ? [BSMRSTU-C : 19-20]
(A) তৎসম (B) সুইডিশ
(C) কোল (D) ওলন্দাজ

Solve (A) কোট, প্লট- এ দুটিও তৎসম শব্দ।

06. 'চাবি' কোন ভাষার শব্দ? [BSMRSTU-E : 19-20]
(A) পর্তুগিজ (B) ওলন্দাজ
(C) ফারসি (D) ওলন্দাজ

Solve (A) কতিপয় পর্তুগিজ ভাষার শব্দ : আলপিন, পাউরুটি, ইস্পাত, আনারস, বেনারসি, বালতি, নিলাম, আলকাতরা, মার্কা, জানালা, পেরেক, বারান্দা, পেঁপে, পেয়ারা, বোতাম।

07. 'ওয়ালা' শব্দটি কোন ভাষা থেকে আগত? [BUBT-D : 19-20]
(A) আরবি (B) ফারসি
(C) তুর্কি (D) হিন্দি

Solve (D) কতিপয় হিন্দি শব্দ : কার্তিক, টিকা, ডেরা, আজান, শঙ্খ, ছিটকানি (খিল বা ওড়কো অর্থে), চারা (পশু বা মানুষের খাদ্য), নালা (মানুষ বাদ অর্থে), চিকনাই, খানা (খাদ্য অর্থে) ইত্যাদি।

08. নিচের কোনটি মৌলিক বাংলা শব্দ? [IU-B : 19-20]
(A) সেপাহার (B) মনপাড়া
(C) কলকপি (D) কান

Solve (D) গঠনপ্রকরণে শব্দ দুই প্রকার। যথা : মৌলিক ও সাধিত শব্দ। মৌলিক শব্দ বলতে, যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে পৃথক করা যায় না সেসব শব্দকে মৌলিক শব্দ বলে। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

09. রাজপুত, মহাযাত্রা কী জাতীয় শব্দ? [BBA(IB)-A : 19-20]
(A) যৌগিক (B) রূঢ়ি
(C) যৌগিক (D) যোগরূঢ়

Solve (D) সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমাসমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ, জলদ, রাজপুত, মহাযাত্রা, জলধি।

10. 'খানদানি' শব্দটি কোন ভাষা থেকে আগত? [BBA(IB)-A : 19-20]
(A) ফারসি (B) ফরাসি
(C) আরবি (D) হিন্দি

Solve (A) কতিপয় ফারসি ভাষার শব্দ : জমি, জর্দা, জানোয়ার, জমা, জায়গা, জঙ্গি, দরবেশ, দামামা, দারোয়ান, দেওয়াল, পাঞ্জাবি, বাগান, বাঁদর, বরফ, বাজার, বাদাম, বিবি, রোজ, লাল (রক্ত অর্থে), শরম, সুদ, সেতার, হিন্দু, হাজার, ফরমান, সফেদ, নার্গিস, দরজা, রসদ।

11. কোনটি তৎসম শব্দ? [JKKNIU-E : 19-20]
(A) কুলা (B) চামার
(C) ভবন (D) চাঁদ

Solve (C) তৎসম একটি পারিভাষিক শব্দ। এর অর্থ তৎ-(তার), সম (সমান) = তার সমান অর্থাৎ সংস্কৃতের সমান। যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন : চন্দ্র, কর্ম, ভবন, মনুষ্য, সূর্য, পাত্র, নক্ষত্র, পর্বত, হৃদ।

12. 'মাদুম' কোন ভাষার শব্দ? [BSMRSTU-E : 19-20]
(A) ফারসি (B) উর্দু
(C) হিন্দি (D) আরবি

Solve (D) কতিপয় গুরুত্বপূর্ণ আরবি শব্দ : আদালত, আকেল, ইত্র, ইকিল, কানুন, কলম, কেতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, চোয়াত, নকল, বদি, মহকুমা, মুফেফ, রায়।

13. 'রাজা-বাদশা' শব্দটিতে যথাক্রমে ব্যবহৃত হয়েছে – [JKKNIU-A : 19-20]
(A) তৎসম + ফারসি (B) ফারসি + তৎসম
(C) তৎসম + আরবি (D) আরবি + তৎসম

Solve (A) : দেশি ও বিদেশি অথবা দুটো ভিন্ন জাতীয় ভাষার শব্দ একত্র হয়ে যে শব্দ গঠন করে তাকে মিশ্র শব্দ বলে। যেমন : খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম), চৌ-হদ্দি (ফারসি + আরবি), ছেড-পণ্ডিত (ইংরেজি + তৎসম), রাজা-বাদশা (তৎসম + ফারসি), হাট-বাজার (বাংলা + ফারসি)।

BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS • BOOKSEY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

14. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি? [SHUBD-B : 19-20]
(A) পাচক (B) রাখাল
(C) পলাশ (D) পঙ্কজ

Solve (D) সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমাসমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন : পঙ্কজ, জলদ, রাজপুত, মহাযাত্রা, জলধি।

15. 'রুমাল' শব্দটি কোন ভাষা থেকে আগত? [SHUBD-B : 19-20]
(A) আরবি (B) ফারসি
(C) তুর্কি (D) পর্তুগিজ

Solve (D) কতিপয় ফারসি ভাষার শব্দ : জমি, জর্দা, জানোয়ার, জামা, জায়গা, জঙ্গি, দরবেশ, দামামা, দারোয়ান, দেওয়াল, পাঞ্জাবি, বাগান, বাগিচা, বরফ, বাজার, বাদাম, বিবি, রোজ, লাল (রঙ অর্থে), শরম, সুদ, সেতার, হিন্দু, হাজার, ফরমান, সফেদ, নার্গিস, দরজা, রসদ।

16. আরবি ভাষা থেকে আগত শব্দ হলো– [RUB : 19-20]
(A) সবজি (B) দোকান
(C) আলমারি (D) কলম

Solve (D) কতিপয় গুরুত্বপূর্ণ আরবি শব্দ : আদালত, আলেম, ইদ, উকিল, কানুন, কলম, কিতাব, কোচ্চা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, রায়।

17. নিচের কোনটি ব্যুৎপত্তি শব্দ? [MBSTU-D : 19-20]
(A) মিতালি (B) গায়ক
(C) প্রবীণ (D) জলধি

Solve (C) যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে ব্যুৎপত্তি শব্দ বলে। যেমন : হস্তী = হস্ত + ইন, অর্থ– হস্ত আছে যার, কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ– গরু খোঁজা। বর্তমান অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

18. 'হাসনাহেনা' কোন দেশের শব্দ? [HSTU-D : 19-20]
(A) চীন (B) পর্তুগিজ
(C) জাপান (D) ইরান

Solve (C) কতিপয় বিদেশি শব্দ :

গুজরাটি	খদ্দর, হরতাল, খাদি, গরবা।
ফরাসি	রেস্তোরাঁ, কুপন, ডিপো।
ওলন্দাজ	টেক্কা, রুইতন, হরতন, ইস্কাপন।
জাপানি	রিকশা, হাসনাহেনা, হারাকিরি।

19. কোনটি খাঁটি বাংলা শব্দ? [HSTU-C : 19-20]
(A) নদী (B) বর্ণা
(C) ডিঙ্গি (D) নৌকা

Solve (C) কতিপয় খাঁটি বাংলা শব্দ : কুড়ি, আলু, চুলা, ঝাঁটা, খোল, কুলা, ডিঙি, টোপর, গঞ্জ, চোঙ্গা, ডাহা, ঢেউ, বুলা।

20. কোনটি দেশি শব্দ নয়? [HSTU-C : 19-20]
(A) দুতি (B) ঢেঁকি
(C) চিড়া (D) মঠ

Solve (A) কতিপয় দেশি শব্দ : ঢেঁকি, ডাহা, গঞ্জ, চোঙ্গা, পেট, কুড়ি, আলু, ডাব, টোপর, ডাগর, ঢিল, ঝাঁটা, ডিঙা, ডিঙি।

21. 'ডেঙ্গু' শব্দটি বাংলায় কোন ভাষা থেকে এসেছে? [NSTU-D : 19-20]
(A) বর্মী (B) ড্যানিশ
(C) স্পেনীয় (D) পর্তুগিজ

Solve (C) কতিপয় বিভিন্ন ভাষার শব্দ :

স্পেনীয়	এল নিনিও, ডেঙ্গু।
ওলন্দাজ	টেক্কা, রুইতন, হরতন, ইস্কাপন।
বর্মী	লুঙ্গি, ফুঙ্গি, নাপ্পি, প্যাগোডা, চঙ (মঠ)।
পর্তুগিজ	পেরেক, তোয়ালে, টোকা, গামলা, ইংরেজ, ইংরেজি।

22. 'লাঠি' ও 'চাউল' শব্দ দুটি– [JUST-E : 19-20]
(A) বিদেশি (B) দেশি
(C) তৎসম (D) তদ্ভব

Solve (D) বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমন : কোল, মুন্ড, দ্রাবিড়, অস্ট্রিক প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। যেমন : কুড়ি, পেট, চুলা, বুলা, গঞ্জ, চোঙ্গা, ডাব, ডাগর, ডিঙা, ঢেঁকি, ঢোল, চাউল, ডিঙি, টোপর।

23. 'গবেষণা' (গো + এষণা) কোন ধরনের শব্দ? [KU-A : 18-19]
(A) যৌগিক শব্দ (B) মৌলিক শব্দ
(C) রূঢ় শব্দ (D) যোগরূঢ় শব্দ

Solve (C) প্রত্যয় বা উপসর্গযোগে গঠিত যেসব শব্দ মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ় শব্দ বলে। যেমন : গবেষণা = গো + এষণা– অর্থ গরু খোঁজা। বিশেষ অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

24. 'বুর্জোয়া' শব্দটির উৎস-ভাষা কোনটি? [JU-B : 18-19]
(A) ওলন্দাজ (B) ফরাসি
(C) জার্মান (D) সুইডিশ

Solve (B) কতিপয় ফরাসি শব্দ : বুর্জোয়া, কুপন, ডিপো, রেস্তোরাঁ, মাদাম, রেনেসাঁ, আঁতাত, গ্যারেজ।

25. গোলাপ, নাক, লাল, তিন– এগুলো কোন ধরনের শব্দ? [BRUR-A : 18-19]
(A) যৌগিক (B) রূঢ়
(C) যোগরূঢ় (D) মৌলিক

Solve (D) যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন : গোলাপ, নাক, লাল, তিন।

26. 'বেহালা' শব্দটি যে ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে– [SHUBD-A : 18-19]
(A) গুজরাটি (B) পর্তুগিজ
(C) ইতালীয় (D) ফারসি

Solve (B) কতিপয় বিদেশি শব্দ :

গুজরাটি	খদ্দর, হরতাল, চরকা, খাদি, গরবা।
পর্তুগিজ	নিলাম, গির্জা, ইস্পাত, চাবি, ফিরিঙ্গি, ক্রুশ, যিশু।
ইতালীয়	মাফিয়া, ম্যাজেন্টা, ম্যালেরিয়া।
ফারসি	কুপন, ওলন্দাজ, দিনেমার, রেস্তোরাঁ, ডিপো।

27. নিচের কোনটি জোড়কলম শব্দের দৃষ্টান্ত? [SHUBD-B : 18-19]
(A) সিংহাসন (B) অত্যধিক
(C) চাঁসজারু (D) আদ্যন্ত

Solve (C) দুটি শব্দ কাটাজোড়া করে নতুন শব্দ গঠিত হলে তাকে জোড়কলম শব্দ বা শব্দ যোজনা বলে। যেমন : আরবি 'মিনত্' + সংস্কৃত 'বিনতি' = মিনতি। নিশ্চল + চুপ = নিশ্চুপ।

28. 'সবুজ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? [SHUBD-B : 18-19]
(A) সংস্কৃত (B) হিন্দি
(C) ফারসি (D) তুর্কি

Solve (C) কতিপয় বিভিন্ন ভাষার শব্দ :

সংস্কৃত	চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, আর্ণবিক।
হিন্দি	বোরা, কক্কা, হিজড়া, লাকড়ি, লহু, বেহাগ, ভালাই।
ফারসি	সফেদ, সওদাগর, পাঙ্গেরি, আদমি, নালিশ, দৌলত।
তুর্কি	বাবা, খোকা, কাঁচি, বাবুর্চি, বন্দুক, তোপ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

29. আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ? [MBSTU-D : 18-19]

Ⓐ পাঞ্জাবি Ⓑ গ্রিক
Ⓒ ফরাসি Ⓓ স্প্যানিশ

Solve C কতিপয় বিদেশি শব্দ :

আরবি	ইজ্জিল, ইশতেহার, ওয়ারিশ, কদর, কালিয়া, মৌসুমি, নেয়ামত।
তুর্কি	বিবি, কুলি, সওগাত, কাঁচি, বারুদ, বন্দুক, চাকর, চাকু, তোপ।
ফারসি	কারচুপি, মেথর, পায়তারা, সফেদ, নাম, নজরানা, আড়ৎ।

30. খোদা, চশমা, ফেরেশতা শব্দগুলো কোন ভাষা থেকে আগত? [NSTU-D : 18-19]

Ⓐ আরবি Ⓑ উর্দু
Ⓒ হিন্দি Ⓓ ফারসি

Solve D কতিপয় বিভিন্ন ভাষার গুরুত্বপূর্ণ শব্দ :

আরবি	দালাল, মুসাফির, মুহুরি, খারিজ, তসবি, বাকি, কেচ্ছা।
ফারসি	সফেদ, সওদাগর, পাল্কি, নালিশ, দৌলত।
হিন্দি	আড়গড়া, আনাজ, কমলিওয়ালা, কক্কা, কাহা।
উর্দু	কলিজা, ঘাঘরা, চুঙ্গি, বদলা, হল্লা।

31. 'বাঁশি' কোন শ্রেণির শব্দ? [NSTU-D : 18-19]

Ⓐ যৌগিক Ⓑ রূঢ় বা রূঢ়ি
Ⓒ যোগরূঢ় Ⓓ মৌলিক

Solve B প্রত্যয় বা উপসর্গযোগে গঠিত যেসব শব্দ মূলশব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : বাঁশি– বাঁশ দিয়ে তৈরি যেকোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়।

32. 'পোশাক' কোন ভাষার শব্দ? [JUST-D : 18-19]

Ⓐ আরবি Ⓑ খাঁটি বাংলা
Ⓒ ফরাসি Ⓓ ফারসি

Solve D কতিপয় ফারসি শব্দ : চাকরি, চাদর, চৌরাস্তা, জঙ্গল, জানোয়ার, বালিশ, গোরস্থান, গোলাপ, কাগজ, আয়না, আসমান, চশমা, দোকান, কারখানা, তরমুজ, কামান, দর্জি, নাশতা, বেতার, আমদানি, আইন।

33. 'লবণ' শব্দটি কোন ভাষার শব্দ? [BSMRSTU-D : 18-19]

Ⓐ সংস্কৃত Ⓑ পাঞ্জাবি
Ⓒ হিন্দি Ⓓ বাংলা

Solve A কতিপয় সংস্কৃত বা তৎসম শব্দ : অস্থি, অর্ধ, গৃহ, চক্ষু, বৃদ্ধ, বধূ, ভক্ত, অদ্য, মিথ্যা, ষোড়শ, সন্ধ্যা, স্নান, স্তম্ভ।

34. বাংলা ভাষায় প্রচলিত 'তারিখ' শব্দটি কোন ভাষা থেকে আগত? [BSMRSTU-D : 18-19]

Ⓐ তুর্কি Ⓑ আরবি
Ⓒ ফারসি Ⓓ পর্তুগিজ

Solve B কতিপয় আরবি শব্দ : আদাব, আমলা, ইমন, তালিকা, খবর, খাজনা, জেলা, গরিব, ফসল, মসলা, লেবু, রায়, জাহাজ, মৌসুমি।

35. 'মশকরা' ও 'মশগুল' শব্দ দুটো– [BSMRSTU-E : 18-19]

Ⓐ তুর্কি Ⓑ হিন্দি
Ⓒ আরবি Ⓓ ফারসি

Solve C কতিপয় আরবি শব্দ : আদালত, আমলা, আসামি, উকিল, এতিম, এলাকা, কলম, কলপ, কুমকুম, গরিব, খবর, জেলা, জলসা, দালাল, নকল, মুনাফা, বকেয়া, ফসল, লোকসান, শহিদ, মোক্তার, মামলা।

36. 'সুনামি' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় অন্তর্ভুক্ত হয়েছে? [BSMRSTU-E : 18-19]

Ⓐ চীনা Ⓑ জাপানি
Ⓒ কোরিয়ান Ⓓ মালয়

Solve B কতিপয় বিদেশি শব্দ :

জাপানি	রিক্সা, হাসনাহেনা, ক্যারাটে, জুডো, হারিকিরি।
চিনা	চা, চিনি, সাম্পান, লিচু, লুচি।
ওলন্দাজ	ইস্কুপ, টেক্কা, হরতন, রুইতন, ইস্কাপন।

37. নিচের কোনটি পর্তুগিজ শব্দ? [BSMRSTU-B : 18-19]

Ⓐ বিস্কুট Ⓑ কার্তুজ
Ⓒ সাবান Ⓓ পায়রেক

Solve C কতিপয় পর্তুগিজ শব্দ : আলপিন, পাউরুটি, গরু, তোয়ালে, বালতি, মার্কা, নিলাম, আলকাতরা, জানালা, তোরঙ্গ, পেয়ারা, পেঁপে, পেয়ারা, সোডা, আলমারি, মিস্ত্রি, পাদরি, পিস্তল, বেহালা।

38. কোন তথ্যটি ভুল? [SUST-A : 17-18]

Ⓐ 'নগদ' শব্দটি আরবি ভাষা থেকে এসেছে
Ⓑ 'চাবি' শব্দটি পর্তুগিজ ভাষা থেকে এসেছে
Ⓒ 'রেস্তোরাঁ' শব্দটি ফারসি ভাষা থেকে এসেছে
Ⓓ 'তরতাল' শব্দটি গুজরাটি ভাষা থেকে এসেছে
Ⓔ 'দারোগা' শব্দটি তুর্কি ভাষা থেকে এসেছে

Solve C রেস্তোরাঁ, কার্তুজ, কুপন, ডিপো, বর্তমান ফরাসি শব্দ। তথ্যসূত্র : বাংলা ভাষার ব্যাকরণ, নবম-দশম শ্রেণি, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

39. 'জাদু' শব্দটি কোন ভাষার? [JUST-C : 17-18]

Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ উর্দু Ⓓ হিন্দি

Solve B কতিপয় গুরুত্বপূর্ণ শব্দ :

আরবি	দালাল, মুসাফির, মুহুরি, খারিজ, তসবি, বাকি, কেচ্ছা।
ফারসি	সফেদ, সওদাগর, পাল্কি, নালিশ, দৌলত।
হিন্দি	আড়গড়া, আনাজ, কমলিওয়ালা, কক্কা, কাহা।
উর্দু	কলিজা, ঘাঘরা, চুঙ্গি, বদলা, হল্লা।

40. 'বাঁশি' অর্থানুসারে কোন শ্রেণির শব্দ? [JUST-C : 17-18]

Ⓐ যৌগিক শব্দ Ⓑ যোগরূঢ় শব্দ
Ⓒ রূঢ়ি শব্দ Ⓓ মৌলিক শব্দ

Solve C যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : 'বাঁশি' শব্দটি বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়। শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র বিশেষ অর্থে প্রযুক্ত হয়েছে।

41. বাংলা ভাষায় প্রচলিত 'আতশবাজি' শব্দটি কোন ভাষা থেকে আগত? [BSMRSTU-D : 17-18]

Ⓐ তুর্কি Ⓑ আরবি
Ⓒ ফারসি Ⓓ পর্তুগিজ

Solve C কতিপয় বিদেশি শব্দ :

ফারসি	হাঙ্গামা, পেয়ালা, নজরানা, তামাশা, পয়জার, মজুর।
তুর্কি	বন্দুক, বারুদ, বেগম, বিবি, বাবা, ঠাকুর, লাশ।
আরবি	আমানত, ইশতেহার, কলম, তুফান, নকল, কলম।
পর্তুগিজ	আলপিন, জানালা, বারান্দা, আনারস, চাবি, বোমা।

42. 'দফতর' কোন ভাষা থেকে আগত শব্দ? [BSMRSTU-D : 17-18]

Ⓐ আরবি Ⓑ ফরাসি
Ⓒ ইংরেজি Ⓓ ফারসি

Solve D কতিপয় ফারসি শব্দ : হিন্দু, হাজার, বাদাম, বরফ, বাগান, বাগিচা, বিবি, দেয়াল, দরবেশ, জায়গা, জঙ্গল, জানোয়ার, চাকরি, চান্দ, চাঁদা, বালিশ, গরম, গালিচা।

43. 'কুলা' কোন ধরনের শব্দ? [BSMRSTU-D : 17-18]

Ⓐ দেশি Ⓑ বিদেশি
Ⓒ তদ্ভব Ⓓ তৎসম

Solve A কতিপয় দেশি শব্দ : কুড়ি, চুলা, গণ্ড, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ঢেঁকি, ঝোল, ডিঙি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'চরকা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ পাঞ্জাবি Ⓑ জাপানি Ⓒ চীনা Ⓓ গুজরাটি (Ans Ⓓ)

02. 'মুৎসুদ্দি' শব্দটি কী?
Ⓐ দেশি Ⓑ তদ্ভব Ⓒ তৎসম Ⓓ বিদেশি (Ans Ⓓ)

03. 'হিবাচি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ ফারসি Ⓑ জাপানি Ⓒ আরবি Ⓓ ওলন্দাজ (Ans Ⓑ)

04. 'রায়, তসবি' শব্দগুলো কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ ফরাসি Ⓑ ইংরেজি Ⓒ পর্তুগিজ Ⓓ আরবি (Ans Ⓓ)

05. 'তুম' শব্দটির উৎস ভাষা কোনটি?
Ⓐ মৈথিল Ⓑ মারাঠি Ⓒ পাঞ্জাবি Ⓓ গুজরাটি (Ans Ⓐ)

06. নিচের কোনটি দেশি শব্দ?
Ⓐ চোঙ্গা Ⓑ কলম Ⓒ কৃপণ Ⓓ কপি (Ans Ⓐ)

07. 'প্রাকৃত' এর অর্থ কী?
Ⓐ মূল Ⓑ স্বাভাবিক Ⓒ পুরাতন Ⓓ নতুন (Ans Ⓑ)

08. অনার্যদের সৃষ্ট শব্দগুলো কোন ধরনের শব্দ?
Ⓐ অর্ধ-তৎসম Ⓑ তৎসম Ⓒ তদ্ভব Ⓓ দেশি (Ans Ⓓ)

09. নিচের কোনটি মায়ানমার ভাষার শব্দ?
Ⓐ চানাচুর Ⓑ আলপিন Ⓒ ফুঙ্গি Ⓓ আলমারি (Ans Ⓒ)

10. 'আজব' শব্দটি কোন বিদেশি শব্দ?
Ⓐ আরবি Ⓑ ফরাসি Ⓒ হিন্দি Ⓓ উর্দু (Ans Ⓐ)

11. 'ডেঙ্গু' শব্দের উৎস ভাষা–
Ⓐ ইংরেজি Ⓑ গুজরাটি Ⓒ তামিল Ⓓ স্প্যানিশ (Ans Ⓓ)

12. অর্থগত দিক থেকে 'হরিণ' কোন শ্রেণির শব্দ?
Ⓐ মৌলিক Ⓑ যৌগিক Ⓒ রূঢ়ি Ⓓ যোগরূঢ় (Ans Ⓒ)

13. 'জাদু' শব্দ বাংলায় এসেছে যে ভাষা থেকে–
Ⓐ ফারসি Ⓑ ফরাসি Ⓒ আরবি Ⓓ হিন্দি (Ans Ⓐ)

14. 'জ্বালাতন' শব্দটির উৎস কোনটি?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ হিন্দি Ⓓ পোর্তুগিজ (Ans Ⓐ)

15. নিচের শব্দগুলোর মধ্যে কোনটি রূঢ়ি শব্দ?
Ⓐ হরিণ Ⓑ জলদ Ⓒ উজান Ⓓ মাননীয় (Ans Ⓐ)

16. 'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে–
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ তুর্কি Ⓓ সংস্কৃত (Ans Ⓑ)

17. 'চশমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ তুর্কি Ⓓ পর্তুগিজ (Ans Ⓑ)

18. 'পেয়ারা' কোন ভাষার শব্দ–
Ⓐ আরবি Ⓑ সংস্কৃত Ⓒ ফারসি Ⓓ পর্তুগিজ (Ans Ⓓ)

19. 'জামদানি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
Ⓐ আরবি Ⓑ তুর্কি Ⓒ ফারসি Ⓓ হিন্দি (Ans Ⓒ)

20. 'মোলায়েম' কোন ভাষার শব্দ?
Ⓐ তুর্কি Ⓑ ফারসি Ⓒ হিন্দি Ⓓ আরবি (Ans Ⓓ)

21. 'তামাকু' শব্দটি কোন ভাষা থেকে আগত?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ পর্তুগিজ Ⓓ স্প্যানিশ (Ans Ⓒ)

22. 'চকোলেট' শব্দটি হলো–
Ⓐ ফরাসি Ⓑ মেক্সিকান Ⓒ ইংরেজি Ⓓ পর্তুগিজ (Ans Ⓑ)

23. 'কুড়ি' কোন শ্রেণির শব্দ?
Ⓐ তৎসম Ⓑ তদ্ভব Ⓒ দেশি Ⓓ বিদেশি (Ans Ⓒ)

24. 'সাঁওতাল' কোন ধরনের শব্দ?
Ⓐ তৎসম Ⓑ তদ্ভব Ⓒ দেশি Ⓓ মুণ্ডারি (Ans Ⓑ)

25. 'কাঁচি' শব্দটি হলো–
Ⓐ তুর্কি Ⓑ ফারসি Ⓒ আরবি Ⓓ হিন্দি (Ans Ⓐ)

26. বাংলা ভাষায় 'রিক্সা' শব্দটি–
Ⓐ ফরাসি Ⓑ ফারসি Ⓒ হিন্দি Ⓓ জাপানি (Ans Ⓓ)

27. 'চাবিকাঠি' কীরূপ শব্দ?
Ⓐ দেশি Ⓑ বিদেশি Ⓒ সংস্কৃত Ⓓ মিশ্র (Ans Ⓓ)

28. 'বিয়ে' কোন ধরনের শব্দ?
Ⓐ তৎসম Ⓑ দেশি Ⓒ অর্ধতৎসম Ⓓ তদ্ভব (Ans Ⓓ)

29. 'গির্জা' কোন ভাষার শব্দ?
Ⓐ পর্তুগিজ Ⓑ ইংরেজি Ⓒ ফরাসি Ⓓ ওলন্দাজ (Ans Ⓐ)

30. 'সাবান' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
Ⓐ ফারসি Ⓑ ইংরেজি Ⓒ ফরাসি Ⓓ পর্তুগিজ (Ans Ⓓ)

31. মৌলিক শব্দ কোনটি?
Ⓐ মেঘ Ⓑ চুটি Ⓒ কাব্য Ⓓ দ্বীপ (Ans Ⓐ)

32. 'তুর্কি' শব্দ কোনটি?
Ⓐ দারোগা Ⓑ এজলাস Ⓒ ফাজিল Ⓓ বোতল (Ans Ⓐ)

33. 'কাজ' শব্দের তৎসম রূপ–
Ⓐ ক্রিয়া Ⓑ কর্জ Ⓒ কর্ম Ⓓ করণীয় (Ans Ⓒ)

34. 'ইস্পাত' শব্দটি কোন ভাষার?
Ⓐ ইংরেজি Ⓑ ফরাসি Ⓒ ওলন্দাজ Ⓓ পর্তুগিজ (Ans Ⓓ)

35. কোনটি তদ্ভব শব্দ?
Ⓐ গরু Ⓑ মহিষ Ⓒ হাতি Ⓓ হরিণ (Ans Ⓒ)

36. কোনটি হিন্দি শব্দ?
Ⓐ আব্দু Ⓑ কলম Ⓒ পানি Ⓓ সৌসুন (Ans Ⓒ)

37. 'মুসাফির' কোন ভাষার শব্দ?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ হিন্দি Ⓓ তুর্কি (Ans Ⓐ)

38. দেশি শব্দ কোনটি?
Ⓐ শরম Ⓑ চাবি Ⓒ কুটুম্ব Ⓓ খড় (Ans Ⓓ)

39. 'দালাল' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
Ⓐ ইংরেজি Ⓑ উর্দু Ⓒ হিন্দি Ⓓ আরবি (Ans Ⓓ)

40. 'তবলা' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?
Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ পর্তুগিজ Ⓓ সংস্কৃত (Ans Ⓐ)

41. 'ঠান্ডা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
Ⓐ হিন্দি Ⓑ উর্দু Ⓒ ফারসি Ⓓ সংস্কৃত (Ans Ⓐ)

42. 'স্ট' যুক্তব্যঞ্জনটি কোন ধরনের শব্দে ব্যবহৃত হয়?
Ⓐ তৎসম Ⓑ বিদেশি Ⓒ তদ্ভব Ⓓ দেশি (Ans Ⓑ)

43. কোন শব্দটি সংস্কৃত-ফারসির মিশ্রণ?
Ⓐ হাসিমুখ Ⓑ হাসিঠাট্টা Ⓒ হাসিতামাশা Ⓓ হাসিখুশি (Ans Ⓓ)

44. তদ্ভব শব্দগুচ্ছ–
Ⓐ ক্রোধ, নক্ষত্র, পত্র Ⓑ কেতন, যেন্না, পথ্যি
Ⓒ আট, ছাতা, মাছ Ⓓ আনারস, লিচু, হাকিম (Ans Ⓒ)

45. 'দই' শব্দটির উৎস ভাষা–
Ⓐ আরবি Ⓑ সংস্কৃত Ⓒ তুর্কি Ⓓ পর্তুগিজ (Ans Ⓑ)

46. কোন শব্দটি ইংরেজি থেকে বাংলায় এসেছে?
Ⓐ বাদাম Ⓑ বোতল Ⓒ বাজিমাত Ⓓ বাগান (Ans Ⓑ)

47. অর্ধ-তৎসম শব্দ কোনটি?
Ⓐ নৃত্য Ⓑ হাসপাতাল Ⓒ রতন Ⓓ ষাঁড় (Ans Ⓒ)

48. কোনটি খাঁটি বাংলা শব্দ?
Ⓐ কুলা Ⓑ হাত Ⓒ চর্মকার Ⓓ গিন্নি (Ans Ⓑ)

49. 'মশকারা' ও 'মশগুল' শব্দ দুটো–
Ⓐ তুর্কি Ⓑ হিন্দি Ⓒ ফারসি Ⓓ আরবি (Ans Ⓓ)

50. 'সিডর' শব্দটি–
Ⓐ তামিল Ⓑ তেলেগু Ⓒ সিংহলি Ⓓ মালয় (Ans Ⓒ)

51. দেশি শব্দ নয়–
Ⓐ ঢিল Ⓑ ঝিঙা Ⓒ মুড়কি Ⓓ মাছি (Ans Ⓓ)

52. অর্থবিচারে 'তুরঙ্গম' কোন ধরনের শব্দ?
Ⓐ যোগরূঢ় Ⓑ রূঢ় Ⓒ যৌগিক Ⓓ অর্থহীন (Ans Ⓐ)

53. কোনটি সংকর শব্দ?
Ⓐ গুরুমশাই Ⓑ কালিকলম Ⓒ সন্ধ্যাপ্রদীপ Ⓓ আদব-কায়দা (Ans Ⓑ)

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যাকরণ অংশ

অধ্যায় ১৭

কাল, পুরুষ এবং কালের বিশিষ্ট প্রয়োগ

Part 1 গুরুত্বপূর্ণ তথ্যাবলি

- ক্রিয়া সংগঠনের সময়কে ক্রিয়ার কাল বলে। যেমন : ১. আমরা বই পড়ি। (পড়া– বর্তমান কাল)।
- পুরুষভেদে ক্রিয়ার রূপের পার্থক্য দেখা যায়। যেমন : আমি যাই। তুমি যাও। আপনি যান। সে যায়। তিনি যান।
- সাধারণ ভবিষ্যৎ কালে নাম পুরুষ ও মধ্যম পুরুষের ক্রিয়ার রূপ অভিন্ন।
- বচনভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না। যেমন : আমি (বা আমরা) যাই। তুমি (বা তোমরা) যাও। আপনি (বা আপনারা যান)। সে (বা তারা) যায়। তিনি (বা তাঁরা) যান।
- ক্রিয়ার কাল তিন প্রকার। যথা : ১. বর্তমান কাল ২. অতীত কাল ও ৩. ভবিষ্যৎ কাল

বর্তমান কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

- ক্রিয়া যে রূপে এখন হচ্ছে, হয় বা চিরকাল হয়ে থাকে, এমন বোঝাতে বর্তমান কাল হয়। যেমন : আমি গান গাই।
- বর্তমান কাল তিন প্রকার। যথা : ক. সাধারণ বর্তমান বা নিত্যবৃত্ত বর্তমান খ. ঘটমান বর্তমান ও গ. পুরাঘটিত বর্তমান

ক. সাধারণ বর্তমান কাল : যে ক্রিয়া বর্তমানে সাধারণভাবে ঘটে, তার কালকে সাধারণ বর্তমান কাল বলে। যেমন : আমি বাড়ি যাই।

সাধারণ বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :

১. অনুমতি প্রার্থনায় (ভবিষ্যৎ কালের অর্থে) : এখন তবে আসি।
২. প্রাচীন লেখকের উদ্ধৃতি দিতে (অতীত কালের অর্থে) : চণ্ডীদাস বলেন, 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।'
৩. বর্ণিত বিষয় প্রত্যক্ষীভূত করতে (অতীতের স্থলে) : আমি দেখেছি, বাচ্চাটি রোজ রাতে কাঁদে।
৪. 'নেই', 'নাই' বা 'নি' শব্দযোগে অতীত কালের ক্রিয়ায় : তিনি গতকাল হাটে যাননি।

নিত্যবৃত্ত বর্তমান কাল : স্বাভাবিক বা অভ্যস্ততা বোঝালে সাধারণ বর্তমান কালের ক্রিয়াকে নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যেমন : সন্ধ্যায় সূর্য অস্ত যায় (স্বাভাবিকতা)। আমি রোজ সকালে বেড়াতে যাই (অভ্যস্ততা)।

নিত্যবৃত্ত বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :

১. **ছায়ী সত্য প্রকাশে :** চার আর তিনে সাত হয়।
২. **ঐতিহাসিক বর্তমান :** অতীতের কোনো ঐতিহাসিক ঘটনায় যদি নিত্য বর্তমান কালের প্রয়োগ হয়, তাহলে তাকে ঐতিহাসিক বর্তমান কাল বলে। যেমন : বাবরের মৃত্যুর পর হুমায়ুন দিল্লির সিংহাসনে আরোহণ করেন।
৩. **কাব্যের ভণিতায় :** মহাভারতের কথা অমৃত সমান। কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান।
৪. **অনিশ্চয়তা প্রকাশে :** কে জানে দেশে আবার সুদিন আসবে কি না।
৫. যদি, যখন, যেন- প্রভৃতি শব্দের প্রয়োগে অতীত ও ভবিষ্যৎ কাল জ্ঞাপনের জন্য সাধারণ বর্তমান কালের ব্যবহার হয়। যেমন :
   অতীত কালের অর্থে :
   i. তিনি যখন ঘরে ঢোকেন, তখন সবাই পালিয়ে গেলাম।
   ii. বিপদ যখন আসে, তখন এমনি করেই আসে।
   ভবিষ্যৎ কালের অর্থে :
   i. সকল সদস্যই যেন সভায় উপস্থিত থাকে।
   ii. তিনি যদি আসেন, তবে আমার কী হবে?

খ. ঘটমান বর্তমান কাল : যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : নীরা বই পড়ছে।

ঘটমান বর্তমান কালের বিশিষ্ট প্রয়োগ :

১. বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা : বক্তা বললেন, 'শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন, ধন-সম্পদ লুণ্ঠিত হচ্ছে, দিকে দিকে আগুন জ্বলছে।'
২. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে : চিন্তা করো না, কালই আসছি।
৩. ভবিষ্যৎ সম্ভাবনা অর্থে ঘটমান বর্তমান কাল হয়। উদাহরণ- লোকটি অনবরত ডাকছে, তবু কেউ তার কাছে ছুটে এলো না। - আমরা আগামীকাল ঢাকা যাচ্ছি ('যাব' অর্থে)। দাঁড়াও, আসছি ('এখনই আসব' অর্থে)।

গ. পুরাঘটিত বর্তমান কাল : ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি।

পুরাঘটিত বর্তমান কালের বিশিষ্ট ব্যবহার :

১. **সাধারণ ভবিষ্যৎ সময় বোঝাতে :** সেও এসেছে ('আসবে' অর্থে), আর আমারও যাওয়া হয়েছে ('যাব' অর্থে)।
২. **অতীত সময় বোঝাতে :**
   i. দশ বছর হলো তার বাবা মারা গেছেন। ii. গত মাসে তাকে দেখেছি।

অতীত কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

অতীত কাল : যে ক্রিয়া আগে ঘটে গেছে, তার কালকে অতীত কাল বলে। যেমন : আমি গিয়েছিলাম। বৃষ্টি আরম্ভ হল। পুলিশ ডাকাতকে গুলি করল। সে স্কুলে গেল। শুনলাম পরীক্ষা পিছিয়ে যাবে। এখন বুঝলাম, তুমি চাঁদা দেবে না।

প্রকারভেদ : অতীত কাল চার প্রকার। যথা :
ক. সাধারণ অতীত খ. নিত্যবৃত্ত অতীত
গ. ঘটমান অতীত ঘ. পুরাঘটিত অতীত

ক. সাধারণ অতীত কাল : বর্তমান কালের পূর্বে যে ক্রিয়া সম্পন্ন হয়ে গিয়েছে, তার সংঘটন কালই সাধারণ অতীত কাল। যেমন : প্রদীপ নিভে গেল। শিকারি পাখিটিকে গুলি করল।

সাধারণ অতীতের বিশিষ্ট ব্যবহার :

১. পুরাঘটিত বর্তমান স্থলে : 'এক্ষণে জানিলাম, কুসুমে কীট আছে।'
২. বিশেষ ইচ্ছা অর্থে বর্তমান কালের পরিবর্তে : তোমরা যা খুশি কর, আমি বিদায় হলাম।

খ. নিত্যবৃত্ত অতীত : অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন : আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম। তিনি প্রত্যহ অফিসে যেতেন।

নিত্যবৃত্ত অতীতের বিশিষ্ট ব্যবহার :

১. **কামনা প্রকাশে :** আজ যদি সুমন আসত, কেমন মজা হতো।
২. **অসম্ভব কল্পনায় :** i. "আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে, দৈবে হতেম দশম রত্ন নবরত্নের মালে।"
   ii. সাতাশ হতো যদি একশ সাতাশ!
   iii. শৈশবের দিনগুলি যদি ফিরে আসত!
৩. **সম্ভাবনা প্রকাশে :** তুমি যদি যেতে, তবে ভালই হতো।

গ. ঘটমান অতীত কাল : অতীত কালে যে কাজ চলছিল এবং যে সময়ের কথা বলা হয়েছে, তখনও কাজটি সমাপ্ত হয়নি, ক্রিয়া সংঘটনের এরূপ ভাব বোঝালে ক্রিয়ার ঘটমান অতীত কাল হয়। যেমন : কাল সন্ধ্যায় বৃষ্টি পড়ছিল। আমরা তখন বই পড়ছিলাম।

ঘ. পুরাঘটিত অতীত কাল : যে ক্রিয়া অতীতের বহু পূর্বেই সংঘটিত হয়ে গিয়েছে এবং যার পরে আরও কিছু ঘটনা ঘটে গেছে, তার কালকে পুরাঘটিত অতীত কাল বলা হয়। যেমন : সেবার তাকে সুদূই দেখেছিলাম।

পুরাঘটিত অতীত কালের বিশিষ্ট প্রয়োগ :

১. **অতীতে সংঘটিত ঘটনার নিশ্চিত বর্ণনায় :** পানিপথের তৃতীয় যুদ্ধে এক লক্ষ সৈন্য মারা গিয়েছিল। আমি সমিতিতে সেদিন পাঁচ টাকা নগদ দিয়েছিলাম।
২. অতীতে সংঘটিত ক্রিয়ার পরম্পরা বোঝাতে শেষ ক্রিয়াপদে পুরাঘটিত অতীত কালের প্রয়োগ হয়। যেমন : বৃষ্টি শেষ হওয়ার পূর্বেই আমরা বাড়ি পৌঁছেছিলাম।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ভবিষ্যৎ কাল ও এর বিশিষ্ট প্রয়োগ

ক. **ভবিষ্যৎ কাল :** যে ক্রিয়া ভবিষ্যতে ঘটবে, তার কালকে ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমি যাব।

প্রকারভেদ : ভবিষ্যৎ কাল তিন প্রকার। যথা : ক. সাধারণ ভবিষ্যৎ খ. ঘটমান ভবিষ্যৎ ও গ. পুরাঘটিত ভবিষ্যৎ

সাধারণ ভবিষ্যৎ কাল : যে ক্রিয়া এখনও ঘটেনি, ভবিষ্যতে ঘটবে এমন বোঝালে, তাকে সাধারণ ভবিষ্যৎ কাল বলে। যেমন : আমি কি গাহিব গান (রজনীকান্ত সেন)। শীঘ্রই বৃষ্টি আসবে।

সাধারণ ভবিষ্যৎ কালের বিশিষ্ট প্রয়োগ :

১. **আক্ষেপ প্রকাশে :** আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে ভবিষ্যৎ কাল ব্যবহার হয়। যেমন : কে জানত, আমার ভাগ্য এমন হবে? সেদিন কে জানত যে ইউরোপে আবার মহাযুদ্ধের ভেরি বাজবে?

২. **সন্দেহ প্রকাশে :** অতীত কালের ঘটনা সম্পর্কিত যে ক্রিয়াপদে সন্দেহের ভাব বর্তমান থাকে, তার বর্ণনায় সাধারণ ভবিষ্যৎ কালের ব্যবহার হয়। যেমন : ভাবলাম, তিনি এখন বাড়ি গিয়ে থাকবেন। তোমারা হয়তো 'বিশ্বনবি' পড়ে থাকবে।

৩. **অনুজ্ঞা ভাব প্রকাশে :** আপনি যাবেন।

ঘটমান ভবিষ্যৎ কাল : যে ক্রিয়া ভবিষ্যতে আরম্ভ হয়ে চলতে থাকবে এমন বোঝায়, তাকে ঘটমান ভবিষ্যৎ কাল বলে। যেমন : তিনি ক্লাসে পড়াতে থাকবেন।

ঘটমান ভবিষ্যৎ কালের ক্রিয়ার রূপ ও প্রয়োগ :

১. **নাম পুরুষ সাধারণ :** -ইতে থাকিবে/-তে থাকবে। (করিতে থাকিবে/করতে থাকবে)।

২. **নাম পুরুষ ও মধ্যম পুরুষ :** -ইতে থাকিবেন/-তে থাকবেন। (করিতে থাকিবেন/করতে থাকবেন)। (সম্ভ্রমাত্মক)

৩. **মধ্যম পুরুষ সাধারণ :** -ইতে থাকিবে/-তে থাকবে। (করিতে থাকিবে/করতে থাকবে)।

৪. **মধ্যম পুরুষ তুচ্ছার্থক :** -ইতে থাকিবে/-তে থাকবি। (করিতে থাকিবি/করতে থাকবি)।

৫. **উত্তম পুরুষ :** -ইতে থাকিব/-তে থাকব। (করিতে থাকিব/করতে থাকব)।

গ. **পুরাঘটিত ভবিষ্যৎ কাল :** ধাতুর সঙ্গে বিভক্তি যুক্ত করে অতীতে বা বর্তমানে কোনো কাজ হয়েছে, এরূপ সন্দেহ বোঝালে ক্রিয়ার পুরাঘটিত ভবিষ্যৎ কাল হয়। ক্রিয়ার রূপটি ভবিষ্যৎবাচক হলেও, অর্থে অতীতকে বোঝায় এবং সন্দেহের ভাবটি বর্তমান থাকে। এজন্য এ কালকে সন্দিগ্ধ অতীত কালও বলে। যেমন : হয়তো কোথাও তোমাকে দেখে থাকবে। তুমি ছাড়া আর কে গিয়ে থাকবে?

পুরাঘটিত ভবিষ্যৎ কালের ক্রিয়ার রূপ ও প্রয়োগ :

১. **ক্রিয়ার রূপ :** পুরাঘটিত ভবিষ্যৎ কালের অর্থ প্রকাশের জন্য মূল ধাতুর সঙ্গে অসমাপিকা ক্রিয়া বিভক্তি -ইয়া/এ যোগ করে এবং যাক্ ও গম্ ধাতুর সঙ্গে সাধারণ ভবিষ্যতের ক্রিয়া-বিভক্তি যুক্ত করে যৌগিক ক্রিয়াপদ তৈরি হয়। যেমন : গিয়ে থাকব/যাইয়া থাকিব।

২. **প্রয়োগ :**

i. পুরাঘটিত ভবিষ্যতের কালরূপ কখনো কখনো বর্তমান সময় নির্দেশ করে। যেমন : এতক্ষণে সে হয়তো পৌঁছে থাকবে।

ii. পুরাঘটিত ভবিষ্যতের কালরূপ সম্ভাব্য অতীত কাল নির্দেশেও সহায়ক। যেমন : কাপটা সম্ভবত নাসিমাই ভেঙে থাকবে। তিনিই সম্ভবত একথা বলে থাকবেন। এখানে একটু সংশয়ের ভাব আছে, কাজেই পুরাঘটিত ভবিষ্যতের তাত্ত্বিক বৈধতা স্পষ্ট নয়।

Part 2 GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

নিত্য অতীতকালের উদাহরণ– [GST-B : 20-21]
Ⓐ তারা একসঙ্গে ঘুরে বেড়াতো Ⓑ সেদিনও দাদি আমাদের গল্প বলছিলেন
Ⓒ সূর্য উঠল Ⓓ স্কুল শেষে শিক্ষার্থীরা বাড়ি গেল

Solve Ⓐ অতীত কালে যে ক্রিয়া সাধারণত অভ্যস্ততা অর্থে ব্যবহৃত হয়, তাকে নিত্যবৃত্ত অতীত কাল বলে। যেমন : আমরা তখন রোজ সকালে নদীর তীরে ভ্রমণ করতাম।

'দাড়াও, বৃষ্টি শেষ হতে না হতেই আমি চলে আসছি।' বাক্যটি কোন কালের উদাহরণ? [MBSTU-D : 19-20]
Ⓐ ভবিষ্যৎ Ⓑ বর্তমান Ⓒ নিত্যবৃত্ত অতীত Ⓓ ঘটমান বর্তমান

Solve Ⓓ যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝানোর জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : হাসান বই পড়ছে।, নীরা গান গাইছে।

এ বছর আমি এসএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়েছি। এ বাক্যের ক্রিয়াপদটি কোন কালের? [BSMRSTU-G: 19-20]
Ⓐ ঘটমান বর্তমান Ⓑ পুরাঘটিত বর্তমান Ⓒ ঘটমান অতীত Ⓓ সাধারণ অতীত

Solve Ⓑ ক্রিয়া পূর্বে শেষ হলেও তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এতক্ষণ আমি অঙ্ক করেছি।

04. নিচের কোন ক্রিয়াপদে মৌলিক কালের প্রয়োগ আছে? [MBSTU-D : 18-19]
Ⓐ করছি Ⓑ করব Ⓒ করছিলাম Ⓓ করেছি

Solve Ⓑ মৌলিক কালে ধাতু স্বয়ং বিভক্তি বা প্রত্যয় ও বিভক্তি থেকে ক্রিয়ারূপ সৃষ্টি করে। সাধারণ বর্তমান, সাধারণ অতীত, সাধারণ ভবিষ্যৎ ও নিত্যবৃত্ত অতীত মৌলিক কাল। যেমন :

সাধারণ বর্তমান	√কর্ + ই = করি, √কর্ + অ = কর, √কর্ + এ = করে।
সাধারণ অতীত	√কর্ + ইল্ + আম = করিলাম > করলাম।
সাধারণ ভবিষ্যৎ	√কর্ + ইব্ + অ = করিব > করব।
নিত্যবৃত্ত অতীত	√কর্ + ইত্ + আম = করিতাম > করতাম।

Part 3 অধ্যায়ভিত্তিক গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

'কে জানে দেশে আবার সুদিন আসবে কি না।' এটি নিত্যবৃত্ত বর্তমান কালের কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ কাব্যের ভণিতায় Ⓑ স্থায়ী সত্য প্রকাশে
Ⓒ অনিশ্চয়তা প্রকাশে Ⓓ ঐতিহাসিক বর্তমান Ans Ⓒ

কোন বাক্যে পুরাঘটিত অতীত কালের ক্রিয়া আছে?
Ⓐ আমরা গিয়েছি Ⓑ সে কি গিয়েছিল?
Ⓒ দেখে এলাম তারে Ⓓ আবার আসিব ফিরে Ans Ⓑ

'এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।' কোন বর্তমান কালের উদাহরণ?
Ⓐ পুরাঘটিত বর্তমান Ⓑ ঘটমান বর্তমান
Ⓒ ঘটমান অতীত Ⓓ পুরাঘটিত অতীত Ans Ⓐ

নিত্যবৃত্ত অতীত কালের উদাহরণ কোনটি?
Ⓐ তুমি পড়তে থাকবে Ⓑ আমি সেখানে যেতাম
Ⓒ তুমি গিয়েছিলে Ⓓ আমি লিখে থাকব Ans Ⓑ

কোনটি সাধারণ অতীত কালের উদাহরণ?
Ⓐ আমরা অঙ্ক করছিলাম Ⓑ বাবা বাড়ি গিয়েছিলেন
Ⓒ আমরা রোজ বেড়াতে যেতাম Ⓓ প্রদীপ নিভে গেল Ans Ⓓ

06. আক্ষেপ বোঝাতে অতীতের স্থলে কোন কাল ব্যবহৃত হয়?
Ⓐ বর্তমান Ⓑ ভবিষ্যৎ Ⓒ ঘটমান অতীত Ⓓ নিত্যবৃত্ত অতীত Ans Ⓑ

07. ক্রিয়া সম্পাদনের সময়কে কী বলে?
Ⓐ ক্রিয়ার প্রকার Ⓑ ক্রিয়ার কাল Ⓒ ক্রিয়ার ভাব Ⓓ ক্রিয়ার ধরন Ans Ⓑ

08. 'আকবর ১৫৫৪ খ্রিস্টাব্দে দিল্লির সিংহাসনে আরোহণ করেন।' এটি কোন কাল?
Ⓐ সাধারণ বর্তমান Ⓑ সাধারণ অতীত
Ⓒ ঐতিহাসিক বর্তমান Ⓓ নিত্যবৃত্ত অতীত Ans Ⓒ

09. 'কপাল মন্দ না হলে, সে সর্বস্ব হারাবে কেন?' 'হারাবে' কোন কাল?
Ⓐ সাধারণ অতীত Ⓑ সাধারণ ভবিষ্যৎ অতীত কালের স্থলে
Ⓒ পুরাঘটিত অতীত Ⓓ সাধারণ বর্তমান Ans Ⓑ

10. 'আমি টিকেট করে রাখব।' 'রাখব' কোন কাল?
Ⓐ পুরাঘটিত ভবিষ্যৎ Ⓑ ঘটমান ভবিষ্যৎ
Ⓒ সাধারণ ভবিষ্যৎ Ⓓ সাধারণ বর্তমান Ans Ⓐ

11. বর্ণিত বিষয় প্রত্যক্ষভূত করতে ক্রিয়ার কোন কাল হয়?
Ⓐ নিত্যবৃত্ত বর্তমান Ⓑ সাধারণ বর্তমান
Ⓒ সাধারণ ভবিষ্যৎ Ⓓ ঘটমান ভবিষ্যৎ Ans Ⓑ

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ব্যাকরণ অংশ

অধ্যায় ১৮

সমার্থক বা প্রতিশব্দ (Synonym)

Part 1

গুরুত্বপূর্ণ তথ্যাবলি

সমার্থক শব্দ : সম + অর্থ + ক = সমার্থক শব্দের অর্থ হলো সমার্থবোধক, সমার্থসূচক, একার্থবোধক, এক বা অনুরূপ অর্থবিশিষ্ট। অর্থাৎ যেসব শব্দ একই অর্থ প্রকাশ করে বা একই অর্থে ব্যবহার করা চলে, তাদের বলা হয় সমার্থক শব্দ বা প্রতিশব্দ। বাংলা বৈয়াকরণিকদের পরিভাষায় সমার্থবোধক শব্দ বা প্রতিশব্দের অর্থ হলো বহু অর্থজ্ঞাপকাত্মী শক্তি, যা দ্বন্দ্ব ও কর্মভেদে ব্যবহৃত হয়। যেমন :

অশরীরী	দেহহীন, অকায়, নৈরাকার, বিদেহ, বিদেহী, অরূপী।
কুহক	মন্ত্র, প্রতারণা, ছলনা, ভ্রম, জাদু, ইন্দ্রজাল।
চতুর	নিপুণ, কুশল, ধূর্ত, ঠগ, চালাক, সপ্রতিভ, বুদ্ধিমান।
জাত	গোত্র, বংশ, কুল, সঞ্জাত, রক্ষিত, শ্রেষ্ঠ, উৎপন্ন, জাতি।
কুমির	নক্র, মকর, ঘড়িয়াল, কুম্ভীর, শিঙ্কচঞ্চু, শজমুখ।

সমার্থক শব্দের গুরুত্বপূর্ণ উদাহরণ

অন্ধকার : আঁধার, আঁধারি, তমস, তমিস্র, তমিস্রা, তিমির, শর্বর, নভাক।
আকাশ : খ, অন্তরীক্ষ, ব্যোম, দ্যুলোক, অম্বর, অভ্র, ত্রন্দসী, নভ।
আলো : জ্যোতি, নূর, প্রভা, আভা, দীপ্তি, ভাস, বিভা, দ্যুতি, প্রদ্যোত।
আগুন : অগ্নি, পাবক, সর্বভুক, বিভাবসু, হুতাশন, কৃষ্ণবর্ত্ম, বায়ুসখা, বহ্নি।
ইন্দ্র : বাসব, সুরেশ, অধিপতি, দেবপতি, দেবরাজ, পাকশাসন।
ঈশ্বর : বিভু, ঈশ, জগন্নাথ, পৃথ্বীশ, অন্তর্যামী, পরেশ, পরমেশ, দীনেশ।
ইচ্ছা : কামনা, বাসনা, বাঞ্ছা, অভিপ্রায়, অভীপ্সা, এষণা, অভিরুচি।
উজ্জ্বল : দীপ্ত, শোভমান, প্রফুল্লিত, ঝলমলে, দীপ্তিমান, প্রদীপ্ত, ভাস্বর।
উগ্র : কোপন, কর্কশ, ক্রুদ্ধ, রূঢ়, তীক্ষ্ণ, ভয়ানক, অত্যুগ্র, উদগ্র।
উষা : প্রাতঃ, বিভাত, নিশান্ত, অহনা, উষসী, প্রাতকাল, প্রভাত, প্রত্যুষ।
ঋত্বিক : যজি, হোত্রী, হোমক, যাজক, যাজ্ঞিক, হোমী, অবিন, সাগ্নিক।
ঐশ্বর্য : সম্পদ, বিত্ত, তোষা, ধনরত্ন, মহিমা, বৈভব, প্রতিপত্তি, প্রভুত্ব।
ঔদ্ধত্য : ধৃষ্টতা, বিরুদ্ধাচরণ, দম্ভ, দেমাক, অবিনয়, উগ্রতা, অবাধ্য।
কন্যা : দুহিতা, দুলালি, তনুজা, দারিকা, তনয়া, পুত্রী, ঝি, নন্দিনী।
কুল : যূথ, বংশ, জাতি, বর্গ, সমূহ, শ্রেণি, জাত, গোত্র, গোষ্ঠী।
কবুতর : রেবতক, নোটন, লোটন, পায়রা, পারাবত, কপোত, লক্কা।
কূল : তট, তীর, কাঁধার, তীরভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার।
কাক : বায়স, বলিভুক, পরভৃৎ, অন্যভৃৎ, কাণুক, বৃক, কাকাল।
কপাল : ললাট, ভাল, ভাগ্য, অলিক, অদৃষ্ট, নিয়তি, গোধি, রগ।
কোকিল : অন্যপুষ্ট, কাকপুষ্ট, পরপুষ্ট, কলকণ্ঠ, পরভৃত, বসন্তদূত, পিক।
খবর : সমাচার, উদন্ত, বার্তা, তথ্য, বিবরণ, সংবাদ, বৃত্তান্ত, সন্দেশ।
গরু : গো, পয়স্বিনী, গাভী, ধেনু।
গাছ : বৃক্ষ, তরু, পাদপ, দ্রুম, পত্রী, স্কন্ধী, পল্লবী, বিটপী, অটবী।
ঘন : ঘোর, নিবিড়, গাঢ়, গভীর, জমাট, অভ্র, মেঘ, বিগাঢ়, সান্দ্র।
ঘর : নিকেতন, আবাস, সদন, প্রকোষ্ঠ, কোষ্ঠ, কাটরা, ঘুপসি।
ঘোড়া : অশ্ব, ঘোটক, হয়, বাজী, তুরগ, তুরঙ্গম, তুরঙ্গ, কাঁকট, বাম্মী।
চোখ : আঁখি, চক্ষু, নেত্র, লোচন, নয়ন, নয়না, দর্শনেন্দ্রিয়, আঁখ, অক্ষি।
চন্দ্র : বিধু, সোম, নিশাকর, শশধর, রাকেশ, ইন্দু, মৃগাঙ্ক, সুধাংশু।
চুল : কেশ, অলক, কচ, কুন্তল, চুলক, শিরোজ, মূর্ধজ, চিকুর, কুন্তলা।
ছবি : আলেখ্য, প্রতিমূর্তি, কান্তি, শোভা, দীপ্তি, পট, চিত্র, নকশা।
জ্যোৎস্না : জোছনা, চন্দ্রালোক, কৌমুদী, চন্দ্রিমা, চন্দ্রিকা, চন্দ্রকর, চন্দ্রসুধা।
জলাশয় : দিঘি, জলা, সরোবর, পুকুর, পুষ্করিণী, হ্রদ, সরস, পল্বল।
জল : অম্বু, অপ, উদক, পয়ঃ, ইরা, ইলা, পুষ্কর, তোয়, নীর, সলিল।
ঠাট্টা : তামাশা, পরিহাস, উপহাস, রসিকতা, মশকরা, বিদ্রূপ।
ঠোঁট : অধর, চঞ্চু, ওষ্ঠাধর, ওষ্ঠ, সৃক্কণী, সৃক্ক, সৃক্কণ, কশ, রদচ্ছদ।
ঢেউ : তরঙ্গ, ঊর্মি, কল্লোল, হিল্লোল, বীচি, লহর, লহরী, মউজ।
দীন : দরিদ্র, নিঃস্ব, গরিব, হীন, অসহায়, দুস্থ, করুণ, অর্থহীন, নির্ধন।
দিন : দিবস, সাধন, অহ্ন, বার, অহনা, দিনরজনী, অহোরাত্র, অহ।
ধবল : সাদা, ধলা, সফেদ, সিত, শ্বেত, শুক্ল, শুভ্র।
নর : লোক, মনুষ্য, পুরুষ, জন, মানব, মানুষ।
নদী : সরিৎ, গিরি-নিঃস্রাব, ধুনী, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী, নির্ঝরিণী।
নারী : রমা, রামা, বামা, অঙ্গনা, কামিনী, তন্বী, শুচিস্মিতা, জনি, কান্তা।
পুত্র : তনয়, ছেলে, তনুজ, দারক, আত্মজ, নন্দন, তনূদ্ভব, স্বজ।
পৃথিবী : মেদিনী, মহি, ক্ষিতি, পৃথ্বী, বসুন্ধরা, অবনী, ধরণী, ভূ, মর্ত্য।
পাথর : প্রস্তর, পাষাণ, শিলা, শিল, উপল, অশ্ম, কাঁকর, কঙ্কর, শর্করা।
পাহাড় : পর্বত, অদ্রি, ভূধর, নগ, অচল, মেদিনীধর, শৈল, ক্ষিতিধর।
পদ্ম : নলিন, নলিনী, উৎপল, অরবিন্দ, কোকনদ, ইন্দিবর, কঞ্জ।
পাখি : পক্ষী, বিহগ, বিহঙ্গ, দ্বিজ, খেচর, খগ, পতত্রী, কণ্ঠাগ্নি, উৎপত।
ফুল : পুষ্প, কুসুম, প্রসূন, মুঞ্জরি, পুষ্পক, সুমন, মণীবক।
বধূ : পত্নী, অঙ্গনা, কলত্র, জায়া, স্ত্রী, গিন্নি, দারা, বনিতা, ভার্যা।
বন্যা : প্লাবন, আপ্লাব, বিপ্লাব, প্লাব, জলোচ্ছ্বাস, সমপ্লাব, বান।
বাতাস : পবন, মরুৎ, অনিল, বাত, প্রভঞ্জন, জগদ্বল, নভস্বান, সমীর।
বন : অরণ্য, জঙ্গল, বিপিন, কানন, অরণ্যানী, অটবী, ঝোপজঙ্গল।
বোন : স্বসা, ভগিনী, ভগ্নী, সহোদরা, জামি, বহিন, সোদরা।
বিদ্যুৎ : দামিনী, ক্ষণপ্রভা, সৌদামিনী, চিকুর, চপলা, তড়িৎ, অচির।
ভ্রমর : অলি, শিলীমুখ, ভ্রমরক, দ্বিরেফ, ভোমরা, ভৃঙ্গ, মধুলেহ।
মাতা : জননী, অম্বালা, অম্বিকা, অম্বা, প্রসূতি, জনিকা, মা, জনী।
মেঘ : বলাহক, অম্বুদ, বারিদ, নীরদ, জলদ, পয়োদ, পয়োধর, জীমূত।
মৌমাছি : মধুমক্ষিকা, মধুকর, মধুপ, মধুলিট, মধুজীব, মধুকৃৎ, মধুলেহ।
মোরগ : কুক্কুট, অগ্নিচূড়, পেরু, টার্কি, বন মোরগ, বন কুক্কুট, কুক্কুটী।
যুদ্ধ : আহব, বিগ্রহ, সমর, সমীক, যুঝ, প্রঘাত, রণ, সম্মর্দ, সংযুগ।
রাত্রি : অমা, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশীথিনী, ক্ষণদা, নিশীথ, তমা।
রাজা : ভূপ, নৃপ, ক্ষিতীশ, মহীশ, নরেন্দ্র, ভূপার, নরেশ, নৃপমণি।
শত্রু : বৈরী, অরি, অরাতি, রিপু, দুশমন, অমিত্র, অবন্ধু, প্রতিপক্ষ।
শিখর : অগ্র, শীর্ষ, চূড়া, পর্বতশৃঙ্গ, উপরিভাগ, শীর্ষদেশ।
শরীর : দেহ, অঙ্গ, গা, গাত্র, বপু, তনু, গতর, কন্ধ, অঙ্গক, বর্ষ।
ষণ্ড : ষাঁড়, বদল, বৃষভ, ঋষভ, শাক্তর, শন্ড, বৃষ, দামড়া, গোনাথ।
সূর্য : আফতাব, মিহির, অর্ক, বালার্ক, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা।
সমুদ্র : রত্নাকর, অম্বুধি, জলধি, বারিধি, উদধি, পয়োধি, অর্ণব, প্রচেতা।
সিংহ : পশুরাজ, হর্যক্ষ, মৃগেন্দ্র, মৃগরাজ, মৃগপতি, কেশরী, সিংহী।
স্বর্গ : সুরসদ্ম, সুরসভা, দণ্ডিক, ধ্রুবলোক, সুরালয়, ত্রিদিব, দ্যুলোক।
স্বর্ণ : কাঞ্চন, কনক, হেম, হিরণ্য, সুবর্ণ, হিরণ, কর্বুর, মহাধাতু।
সাপ : সর্প, ভুজগ, ভুজঙ্গ, উরগ, পন্নগ, অহি, উরঙ্গ, দ্বিরসন, ভুজঙ্গম।
হস্ত : ভুজ, হস্তক, পাণি, কর, বাহু, হাত।
হরিণ : সারঙ্গ, কুরঙ্গম, সুনয়ন, ঋষ্য, মৃগ, কুরঙ্গ।
হাতি : করী, দ্বিপ, কুঞ্জর, দন্তী, দ্বিরদ, ঐরাবত, মাতঙ্গ, গজ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Part 2 GST ভাষা/ভাষাভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের প্রশ্নোত্তর

61. 'সমান' কোন শব্দের বিপরীত হিসেবে ব্যবহার করা হয়? [GST-B 22-23]
(A) হীন (B) নীচু
(C) অসমান (D) সমতুল

Solve 'সমান' শব্দের সমার্থক শব্দ : হীন, চলিত, অসমান, অসদৃশ, অসাধারণ ইত্যাদি।

62. 'অন্ধ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [GST-B 21-22]
(A) অনুদার (B) অজ্ঞতা
(C) বিচক্ষণ (D) প্রতিবন্ধীকরণ **Ans: C**

63. 'ইদুরজাল' শব্দের সমার্থক শব্দজোড় কোনটি? [GST-B 20-21]
(A) ইঁদুর, জাদু (B) কুহক, মায়া
(C) জাদু, ভূমি (D) ফোলানি, ফোলা

Solve 'ইন্দ্রজাল' এর কতিপয় সমার্থক শব্দ : জাদু, ভোজবাজি, ভেলকি, মায়া, মায়া, কুহক, ফাঁকিবাজি, ধাঁধা, ফোঁকা, ভেঁকিবাজি, ধাঁধা, ধাঁধাবাজি, প্রতারণা, সম্মোহন।

64. 'পর্বত' এর সমার্থক শব্দ নয় কোনটি? [GST-A 20-21]
(A) শৈল (B) অদ্রি (C) ভূমিভৃৎ (D) ভাজন

Solve কতিপয় গুরুত্বপূর্ণ সমার্থক শব্দ :

পর্বত	অচল, ভূমিভৃৎ, গ্রাবা, গিরি, শৈল, ধরাধর, অদ্রি।
পাহাড়	পাহাড়, অদ্রি, কুধর, ধরাধর, নগ, ভূধর, ভূমিধর, শৈল।

65. 'চিত্ত' শব্দটির সমার্থক শব্দ কোনটি? [Gen-C 19-20]
(A) মন (B) হৃদয় (C) অন্তর (D) প্রাণ

Solve 'আকাশ' এর কতিপয় প্রতিশব্দ : অম্বু, ইন্দিরেয়, শশক, অম্বুচর, বিহায়স, সমীরণ, বৈশুমান, হরিদশ, কৃষানু, বায়ুসখ, হেমাম্বু, বারি।

66. 'মুগলুব্ধ' শব্দটির অর্থ কী? [B-A 19-20]
(A) বাঘ (B) শব্দভেদী তির (C) শিকারে পটিয়ন (D) হরিণ

Solve 'সাহস' কতিপয় সমার্থক শব্দ : হরিষ, কেশরী, হরি, শার্দুল, বনরাজ।

67. 'অনল' শব্দের সমার্থক শব্দ কোনটি? [E-B 19-20]
(A) পানি (B) বাতাস (C) [illegible] (D) মাটি

Solve 'অনল' এর কতিপয় সমার্থক শব্দ : বহ্নি, সর্চিষ, শমন, অনিল, বাহন, হোতা, মাতরি, মাতরিশ, সপ্তার্চি, শুচিবহ।

68. 'আকাশ' শব্দের সমার্থক শব্দ কোনটি? [B.A.N.E. E 19-20]
(A) শাস্ত্র (B) শাস্ত্র (C) শাস্ত্র (D) নিশাকর

Solve আকাশ শব্দের কতিপয় সমার্থক শব্দ : ব, অন্তরীক্ষ, ত্রোম, পুষ্কর, অক্ষ, নভ, ঈহিষ, ইষর, আসমান, আসমান, অম্বর, পুষ্কর, ত্রিদিব, দ্যুলোক, ত্রিদশালয়, নভ, শতমন্যু, গগন।

69. 'সমুদ্র' - এর সমার্থক নয় কোনটি? [SHUBD-B 19-20]
(A) বারীশ (B) অর্ণব
(C) উদধি (D) জলনিধি

Solve সমুদ্র এর কতিপয় সমার্থক শব্দ : রত্নাকর, অম্বুধি, জলধি, বারিধি, উদধি, পয়োধি, অর্ণব, জলনিধি, বারীশ্বর, বারীশ, নীলাম্বু, অম্বুনিধি, রত্নাকর, মকরালয়, জলনাথ, অম্বুপ, জলনাথপতি, অম্বুপতি, অম্বুধি, অম্বুপ, অম্বুমান, পয়োনিধি, মহার্ণব, ইরাবান, নদীকান্ত, ইলা, উর্মিমালী।

70. 'চন্দ্র' শব্দের সমার্থক নিচের কোনটি? [MBSTU-D 19-20]
(A) সবিতা (B) অংশুমান
(C) বিভাবর (D) রাকেশ

Solve চন্দ্র এর কতিপয় সমার্থক শব্দ : বিধু, সোম, নিশাকর, শশধর, সুধাংশু, রাকেশ, নিশানাথ, ইন্দু, মৃগাঙ্ক, দ্বিজরাজ, কলাধর, সুধাকর, নিশাকান্ত, হাকা, শীতাংশু, সুধাকর, হিমাংশু, রজনীকান্ত, কৌমুদীপতি, কুমুদপতি, তারানাথ, তারাধিপ, তারাপতি, সিতকর।

71. 'হর' শব্দের সমার্থক শব্দ কোনটি? [B-SST-B 19-20]
(A) হরি (B) ভোলা
(C) ভাস্কর (D) হরিণ

Solve ভোলা শব্দের কতিপয় সমার্থক শব্দ : ভব, গোরিক, হর, ভর্গ, ভূতেশ, ভূতনাথ, ঈশান, ভূতনাথ, ভূতপতি, ভূতাত্মা, ভীকাই, শর্বা।

72. কোনটি 'পৃথিবী' শব্দের সমার্থক? [RU-A 18-19]
(A) অমরা (B) প্রসূতি
(C) ভূমি (D) অবনিস্থ

Solve 'পৃথিবী' এর সমার্থক শব্দ : ধরিত্রী, মেদিনী, ক্ষিতি, পৃথ্বী, ভূমি, বসুমতী, অবনি, ধরণী, ভূ, ধরণী, ইলা, ধরণী, বসুমতী, ত্রিলোক, ভূমি।

73. কোনজোড়া 'আকাশ' শব্দের প্রতিশব্দ? [BRUR-A 18-19]
(A) ভূমি, পৃথিবী (B) অন্তরাল, পিয়াস
(C) অন্তরাল, পিয়াস (D) পৃথিবী, প্রবাহিনী

Solve 'আকাশ' এর কতিপয় প্রতিশব্দ : ভূমি, ভট, ভীতি, জলপ্রপাত, ঈশান পড়ুয়া ভাল।

74. কোনটি 'চন্দ্র' শব্দের প্রতিশব্দ নয়? [KKNIU-AP 18-19]
(A) অর্ক (B) শশধর
(C) হিমাংশু (D) সুধাকর

Solve কতিপয় সমার্থক শব্দ :

পৃথিবী	ক্ষিতি, ধরিত্রি, বসুধা, ধরা, মেদিনী, পৃথ্বী, ধরণী।
সূর্য	অর্কিত্য, ভাস্কর, অর্ক, বিভিন্ন, অংশু, দিবেশ, ধার্তিক।
চন্দ্র	শশধর, শশবিন্দু, হাকা, রাকেশ, সুধাংশু, সিতকর।

75. কোনটি 'আকাশ' শব্দটির সমার্থক শব্দ নয়? [KKNIU-AP 18-19]
(A) অম্বর (B) বিমান
(C) ব্যোম (D) শশধর

Solve কতিপয় সমার্থক শব্দ :

শশধর	চাঁদ, ইন্দু, শশী, শশাঙ্ক, সুধাকর, হিমাংশু, বিধু।
শঙ্খ	পুষ্কর, ইন্দীবর, কুবলয়, নলিনী, উৎপল, শতদল।
আকাশ	অম্বু, শারক, সর্বতুক, বিভাবসু, ঘনাম্বু, বারি।

76. 'নীড়' কোন শব্দের সমার্থক শব্দ? [KKNIU-D 18-19]
(A) নিবা (B) ধরা
(C) ঠাঁই (D) জল

Solve কতিপয় সমার্থক শব্দ :

নিবাস	নিড়, নিলয়ান, চঞ্চলগামিনী, অবন, অক্ষ।
পৃথিবী	ধরা, ধরণি, অবনি, ক্ষিতি, মহী, ইলা, সংসার।
বৃক্ষ	গাছ, পাদপ, বিটপী, দ্রুম, শিখরী, পলী, শৃঙ্গী, তরু।

77. নিচের কোনটি 'ইতি' শব্দের সমার্থক নয়? [SHUBD-B 18-19]
(A) বটম (B) সাঙ্গ
(C) অন্ত (D) অমা

Solve 'ইতি' শব্দের আরও কয়েকটি সমার্থক শব্দ : শেষ, সমাপ্তি, ছেদ। 'ইতু' শব্দের অর্থ সূর্য।

78. 'কন্যা' শব্দের সমার্থক নয় কোনটি? [MBSTU-D 18-19]
(A) দুহিতা (B) তনয়া
(C) আত্মজ (D) ঝি

Solve কতিপয় সমার্থক শব্দ :

কন্যা	দুহিতা, তনয়া, মেয়ে, দুলালি, তনুজা, দারিকা, পুত্রিকা, তনয়া, বেটি, ঝিয়ারি, পুত্রী, ঝি, নন্দিনী।
আত্মজ	ছেলে, পুত্র, তনয়, নন্দন, দুলাল, তনুজ, পুত, স্বজ, দারক।

19. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক নয়? [JUST-E : 18-19]

Ⓐ বারিধি Ⓑ অর্ণব
Ⓒ তরঙ্গিণী Ⓓ জলধি

Solve কতিপয় সমার্থক শব্দ :

সমুদ্র	রত্নাকর, অম্বুধি, জলধি, বারিধি, উদধি, পয়োধি, অর্ণব, জলনিধি, পারাবার, নীলাম্বু, অম্বুনিধি, প্রচেতা, অম্বুমান, পয়োনিধি।
নদী	সরিৎ, গিরি-নিঃস্রাব, তটিনী, তরঙ্গিণী, শৈবলিনী, অপগা, বারিৎ, নির্ঝরিণী, সমুদ্রকান্তা, মন্দাকিনী, কল্লোলিনী, পয়স্বিনী।

20. নিচের কোনটি অমিল? [BSMRSTU-D : 18-19]

Ⓐ আদিত্য Ⓑ পৃথ্বী
Ⓒ ক্ষিতি Ⓓ মহী

Solve 'আদিত্য' অর্থ সূর্য। অপরদিকে পৃথ্বী, ক্ষিতি, মহী পৃথিবীর প্রতিশব্দ।

21. নিচের কোনটি 'অশ্ব' শব্দের প্রতিশব্দ নয়? [BSMRSTU-G : 18-19]

Ⓐ বাজী Ⓑ খগ
Ⓒ হয় Ⓓ তুরগ

Solve 'অশ্ব' শব্দের প্রতিশব্দ : ঘোড়া, ঘোটক, হয়, বাজী, তুরগ, তুরঙ্গম, সৈন্ধব, মরুদ্রথ, টাঙ্গন, তুরঙ্গ, কীকট, বামী। উল্লেখ্য, 'খগ' শব্দের প্রতিশব্দ 'পাখি'।

22. 'বহিত্র' এর সমার্থক শব্দ নয় কোনটি? [SUST-A : 17-18]

Ⓐ নৌকা Ⓑ পোত Ⓒ বৈঠা
